




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 30 September, 2023 ■ আগরতলা ৩০ সেপ্টেম্বর ২০২৩ ইং ■ ১১ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# প্রধানমন্ত্রী আজ সপ্তাহব্যাপী কর্মসূচির সূচনা করবেন



**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুনদিল্লিতে উচ্চাকাঙ্ক্ষী ব্লকগুলির জন্য সংকল্প সপ্তাহ নামে একটি অনন্য সপ্তাহব্যাপী কর্মসূচির সূচনা করবেন। এই কর্মসূচির মাধ্যমে নাগরিকদের জীবনযাত্রার মান ও ব্লক স্তরে শাসনের মান উন্নত করার লক্ষ্য ধার্য্য করা হয়েছে। নতুনদিল্লির ভারত মণ্ডপপে সারা দেশ থেকে প্রায় তিন হাজার পঞ্চায়েত এবং ব্লক-স্তরের জনপ্রতিনিধি এবং কর্মীরা এই অনুষ্ঠানের উপস্থিত থাকবেন। এছাড়াও, ব্লক এবং পঞ্চায়েত স্তরের কর্মীরা এবং কৃষক সহ প্রায় দুই লক্ষ মানুষ এই কর্মসূচিতে যোগ দেবেন। আগামী মাসের ৩ থেকে ৯ তারিখ পর্যন্ত দেশের ৩২৯টি জেলার ৫০০ টি উচ্চাভিলাষী ব্লকের সবকটিতেই সংকল্প সপ্তাহ পালন করা হবে। প্রথম ছয় দিনের বিষয়গুলির মধ্যে রয়েছে সমগ্র স্বাস্থ্য, সুপোষিত পরিবার, স্বচ্ছতা, কৃষি, শিক্ষা এবং সমৃদ্ধি দিবস। সপ্তাহের শেষ দিনটিতে সংকল্প সপ্তাহ - সমাবেশ সমারোহ বা পুরো সপ্তাহের কাজের উদযাপন করা হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ১লা অক্টোবর সকাল ১০ টায় দেশ একটি গুরুত্বপূর্ণ পরিচ্ছন্নতা কর্মসূচির জন্য একত্রিত হবে।সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, একটি স্বচ্ছ ভারত সবার সমান দায়িত্ব এবং প্রতিটি কাজই গুরুত্বপূর্ণ। তিনি পরিচ্ছন্ন ভবিষ্যতের সূচনার জন্য এই মহৎ প্রচেষ্টায় যোগ দিতে সকলের প্রতি আহ্বান জানান।

স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) দ্বিতীয় ধাপে ১০০ শতাংশ গ্রাম ওডিএফ প্লাস মর্যাদা অর্জনের জন্য উত্তরপ্রদেশকে অভিনন্দন জানিয়ে তিনি বলেন, মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকীর ঠিক আগে, উত্তরপ্রদেশের এই অভূতপূর্ব অর্জন সমগ্র দেশকে অনুপ্রাণিত করবে। তিনি বলেন, পরিচ্ছন্নতার ক্ষেত্রে অব্যাহত প্রচেষ্টা নারীর সম্মানের পাশাপাশি পরিবারের সকল সদস্যের স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## বোধজংনগরে বাঁশ ভিত্তিক কারখানা উদ্বোধন

# শান্তি আছে বলেই রাজ্যে নতুন শিল্প গড়ে উঠছে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** ত্রিপুরায় এখন শান্তির পরিবেশ বিরাজ করছে। শান্তি হলো শিল্প স্থাপনের মূল বিষয়। শান্তি আছে বলেই ত্রিপুরাতে নতুন নতুন শিল্প গড়ে উঠছে। আজ বোধজংনগর শিল্পনগরীতে ১০০ জন যুবক যুবতীদের শিল্প স্থাপনের অভি'তা স'য়মূলক ভ্রমণ ও উৎসাহবর্ধক কর্মশালার উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। তিনি বলেন, রাজ্যের অর্থনীতির বিকাশে শিল্প স্থাপনে উদ্যোগীদের উৎসাহিত করা হচ্ছে। শিল্প স্থাপনের প্রাথমিক শর্ত হচ্ছে উন্নত যোগাযোগ ব্যবস্থা স্থাপন। রাজ্যে এখন সড়ক, রেল, বিমান ইত্যাদি যোগাযোগ ব্যবস্থা খুব উন্নত। তাই রাজ্যের শিল্পোদ্যোগী থেকে শুরু করে বহির্রাজ্যের শিল্পোদ্যোগীরাও ত্রিপুরায় শিল্প গড়তে আগ্রহ দেখাচ্ছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হীরা মডেল ত্রিপুরায় ফলপ্রসূ হয়েছে। খুব শীঘই আগরতলা-আখাউড়া রেল সংযোগ চালু হবে। এতে বাংলাদেশের সাথে রেলপথে যোগাযোগ স্থাপিত হবে। এই যোগাযোগ ব্যবস্থা উভয় দেশের মধ্যে শিল্প ও বাণিজ্যের প্রসারে সহায়ক ভূমিকা নেবে।

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, সরকার রাজ্যের সার্বিক বিকাশ ও মানুষের কল্যাণে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সুদক্ষ নেত'ত্বে উত্তর পূর্বা'লের রাজ্যগুলি এখন দ্রতগতিতে উন্নতির পথে এগিয়ে চলেছে। আমাদের রাজ্যে এখন শিল্প স্থাপনের অনুকূল পরিবেশ রয়েছে। মুখ্যমন্ত্রী ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের যুব ত্রিপুরা, নতুন ত্রিপুরা ও আত্মনির্ভর ত্রিপুরা কর্মসূচিতে প্রতিটি জেলা থেকে ১০০ জন করে যুবক যুবতীকে অভি'তা স'য়ের জন্য রাজ্যের শিল্পনগরীগুলিতে ভ্রমণ ও উৎসাহবর্ধক কর্মসূচির প্রশংসা করেন। তিনি বলেন, এই ধরনের কর্মসূচিতে বেকার যুবক যুবতীরা শিল্প স্থাপনের অনুপ্রেরণা পাবে। তিনি বলেন, ছোট ছোট শিল্প স্থাপন করেই ভবিষ্যতে বড় শিল্পপতি হওয়া যায়। বোধজংনগরের বাঁশের তৈরি টাইলস দিল্লিতে নতুন সংসদ ভবনে লাগানো হয়েছে। তা ভাবলে গর্ববোধ হয়। রাজ্যের যুবক যুবতীদের যদি সঠিক দিশা দেখানো যায় তাহলে ত্রিপুরার চেহারা পাল্টে যাবে। সবার চেষ্টায় ত্রিপুরা মডেল রাজ্য হিসেবে গড়ে উঠবে। তিনি ইউনিটি মলের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, রাজ্যে সহসাই একটি ইউনিটি মল গড়ে উঠবে। যেখানে প্রতি জেলার পণ্য বিক্রয় ও প্রদর্শিত হবে।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে যুবক যুবতীদের অনুপ্রেরণা দিচ্ছে। যাতে করে তারা নিজের পায়ে দাঁড়াতে পারে। শিল্প স্থাপনে রাজ্যের মহিলাদেরও উৎসাহিত করা ☛ ৬ এর পাতায় দেখুন

## হুক লাইন ব্যবহারে বিরত থাকার আহ্বান মন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, আসন্ন দূর্গোৎসবের দিনগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য রাজ্য সরকার সব রকমের উদ্যোগ নিয়েছে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্যে বিদ্যুৎ উৎপাদন, বিদ্যুৎ সরবরাহের সঙ্গে যুক্ত কর্মকর্তা, ইঞ্জিনিয়ারদের নিয়ে এক পর্যালোচনা বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎমন্ত্রী একথা বলেন। পর্যালোচনা বৈঠকে রাজ্য সরকারের বিদ্যুৎ সচিব অভিষেক সিং, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের এম ডি দেবাশীষ সরকারসহ নিগমের অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। বিদ্যুৎ মন্ত্রী জানান, আসন্ন শারদ উৎসবে রাজ্যে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা *৩৮০ মেগাওয়াট* হতে পারে নির্ধারণ করে বিদ্যুতের যোগানের বন্দোবস্ত করা হয়েছে। এর জন্য অতিরিক্ত বিদ্যুৎ কিনতে ২ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। বিদ্যুৎমন্ত্রী বলেন, গত বছর শারদীয়া দুর্গোৎসবের পঞ্চমী তিথিতে বিদ্যুতের চাহিদা সর্বোচ্চ বেড়ে হয় *৩৩২.৭০* মেগাওয়াট। এছাড়া এবছর অত্যধিক গরমের জন্য গত *৭ই জুন* রাজ্যে বিদ্যুতের চাহিদা সর্বোচ্চ বেড়ে হয় *৩৬২* মেগাওয়াট। তিনি জানান, পরিবেশের ছাড়পত্রের অভাবে বন্ধ হয়ে থাকা রুখিয়ার ২১ মেওয়াটের তৃতীয় ইউনিটটি শারদ উৎসবের আগেই চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি পূজো উদ্যোক্তাদের উদ্দেশ্যে আহ্বান রেখে বলেন, টেমপোরারী ☛ ৬ এর পাতায় দেখুন

# কর্মসংস্থানের দাবিতে যুবকদের লড়াইয়ের ডাক দিলেন মানিক



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** বেকার সমস্যা দূর করতে যুবকদের লড়াই চালিয়ে যাওয়ার আহ্বান জানালেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিআইএম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য মানিক সরকার। আজ প্যারাডাইস চৌমুহনীতে ডিওয়াইএফআই এবং টি ওয়াই এফ আই এর যৌথ উদ্যোগে আয়োজিত যুব জমায়েতে প্রধান বক্তা হিসাবে ভাষণ রাখেন শ্রী সরকার। তিনি বলেন নেশার কবল থেকে সমাজকে রক্ষা করতে যুবকদেরও দায়িত্ব নিতে হবে। এর সঙ্গে দ্রব্যমূল্য বৃদ্ধি রোগ লড়াই চালিয়ে যেতে হবে। ভাষণ রাখতে গিয়ে সিপিআইএম রাজ্য কমিটির সম্পাদক জিতেন্দ্র চৌধুরী বলেন, যৌক্তিকতা ছাড়া মথার ডাকা বন্ধকে আমরা সমর্থন করি না। এদিন জমায়েতের আগে শহরে মিছিল করা হয় দুই বামপন্থী যুব সংগঠনের উদ্যোগে।

## আজ এডিসি এলাকায় ১২ ঘন্টার বন্‌ধ

# মথার বন্‌ধের বিরোধীতা বিজেপি ও সিপিএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** তিপ্রা মথার ডাকা ১২ ঘন্টার এডিসি বনধ মানবে না রাজ্য সরকার। অন্যান্য দিনের মতোই চলবে রাজ্য সরকার পরিচালিত এডিসি এলাকার বিভিন্ন দপ্তর। এক বিবৃতিতে রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে শনিবার অন্যান্যদিনের মতোই বিভিন্ন সরকারী কাজ অব্যাহত থাকবে। বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, এডিসি এলাকার আওতায় যত সরকারী অফিস, সরকারী স্বীকৃতি প্রাপ্ত সংস্থা রয়েছে সবগুলিতে অন্যান্যদিনের মতই যেন কাজ অব্যাহত থাকে। প্রত্যেক কর্মচারীকে নির্দিষ্ট সময়ে অফিসে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। তবে যেকোনো সরকারী অফিস বা সরকারী স্বীকৃতি প্রাপ্ত সংস্থার কর্মীর উপর বনধকে কেন্দ্র করে কোনো ধরনের হিংসার ঘটনা ঘটলে বিষয়টিকে গুরুত্ব সহকারে দেখা হবে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। এদিকে সকল সরকারী অফিস, সরকারী স্বীকৃতি প্রাপ্ত সংস্থার কর্মীদের উপস্থিতির রিপোর্ট শনিবার দুপুর ১২ টার মধ্যে জেনারেল এডমিনিস্ট্রেশন(এ.আর) দপ্তরে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। এদিকে পুলিশ আধিকারিকদেরও কর্মচারীদের ওই দিন নিরাপত্তা প্রদান ও আইনের শাসন কায়েম রাখার বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে নির্দেশ দেওয়া হয়েছে।



৩০ সেপ্টেম্বর সাংবিধানিক দাবি আদায়ের জন্য তিপ্রা মথা এডিসি এলাকায় ১২ ঘন্টার বনধ ডেকেছে। শুরু হয়েছে বিদ্যালয় গুলিতে পরীক্ষা। ৩০ সেপ্টেম্বর ছাত্র ছাত্রীদের পরীক্ষা ছিল। কিন্তু এদিন বনধের জন্য পরীক্ষা পিছিয়ে করা হয়েছে আগামী ১ নভেম্বর। যার ফলে ছাত্রছাত্রী ও অভিভাবক মহলে চরম ক্ষোভের সঞ্চার হয়েছে। অপরদিকে পূজার মরশুম। ব্যবসায়ীরা ব্যস্ত তাদের ব্যবসা নিয়ে। এর মধ্যে দিনের অধিক সময় বনধে ব্যাপক সমস্যায় পড়বে ব্যবসায়ীরা। আর এই সব কিছু চিন্তা করে সিপিআইএম তথা বামফ্রন্ট বনধের বিরোধিতা করার জন্য জনগণের কাছে দাবি জানিয়ে বিবৃতি প্রকাশ করেছে। ৩০ শে সেপ্টেম্বর তিপ্রা মথার উদ্যোগে পালিত হবে ১২ ঘন্টার ☛ ৬ এর পাতায় দেখুন

## রাষ্ট্রপতির অনুমোদন পেল মহিলা সংরক্ষণ বিল

**নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স) :** গত সপ্তাহে সংসদে পাস হওয়া মহিলা সংরক্ষণ বিল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সম্মতির পরে আইনে পরিণত হয়েছে। "নারী শক্তি বন্দন আইন"-এ লোকসভার পাশাপাশি রাজ্য বিধানসভাগুলিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের বিধান রয়েছে। এটি রাজ্যসভায় সর্বসম্মতিক্রমে পাস করা হয়েছিল । এই আইন নতুন সংসদ ভবনে পাশ হওয়া প্রথম আইনে পরিণত হয়েছে । ২০ সেপ্টেম্বর বিলটি পাস হয়, ৪৫৩ জন সদস্য আইনটির পক্ষে এবং দুইজন এর বিপক্ষে ভোট দেন। বিরোধী সদস্যদের আনা সংশোধনী এতে খারিজ হয়ে যায়। এই আইনে কোটার দাবি জানিয়ে আসছিল বিরোধীরা। বিরোধীরা বলেছিল, যদি এই আইনে কোটা প্রয়োগ না করা হয়, অর্থাৎ ওবিসি এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলাদের সংরক্ষণ না করা হয়, তবে সেই শ্রেণীর মহিলারা সংসদ ও বিধানসভায় প্রতিনিধিত্ব করবেন না । বিলটি কেবল বৈষম্যের দিকে নিয়ে যাবে। একই সঙ্গে বিলটিকে স্বাগত জানিয়েছেন বিরোধী দলের কয়েকজন নেতা।

## পুলিশের মাঝারি স্তরে রদবদল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** রাজ্য পুলিশের মাঝারি স্তরে রদবদল ঘটানো হয়েছে। মোট ২৩ জনের নাম রয়েছে এই বদলীর তালিকায়। রাজ্য পুলিশের এ ডি জি অনুরাগ-কে আইন শৃঙ্খলার এডিজির দায়িত্ব দেওয়া হয়েছে। এ ডি জি সৌরভ ত্রিপাঠি কে হেড কোয়ার্টারের দায়িত্ব দেওয়া হয়েছে।

# দলে নতুন মুখ আনতে বি এল সন্তোষ সকাশে প্রদেশ সভাপতি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** রাজ্যের মালিকানাধীন পিএসইউ এবং কমিশনগুলিতে নতুন মুখের আনতে চলেছে বিজেপি, এক ব্যক্তি এক পদ নীতিটি অক্ষরে অক্ষরে অনুসরণ করা হবে, এমনটাই জানিয়েছে বিজেপি। নতুন নিয়োগগুলিকে নিয়ে হাইকমান্ডের অনুমোদন পাওয়ার জন্য, বিজেপি প্রদেশের সভাপতি রাজীব ভট্টাচার্য আজ নয়াদিল্লিতে বিজেপির জাতীয় সাধারণ সম্পাদক সংস্থা বিএল সন্তোষের সাথে দেখা করেছেন।

সূত্রের খবর, "মহিলা মোর্চা, কিষাণ মোর্চা, জনজাতি মোর্চা এবং যুব মোর্চা-এর মতো বেশ কয়েকটি দলের ফ্রন্টাল উইংয়ের প্রধানদের প্রতিস্থাপন করা দরকার কারণ এই পদে থাকা বর্তমান নেতারা ইতিমধ্যেই বিভিন্ন ভাল পদে নিয়োগ পেয়েছেন। জনজাতি মোর্চার সভাপতি বিকাশ দেববর্মা রাজ্য মন্ত্রী পরিষদে আদিবাসী কল্যাণ মন্ত্রী।

এক নেতা এক পদ নীতি বাস্তবায়নের জন্য, নতুন মুখ আনতে তাদের সাংগঠনিক একাধিক পদ থেকে মুক্তি দিতে হবে। এভাবেই বিজেপি সংগঠনে নতুন প্রতিভা গুলি এগিয়ে আসবে।

সূত্রের খবর অনুযায়ী, যুব নেতা ভিকি প্রসাদ দলের যুব শাখার নতুন সভাপতি হিসাবে নিযুক্ত হতে চলেছেন। বর্তমানে, ভিকি প্রসাদ ভারতীয় ☛ ৬ এর পাতায় দেখুন

# পূজার চাঁদা নিয়ে জুলুমবাজি, গাড়ি চালককে মারধোর, লুটপাট

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৯ সেপ্টেম্বর।।** দুর্গাপূজা আসলেই পূজার চাঁদা নিয়ে ক্লাবগুলির জুলুমবাজি চূড়ান্ত আকার ধারণ করে। প্রতিবছর রাজ্যের মন্ত্রিপরিষদের সদস্যরা এবং প্রশাসনিক কর্মকর্তারা বিভিন্ন ক্লাব কর্তৃপক্ষের সাথে বারে বারে সভা করে স্থির করে যে পূজার চাঁদা নিয়ে কোন ধরনের জুলুমবাজি বরদাস্ত করা হবে না। তারপরও প্রতিবছর জুলুমবাজি চূড়ান্ত হারে বেড়েই চলেছে। বৃহস্পতিবার রাত্র নয় টা থেকে শুরু হয় পানিসাগর মহাকুমার জলেবাসা এলাকায় গাড়ি আটকে চাঁদা নিয়ে জুলুমবাজের নগ্ন চিত্র। জলেবাসা গ্রাম পঞ্চায়েতের প্যারাডাইস ক্লাব রাত ৯ টার দিকে টিআর-০৬-১৫৭২ নম্বরে একটি বলেরো গাড়িকে আটক করে। এই গাড়িতে ১০০ কার্টুন বার্মিজ সিগারেট ছিল। এই বার্মিজ সিগারেটের মালিক আগরতলার রাজিব দাস। গাড়ি চালক এনাম উদ্দিন(৩০), বাড়ি নদীয়াপুর শনিছড়াতে। তাকে আটক করে ৫ লক্ষ টাকা চাঁদা দিতে হবে বলে প্যারাডাইস পূজা কমিটির সদস্যরা দাবি করে। এই সিগারেট দামছড়ার পেট্রোল পাম্প সংলগ্ন এলাকা থেকে লোড করা হয়। প্রায় পাঁচ লক্ষ টাকার বার্মিজ সিগারেট গাড়িতে ছিল। কিন্তু অনেক রাত পর্যন্ত চাঁদা নিয়ে দরদাম চলতে থাকে। এত টাকায় চাঁদা কোনমতেই মালিকপক্ষ দিতে না চাওয়ায় চালক এনাম উদ্দিনকে ক্লাব কর্তৃপক্ষ প্রচন্ড মারধর করে। পানিসাগর থানায় খবর গেলে থানা থেকে পুলিশ বাহিনী গিয়ে গাড়িটিকে এবং এনাম উদ্দিনকে মুক্ত করে থানায় নিয়ে আসে ভোর চারটার দিকে। এদিকে এনাম উদ্দিন জানায় এই সিগারেট ধর্মনগরের কামেশ্বরে শামীম নামে এক ব্যক্তিকে সে দেবে সেখান থেকে এগুলি আগরতলা রাজিব দাসের কাছে যাবে। এদিকে গাড়ি থেকে নামিয়ে এনাম উদ্দিনকে মারধর করার সময় গাড়ির এসিস্ট্যান্ট ইসলাম উদ্দিনকে ছেড়ে দেওয়া হয়। পানিসাগর থানায় নিয়ে এসে গাড়িসহ বার্মিজ সিগারেটের লোড সহ এনাম উদ্দিনকে আটক করে একটি নির্দিষ্ট ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। আরো জানা গেছে পানিসাগর ☛ ৬ এর পাতায় দেখুন

# নারী গঠিত অপরাধ প্রবণতা রোধে মাঠে নামলো প্রদেশ মহিলা কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** রাজ্যে নারী গঠিত অপরাধ প্রবণতা মারাত্মকভাবে বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি নেশার কবলে গোটা যুবসমাজ। পরিস্থিতি মোকাবেলায় সম্পূর্ণ ব্যর্থতায় পরিচয় দিচ্ছে পুলিশ প্রশাসন ও বর্তমান সরকার।

অবিলম্বে নারী নির্যাতন বন্ধ করা এবং নেশার বিরুদ্ধে কঠোর মনোভাব গ্রহণ করার দাবিতে রাজ্য পুলিশের মহান নির্দেশকের কার্যালয়ের সামনে শুক্রবার প্রতিবাদ বিক্ষোভ এবং রাজ্য পুলিশের মহানির্দেশকের সঙ্গে সাক্ষাৎ করে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে প্রদেশ মহিলা কংগ্রেস।

নারী সংক্রান্ত অপরাধ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। পুলিশ প্রশাসন সঠিক ব্যবস্থা গ্রহণ করছে না। এমনটাই অভিযোগ তুলে শুক্রবার মাঠে নামলো প্রদেশ মহিলা কংগ্রেস। এদিন পুলিশের সদর কার্যালয় ঘেরাও করে বিক্ষোভ দেখায় মহিলা কংগ্রেস কর্মীরা। তারপর রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জনের সাথে দেখা করে প্রতিনিধি দল দাবি জানান যাতে নারী সংক্রান্ত অপরাধ বন্ধ করা হয়।

উপস্থিত ছিলেন প্রদেশ মহিলা কংগ্রেসের সভানেত্রী সর্বানী ঘোষ চক্রবর্তী। তিনি বলেন, রাজ্য পুলিশের মহা নির্দেশক মহিলা কংগ্রেসের প্রতিনিধি দলকে আশ্বস্ত করেছেন বিষয়টি অবশ্যই গুরুত্বের সাথে দেখা হবে এবং কোন ধরনের মহিলা সংক্রান্ত ঘটনার যদি অগ্রিম কোন খবর মহিলা কংগ্রেস কর্মীদের কাছে থাকে তাহলে সেটা যাতে পুলিশের নজরে নেয়। তারপর প্রতিনিধি দলের পক্ষ থেকে জানানো হয়েছে আগামী ১৫ দিনের মধ্যে যদি পুলিশ মহিলা সংক্রান্ত ঘটনা রুখতে কঠোর পদক্ষেপ গ্রহণ না করে তাহলে আন্দোলন জারি থাকবে।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩৪৬ ▫ ৩০ সেপ্টেম্বর ২০২৩ ইং ▫ ১২ আশ্বিন ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## এক দেশ এক নির্বাচনে'র সেমিফাইনাল ?

অক্টোবরে মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, রাজস্থান, তেলেঙ্গানা এবং মিজোরামে বিধানসভা ভোট ঘোষণা করতে পারে কমিশন। সেক্ষেত্রে ভোট হবে দীপাবলির পর, নভেম্বরে। আর ফল ডিসেম্বর মাসের গোড়ায়।

মোদি সরকার চাইছে, চব্বিশের মহারণের সঙ্গেই সাত রাজ্যের ভোট করিয়ে নিতে। কারণ মোদি সরকার জানে, প্রচার চালাইয়া গেলেও এত দ্রুত লোকসভার সঙ্গে সব রাজ্যের বিধানসভা ভোট করানো সম্ভব নয়। তাহার জন্য সংবিধান এবং জনপ্রতিনিধিত্ব আইনের পাশাপাশি লোকসভা ও বিধানসভার রুল অব প্রসিডিওর সংশোধন করা প্রয়োজন। তাহা এত তাড়াতাড়ি সম্ভব নয়। আর সংখ্যাগরিষ্ঠতার জোরে এই সিদ্ধান্ত চালাইয়া দেওয়ার চেষ্টা করিলেও বিরোধীরা চলিয়া যাইবে সুপ্রিম কোর্টে। তাহাতে নেতৃত্ব দিবে সদ্য বিধানসভা ভোটে জিতিয়া আসা দলগুলি। কিন্তু লোকসভার সঙ্গে যদি সাত রাজ্যের নির্বাচন করানো যায়, তাহা হইলে সেটাই হইয়া যাইবে 'এক দেশ এক নির্বাচনে'র সেমিফাইনাল। সম্প্রতি নীতি আয়োগ, নির্বাচন কমিশন এবং সরকারের অন্দরের আলোচনায় কিন্তু তেমনই আভাস পাওয়া যাইতেছে। মোদিও তেমনটাই চাইছেন। কারণ, বিধানসভার মেয়াদ শেষের ছ'মাস আগে ভোট করানোয় বাধা নাই। নির্বাচন কমিশনের সেই ক্ষমতা রহিয়াছে। এমনিতেই লোকসভা নির্বাচনের সঙ্গে অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, ওড়িশা এবং সিকিমের বিধানসভা ভোট হইয়া থাকে। ২০১৯ সালেও তাই হইয়াছিল। তাই এই চার রাজ্যের ক্ষেত্রে সমস্যা নাই। এবার কেন্দ্রের নজরে রহিয়াছে হরিয়ানা ও মহারাষ্ট্র। ২০২৪ সালের নভেম্বরে এই দু'টি রাজ্যের বিধানসভার মেয়াদ শেষ হইতছে। দু'টিই বিজেপি-এনডিএ শাসিত রাজ্য। ফলে নরেন্দ্র মোদি চাইলেই এই দুই রাজ্যের মুখ্যমন্ত্রীরা তাহাতে সায় দেবেন। এ তো গেল ছ'টি রাজ্য। সপ্তম কোন রাজ্যে বিধানসভা ভোট টার্গেট করিয়াছে কেন্দ্র? ইঙ্গিত মিলিয়াছে, সেটি হইতে চলিয়াছে জম্মু-কাশ্মীর। ২০১৮ সালে বিধানসভা ভাঙিয়া দেওয়ার পর জম্মু-কাশ্মীর এখন কেন্দ্রশাসিত অঞ্চল। লোকসভার সঙ্গে এখানেও ভোট করাইয়া নিলে বিরোধীদের একমুখী নজর এদিকে থাকিবে না। ৩৭০ অনুচ্ছেদ বাতিল, কিংবা সেখানকার পরিস্থিতিও আলাদা করিয়া দেশজুড়িয়া প্রচারে আসিবে না। তাই মোদি সরকারের কৌশল, প্রকাশ্যে আইন কমিশন এবং রামনাথ কোবিন্দ কমিটির আলোচনা ও রিপোর্ট পেশ চলিবে। আর তাহার মাঝেই ঘোষণা হইয়া যাইবে লোকসভার সঙ্গে সাত রাজ্যের বিধানসভা ভোট। 'এক দেশ এক নির্বাচনে'র সঙ্কেত। নরেন্দ্র মোদির পয়া নম্বরও যে আট !চাইলেই এই দুই রাজ্যের মুখ্যমন্ত্রীরা তাহাতে সায় দিবেন। এ তো গেল ছ'টি রাজ্য। সপ্তম কোন রাজ্যে বিধানসভা ভোট টার্গেট করিয়াছে কেন্দ্র? ইঙ্গিত মিলিয়াছে, সেটি হইতে চলিয়াছে জম্মু-কাশ্মীর। ২০১৮ সালে বিধানসভা ভাঙিয়া দেওয়ার পর জম্মু-কাশ্মীর এখন কেন্দ্রশাসিত অঞ্চল। লোকসভার সঙ্গে এখানেও ভোট করাইয়া নিলে বিরোধীদের একমুখী নজর এদিকে থাকিবে না। ৩৭০ অনুচ্ছেদ বাতিল, কিংবা সেখানকার পরিস্থিতিও আলাদা করিয়া দেশজুড়িয়া প্রচারে আসিবে না। তাই মোদি সরকারের কৌশল, প্রকাশ্যে আইন কমিশন এবং রামনাথ কোবিন্দ কমিটির আলোচনা ও রিপোর্ট পেশ চলিবে। আর তাহার মাঝেই ঘোষণা হইয়া যাইবে লোকসভার সঙ্গে সাত রাজ্যের বিধানসভা ভোট।

## আইএনডিআই জোটের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ আম আদমি পার্টি : কেজরিওয়াল

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স.): আইএনডিআই জোটের প্রতি অঙ্গীকারবদ্ধ আম আদমি পার্টি (আপ)। দাবি করলেন দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, 'আম আদমি পার্টি আইএনডিআই জোটের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। আম আদমি পার্টি আইএনডিআই অ্যালায়েন্স থেকে পথ আলাদা করবে না।'

কংগ্রেস নেতা সুখপাল সিং খাইরার গ্রেফতারি প্রসঙ্গে কেজরিওয়াল বলেছেন, 'গতকাল (বৃহস্পতিবার) আমি শুনেছি, পঞ্জাব পুলিশ মাদকের মামলায় একজন বিশেষ নেতাকে (সুখপাল সিং খাইরা) গ্রেফতার করেছে। আমার কাছে বিশদ বিবরণ নেই, আপনাদের এ জন্য পঞ্জাব পুলিশের সঙ্গে কথা বলতে হবে, কিন্তু ভগবন্ত মান সরকার প্রতিশ্রুতিবদ্ধ, এএপি সরকার মাদকের বিরুদ্ধে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ...এর বিরুদ্ধে লড়াইয়ে কাউকে রেহাই দেওয়া হবে না, তারা বড় বা ছোট যাই হোক না কেন।'

## নিজেদের তৈরি প্রথম সাবমেরিন উন্মোচন করল তাইওয়ান

তাইপে, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : সেনা সরঞ্জামে শক্তি বাড়াচ্ছে তাইওয়ান। নিজেদের তৈরি প্রথম সাবমেরিন উন্মোচন করল দেশটি। বৃহস্পতিবার কায়োহসিয়াং শহরের এক বন্দরে সাবমেরিনটি উন্মোচন করেন তাইওয়ানের প্রেসিডেন্ট। সাবমেরিনটি যদি এর পরীক্ষায় সফল হয়, তাহলে এই ধরনের যান নির্মাণ এবং নকশা প্রণয়ণের ক্ষেত্রে তাইওয়ানের জন্য একটি বড় অগ্রগতি হবে।

তাইওয়ানের প্রেসিডেন্ট সাই ইং-ওয়েন বল উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, আগে দেশে সাবমেরিন তৈরি অসম্ভব বলে বিবেচনা করা হত। কিন্তু আজ আমাদের দেশের লোকেদের নকশা করা এবং তৈরি করা সাবমেরিন সবার সামনে।

তিনি বলেন, একটি সাবমেরিন নির্মাণ আমাদের দেশকে রক্ষা করার জন্য আমাদের সংকল্পের বাস্তব উপলব্ধি। তাইওয়ানের নৌবাহিনীর জন্য সাবমেরিন গুরুত্বপূর্ণ।

সাবমেরিনটির নাম হাই কুন, এর অর্থ হল পৌরাণিক সামুদ্রিক প্রাণী। সবকিছু ঠিকঠাক থাকলে, প্রথম সাবমেরিনটি ২০২৪ সালের শেষ নাগাদ হস্তান্তরের জন্য প্রস্তুত হবে। আর দ্বিতীয়টি ২০২৭ সালের মধ্যে শেষ করার পরিকল্পনা রয়েছে তাইওয়ানের। স্বায়ত্তশাসিত দ্বীপ তাইওয়ানকে নিজেদের ভূখণ্ড বলে দাবি করে চিন। সাম্প্রতিক বছরগুলোতে, বেইজিং তাইওয়ানকে লক্ষ্য করে সামরিক মহড়া বাড়িয়েছে।


## দূষণ রুখতে শীতকালীন কর্মপরিকল্পনা ঘোষণা কেজরিওয়ালের, তুলে ধরলেন সরকারের উদ্যোগের কথা

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স.): শীত আসলেই প্রতি বছর দূষণের কবলে চলে যায় রাজধানী দিল্লি। রাজধানীতে শ্বাস নেওয়া কষ্টকর হয়ে যায়। তাই দূষণ রুখতে শুক্রবার শীতকালীন কর্মপরিকল্পনা ঘোষণা করলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। একইসঙ্গে তুলে ধরলেন সরকারের উদ্যোগের কথা।

খড়বিচুলি পোড়ানো প্রসঙ্গে কেজরিওয়াল বলেছেন, 'পঞ্জাবে গত বছরের মার্চে আমরা আমাদের সরকার গঠন করেছি। গত বছরের তথ্য অনুযায়ী, ৬-৭ মাসের মধ্যে গৃহীত পদক্ষেপগুলি খড় পোড়ানো ৩০ শতাংশ হ্রাস করেছে। এ বছর ভগবন্ত মান বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন। যার মধ্যে অন্যতম হল ফসলের বহুমুখীকরণ- ধানের পরিবর্তে অন্যান্য ফসল ফলানো। এটি জল বাঁচাবে এবং খড় পোড়ানো কমবে।

# তিল-জল তর্পণ

**অভিজিৎ মুখোপাধ্যায়**



সৃষ্টির প্রারম্ভে মৃত্যু নামে কোন আতঙ্ক ছিল না। একদিন দেবী ধরিত্রী ব্রহ্মার কাছে কাতর অনুনয় পূর্বক অনুযোগ প্রকাশ করে বলেছিলেন তিনি তাঁর নিজ দেহ ভার তৎসহ সৃষ্টির ভার বহন করতে অপারগ। তিনি ভার হ্রাস করার আবেদন জানিয়েছিলেন সৃষ্টিকর্তা ব্রহ্মার কাছে। ব্রহ্মা লয়হীন সৃষ্টিকর্মে ব্যাপৃত ছিলেন। যেহেতু তিনি সৃষ্টিকর্তা তাই সৃষ্টির দিকেই তাঁর ঝোঁক ছিল সবচেয়ে বেশি। বিনাশের প্রতি তিনি দৃষ্টিপাত করেননি কখনো। সৃষ্টির প্রভাবে ব্রহ্মান্ড যে একদিন পূর্ণ হয়ে যাবে, অস্বস্তিকর পরিবেশের সন্মুখীন হতে হবে সেইদিকে তাঁর ধ্যান ছিল না। হঠাৎ তাঁর মনে হয়েছিল এর হাত থেকে পরিত্রাণ পাওয়ার উপায় কী ? তিনি গভীর ধ্যানে বসে এর উপায় খোঁজার চেষ্টা করলেন । কিন্তু কোন উত্তর পেলেন না। তিনি অত্যন্ত ক্রুদ্ধ হয়ে উঠলেন নিজের প্রতি। দেবাদিদেব মহাদেবের আদেশে ব্রহ্মা নিজের ক্রোধ সম্বরণ করলেন। অতঃপর ক্রোধের আগুন তিনি নিজ শরীরে ধারণ করলেন। পরিবর্তে সৃষ্টি হয়েছিল রাত্রির মতো অভিব্যক্তিহীন ভয়ঙ্কর রূপী কালো এক নারীর। ব্রহ্মা তাঁর নামকরণ করলেন — মৃত্যু। যার একমাত্র কাজ হবে বিনাশ সাধন। যদিও এই কাজ তাঁর পক্ষে খুব একটা সহজ ছিল না। ভয়ঙ্কর নৃসংশ সেই কাজ। একদিকে ব্রহ্মার কথা অবহেলা করলে অভিশাপ অন্যথায় বিনাশের অন্তিমে পাপের ভাগী হতে হবে। উভয় সঙ্কট থেকে রেহাই পাওয়ার উদ্দেশ্যে অগত্যা মৃত্যুদেবী ব্রহ্মার তপস্যায় মগ্ন হলেন। মৃত্যুদেবীর তপস্যায় ব্রহ্মা তুষ্ট হয়ে তাঁকে অভয় প্রদান করে বলেছিলেন --- তুমি নিজের কর্তব্য পালনে ব্রতী হও। তুমি চিরকাল অপাপবিদ্ধই থাকবে। ব্রহ্মাও মনের হরষে সৃষ্টিকার্যে মন দিলেন। তিনি সৃষ্টি করতে থাকবেন আর মৃত্যু বিনাশ করতে থাকবেন। আর ধরিত্রীও ভার বহন থেকে নিষ্কৃতি পাবেন। এইভাবেই চলতে থাকলো জীবন-মৃত্যু খেলা। মৃত্যুর হাত থেকে কেউ রেহাই পাবে না। অতএব জন্ম হলে মৃত্যু অবশ্যম্ভাবী। গীতাতেও বলা হয়েছে সেই একই কথা —

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধুবং জন্ম মৃতস্য চ

তস্মাদপরিহার্যেহর্থে ন ত্বং শোচিতুমর্হসি (২/২৭, গীতা)

অর্থাৎ, 'যেহেতু উৎপন্ন ব্যক্তির মরণ নিশ্চিত, মৃত ব্যক্তির পূনর্জন্মও নিশ্চিত; সুতরাং জন্ম ও মরণরূপ অপরিহার্য্য বিষয়ে তুমি শোক করিতে পার না'।

ব্রহ্মার মানসপুত্র মহর্ষি অত্রির বংশধর মহর্ষি দত্তাত্রেয়র পুত্র নিমিও মহাতপস্বী। একদিন সেই নিমিকে গ্রাস করলেন মৃত্যু। পুত্রের মৃত্যুতে মহর্ষি দত্তাত্রেয় অতিশয় ব্যাকুল হয়ে পড়লেন। নিজেকে সান্ত্বনা দিতে গিয়ে বললেন - আত্মার মৃত্যু নেই, আত্মা অবিনাশী। তিনি পুত্রের বিদেহী আত্মার শান্তি কামনার্থে বৈদিক মন্ত্রোচ্চারণ দ্বারা পুত্রের শ্রাদ্ধকর্ম সম্পন্ন করেছিলেন। সেই থেকে পূর্বপুরুষদের বিদেহী আত্মার শান্তি কামনায় প্রেতযোনি থেকে মুক্তির আশায় উত্তরপুরুষরা শ্রাদ্ধ ও তর্পণ করে আসছেন যুগযুগান্তর যাবৎ। শাস্ত্র মতে — 'দেবর্ষিপিতৃমনুষ্যাণাং জলাঞ্জলি দানেন তৃপ্তিসাধনমতর্পণম। তিল-জল তর্পণের তাৎপর্য অপরিসীম। নিয়মিত প্রতি বছর পিতৃপুরুষদের উদ্দেশ্যে তর্পণের দ্বারা জল দান করলে পিতৃপুরুষগণ যারপরনাই অতীব তৃপ্ত ও প্রসন্ন হন। পরিবর্তে উত্তরপুরুষরা এই পারলৌকিক কর্মের দ্বারা আশীর্বাদ ধন্য হন। পার্থিব জগতে তাঁদের জীবনে নেমে আসে সুখ, সমৃদ্ধি ও শান্তি। এটা শুধুমাত্র কথার কথা নয়, উপলব্ধি সাপেক্ষ।

কিংবদন্তি অনুযায়ী, উত্তরায়ণের স্তিতি দীর্ঘ ছয় মাস কাল অর্থাৎ ১লা মাঘ থেকে ৩২শে আষাঢ় পর্যন্ত। পৌষ সংক্রান্তির পর সূর্য যখন মকর রাশিতে যায় তখন থেকে দীর্ঘ ছয়মাস কাল পর্যন্ত উত্তরায়ণ। এই সময় বিষ্ণুলোকের দ্বার উন্মুক্ত থাকে কারণ সেখানে তখন দিন। আর যমলোকের দ্বার বন্ধ থাকে কারণ সেখানে তখন রাত্রি। এই কারণে পিতামহ ভীষ্ম বিষ্ণুলোক প্রাপ্তির আশায় কুরুক্ষেত্রের যুদ্ধে দশম দিনে পতনের পরে ৫২ দিন যাবৎ উত্তরায়ণের অপেক্ষায় স্বীয় ইচ্ছামৃত্যুর দরুণ শরশয্যায় জীবিত ছিলেন। আজকের দিনেও প্রাজ্ঞ ব্যক্তিরা বিষ্ণুলোক প্রাপ্তির আশায় উত্তরায়ণকালে মৃত্যু কামনা করেন। দক্ষিনায়ণের স্থিতিকাল দীর্ঘ ছয়মাস অর্থাৎ ১লা শ্রাবণ থেকে ৩০শে পৌষ পর্যন্ত। আষাঢ় সংক্রান্তির পরে সূর্য কর্কট রাশিতে প্রবেশ করার পরবর্তী সময় থেকে দীর্ঘ ছয়মাস কাল দক্ষিনায়ণ। মর্ত্যলোকের এক বছর দেবলোকের একটি দিন বলে ধার্য করা হয়। সেই কারণে শ্রীরামচন্দ্র আশ্বিনের শরৎ ঋতুতে রাবণ সংহার করবেন বলে সৃষ্টিকর্তা ব্রহ্মার দ্বারা দেবী দুর্গাকে অসময়ে নিদ্রিত অবস্থা থেকে উত্থিত করেছিলেন বলে আশ্বিনের দুর্গোৎসবকে 'অকাল বোধন' নামে অবিহিত করা হয়। সেই সময়টা ছিল দক্ষিনায়ণের কাল। দক্ষিনায়ণের সময় দেব-দেবীগণ নিদ্রিত থাকেন। একমাত্র যমালয়ের দশ দ্বার খোলা থাকে। বিদেহী আত্মারা পিতৃলোক নামক সেই মহা আলয় থেকে ১০ লক্ষ ৩২ হাজার কি.মি. পথ (গড়ুর পুরাণ মতে) অতিক্রম করে নীচে নেমে আসেন উত্তরপুরুষদের দ্বারা শ্রদ্ধা সহকারে উৎসর্গিত শুধুমাত্র তিল-জল গ্রহণ করতে। টাকা-পয়সা, ধন-দৌলত, সাজ-শয্যার আশা করেন না। উত্তরপুরুষদের দেওয়া তিল-জলই তাঁদের একমাত্র কাম্য। যোজন যোজন পথ অতিক্রম করে তাঁরা ছুটে আসেন জল পাওয়ার আশায়। সুতরাং পিতৃপুরুষদের জলদানে বঞ্চিত করার অর্থ মনুষ্যত্বের অবমাননা। আজ যারা জলদানের অধিকারী, কালের নিয়মে একদিন তাঁদেরই অঞ্জলিপূর্ণ জল গ্রহণের অছিলায় ছুটে আসতে হবে। দেখবেন তখন যেন বঞ্চিত না হন । নিজে আচরি ধর্ম পুত্রকে যা শেখাবেন, পুত্র সেই শিক্ষায় উজ্জীবিত হবে। নইলে জানবেন শেষের সেদিন ভয়ঙ্কর।

ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের প্রতিপদ থেকে আশ্বিন মাসের অমাবস্যা পর্যন্ত পিতৃপুরুষগণ মনঃকষ্টে দিন যাপন করেন।

এই পক্ষকালের অন্তর্গত কর্মকান্ডের মধ্যে সর্বপ্রধান পিতৃকর্ম। এই কর্মের গুরুত্ব বোঝানোর জন্যেই আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অমাবস্যা তিথিকে বলা হয় পিতৃপক্ষ। পূর্বপুরুষদের পরমতৃপ্তি ও শান্তিলাভ ঘটে মোক্ষলাভের মধ্যে দিয়ে। প্রত্যেক জীবাত্মার লয় পরমাত্মায়। পরমাত্মায় লীন প্রাপ্তির আরেক নাম মহালয়। এই মহালয় শব্দ থেকেই সৃষ্টি হয়েছে মহালয়া। তাই আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অমাবস্যা তিথিটিকে বলা হয় মহালয়া। অমাবস্যা তিথির পরবর্তী মূহুর্ত থেকে সূচিত হয় দেবীপক্ষ। পিতৃপুরুষগণকে তুষ্ট করার জন্যেই শাস্ত্রীয় বিধান তর্পণাদি ক্রিয়া। অর্থাৎ চোখের আড়াল হয়ে গেলেই কেউ জীবন থেকে অপসৃত হয়ে যায় না। তাঁদের সঙ্গে সংযোগ থাকে মৃত্যুর পরেও। নিবিড় সংযোগ থাকে বলেই শুভ-অশুভ সর্বাবস্থায় পূর্বপুরুষদের স্মরণ মনন করতে হয়। হিন্দু ধর্মাবলম্বী পুত্রদের ক্ষেত্রে তর্পণ একটি অন্যতম প্রয়োজনীয় কর্তব্য। ইসলাম ধর্মাবলম্বীদের আবাল-বৃদ্ধ স্ত্রী-পুরুষ নির্বিশেষে যদি মাসাবধি কাল পর্যন্ত রোজা পালন করতে পারেন তাহলে হিন্দুদের মাত্র পনেরো দিন ব্যাপী তর্পণ করতে বাঁধা কোথায় ? এই পনেরো দিন যাবৎ তর্পণকারী ব্যক্তিদের আমিষ আহার নিষিদ্ধ। মুসলমানদের কথা একবার ভেবে দেখুন সারাদিনে তাঁরা থুথুটাও পর্যন্ত গিলতে পারেন না। নিয়ম কাকে বলে তা ওদের কাছ থেকে শেখা উচিত। ওদের মধ্যে কেউ যদি ইসলাম ধর্ম পালন না করেন তাঁকে কাফের বলা হয়। আর আমাদের মধ্যে কেউ নিয়ম পালন করুক বা না-করুক তবু তিনি হিন্দু পদবাচ্য ! ব্যাপারটা হাস্যকর নয় কি ?

প্রত্যুষে স্নান সেরে শুদ্ধাচারে শুদ্ধমনে একবুক জলে দাঁড়িয়ে বা খোলা আকাশের নীচে কুশাসনের উপর বাঁ-হাঁটু ভাজ করে মন্ত্রোচ্চারণ দ্বারা তর্পণের দিনগুলি পালন করা উচিত। ঈশ্বরের কাছে কায়মনোবাক্যে পূর্বপুরুষদের উদ্দেশ্যে প্রার্থনা করা উচিত তাঁদের যেন উর্দগতি প্রাপ্তি হয়। তাঁদের বিদেহী আত্মা যেন পরলোকে শান্তিতে বিরাজ করেন। এইটুকু করা আমাদের বিশেষ কর্তব্য। আমরা যদি এইটুকুও করতে না পারি তাহলে পুত্র সন্তান হয়ে জন্মানোর কি লাভ ? এরচেয়ে সহস্র গুণ ভালো ছিল পশু হয়ে জন্মানোর কারণ তাঁদের ক্ষেত্রে কোন কর্তব্য বা পূর্বপুরুষদের প্রতি কোন দায়বদ্ধতা থাকে না। মনুষ্য জীবনে পাঁচটি ঋণ পরিশোধ করার কথা বলা আছে — আপ্ত ঋণ, ভূত ঋণ, দেব ঋণ, পিতৃ ঋণ এবং ঋষি ঋণ।

পিতা-মাতার ঋণ অর্থাৎ পিতৃঋণ কখনো শোধ করা যায় না। পিন্ডদান বা তর্পণের মাধ্যমে আমরা তাঁদের প্রতি শুধুমাত্র কৃতজ্ঞতা জ্ঞাপন করার সুযোগ পাই। এরই নাম পিতৃঋণ শোধ। পিতা-মাতার মৃত্যুর পরে দশদিন গুরুদশা চলা কালীন কঠোর কৃচ্ছ্র সাধন অবলম্বন পূর্বক দিন যাপন করা, সপাক হবিষ্যান্ন আহার, প্রসাধন বিহীন থাকা, মস্তক মুন্ডন করা এই সব আচার অনুষ্ঠানের দ্বারা ব্যক্ত করা হয় বিদেহী আত্মার প্রতি আমাদের আন্তরিক শ্রদ্ধা-ভক্তি ও সন্মান। আজকালকার বহু 'চাল-কলা বাঁধা বিদ্যা' অর্জনকারী ব্যক্তিরা বিজ্ঞানের দোহাই দিয়ে খুব সহজেই ব্যাপারগুলি এড়িয়ে যেতে চান। এতদ্দারা সহজেই অনুমেয় যে জীবিতাবস্থায় পিতা-মাতার প্রতি কতটা শ্রদ্ধা পোষণ করতেন তাঁরা ! প্রবাসী বাঙালিদের অনেকেই নানা অজুহাত দ্বারা আমাদের সনাতন প্রথাগুলো পরম যত্ন সহকারে অবজ্ঞা করেন। তাঁরা যে স্বেচ্ছায় খাল কেটে ঘরে কুমীর ডেকে আনেন অর্থাৎ পরিবর্তে নিজের অজান্তে অমঙ্গল ডেকে আনেন সেটা তাঁদের ধারনার অতীত। হয়তো জানেন, সম্প্রতি বলিউড বিখ্যাত সঙ্গীত পরিচালক বাপী লাহিড়ীর মৃত্যুর পরে তাঁর পুত্র মস্তক মুন্ডন করেছিলেন। তিনি এড়িয়ে যাওয়ার জন্যে বিজ্ঞানের দোহাই বা কোন প্রকার অজুহাত দেননি। সনাতন নিয়ম অনুযায়ী পারলৌকিক ক্রিয়া সম্পন্ন করেছিলেন। ইদানীং কালের তথাকথিত বাঙালি শিক্ষিত ব্যক্তিরা বিজ্ঞানের দোহাই দিয়ে নিজেকে হীনমন্য করে তোলেন। দু'পাতা বিজ্ঞান পড়লেই কেউ বৈজ্ঞানিক হয়ে যায় না। আমরা বাঙালিরা শুধুমাত্র বাবা-মায়ের মৃত্যুতে মস্তক মুন্ডন করে থাকি। কিন্তু উত্তর ভারতীয়দের ক্ষেত্রে শুধুমাত্র পিতা-মাতা নয় বরং কাকা, জ্যাঠা, মামা এমন কি তাঁদের গ্রামবাসী কোন ঘনিষ্ঠ ব্যক্তির মৃত্যুতেও মুন্ডিত মস্তক হতে হয়। তাঁদের দায়বদ্ধতা অনেক বেশি সুদূর প্রসারী, আমাদের মতো সংকীর্ণতা নেই তাঁদের মধ্যে। বলা বাহুল্য আমরা নিজেদের মিথ্যে অহংকার নিয়ে বেঁচে থাকতে বেশি ভালোবাসি।

পিতৃপুরুষদের অবর্তমানে তাঁদের উদ্দেশ্যে পালিত পারলৌকিক ক্রিয়া কর্মগুলোই আমাদের জীবনে অভীষ্ট পূরণের সহায়ক। তাঁদের কৃপা ভিন্ন অভীষ্ট পূরণ সম্ভব নয়। তাঁরা প্রসন্ন হলে যে আশীর্বাদ প্রদান করেন তা কখনো ব্যর্থ যায় না। ভক্তি-শ্রদ্ধা সহকারে তিল-জল-তুলসী দ্বারা তর্পনের ফলে পিতা-মাতা এবং পূর্বপুরুষগণ তর্পণকারী উত্তরপুরুষকে কৃপা করেন। সুতরাং বলতে বাঁধা নেই তর্পণ যে আমাদের জীবনে কতখানি তাৎপর্যপূর্ণ তা মহাভারতে বর্ণিত একটি উপাখ্যানের সাহায্যে বোঝা যাক।

কুরুক্ষেত্রের যুদ্ধে কর্ণের মৃত্যুর পরে তাঁর বিদেহী আত্মা পরলোক গমন করলে তাঁকে আহার হিসাবে স্বর্ণ-রত্ন ভক্ষণ করতে দেওয়া হয়েছিল। কর্ণ অতিশয় আশ্চর্য হয়ে এর কারণ জানতে চাইলে তাঁকে বলা হয়েছিল — যেহেতু তিনি তাঁর জীবিতাবস্থায় অকাতরে স্বর্ণ-রত্ন দান করেছিলেন তারই ফলঃস্বরূপ এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কথায় আছে যেমন কর্ম তেমন ফল। তিনি তাঁর জীবদ্দশায় প্রয়াত পিতৃ-মাতৃকুলের উদ্দেশ্যে কখনো খাদ্য বা পানীয় প্রদান করেননি। পুত্রের যথাযথ কর্তব্য পালনে তিনি বিরত ছিলেন। কিংকর্তব্যবিমূঢ় ও অসহায় কর্ণ সব শুনে বলেছিলেন — 'অধিরথসূতপুত্র আমি, রাধা মোর মাতা' আমি কেবল এইটুকু মাত্র জানতাম। আমি নিতান্তই অজ্ঞাতকূলশীল। আমার পিতৃ-মাতৃকুল সম্পর্কে কোন জ্ঞান ছিল না। মৃত্যুর কিছু পূর্বে আমি জেনেছিলাম আমার আসল পরিচয়। আমি তাই নিরুপায় এবং আমি নির্দোষ। দানবীর কর্ণের মুখ নিঃসৃত কথা শ্রবণ করে ধর্মরাজ যমের মন অনুকম্পায় ভরে গিয়েছিল। তিনি মনে মনে ভাবলেন — সত্যিই তো এতে কর্ণের কী দোষ? সেই হেতু কর্ণকে একপক্ষ কালের জন্যে পুনরায় ফিরে আসতে হয়েছিল মর্তলোকে পিতৃপুরুষদের উদ্দেশ্যে অন্ন---জল প্রদানের অভিপ্রায়। আশ্বিন মাসের এই পক্ষকালই পরবর্তী সময় পিতৃপক্ষ নামে পরিচিতি লাভ করে। দানবীর কর্ণকে কেন্দ্র করেই পিতৃপক্ষে বিদেহী আত্মার উদ্দেশ্যে তর্পণ বিধি প্রচলিত হয়েছিল মর্তলোকে।

ব্রহ্মার মানস পুত্র মনু। মনু থেকে সৃষ্টি হয়েছিল দশজন মহর্ষির (মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতা, বশিষ্ঠ, ভৃগু ও নারদ)। মহর্ষিদের দ্বারা সৃষ্ট হয়েছিল প্রজাপতি সহ সাত দিব্য পিতৃগণ। পিতৃগণ দেবতাদেরও আরাদ্ধ। দেব আরাধনার পূর্বে পিতৃগণকে আপ্যায়ন করতে হয়। শ্রীবিষ্ণুর শয়নকালে স্বয়ং মহাদেবী সর্বত্র বিরাজ করেন। শ্রাদ্ধ বা তর্পণের মাধ্যমে তিনি পূজা গ্রহণ করে অতিশয় প্রীতিলাভ করেন। সেই কারণে তর্পণের গুরুত্ব এত বেশি। বনবাস কালে পুষ্কর তীর্থে স্বয়ং শ্রীরামচন্দ্র পর্যন্ত পিতৃতর্পণ পালন করেছিলেন। এই কথা আমাদের অবিদিত নয়।

পূর্বমুখী হয়ে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, প্রজাপতি সহ দেব, যক্ষ, গন্ধর্ব, অসুর, সুপর্ণ প্রমুখ সকলকে আহ্বান করতে হয়। পশ্চিমমুখী হয়ে দেব মনুষ্য তর্পণ করতে হয়। দক্ষিণমুখী হয়ে উত্তরপুরুষকে হাতজোড় করে — 'ওঁ আগচ্ছন্তু মে পিতরঃ ইমং গৃহ্নন্ত্বপোহঞ্জলিং' অর্থাৎ হে পিতৃদেব, আসুন আমার প্রদত্ত জল গ্রহণ করুন এই বলে তাঁদের আহ্বান করতে হয়। তারপর এক এক করে পিতৃপিতামহপ্রপিতামহমাতামহপ্রমাতামহবৃদ্ধ প্রমাতামহ এবং মাতা- পিতামহী — প্রপিতামহী এই নয় জনকে তিনবার করে মন্ত্রপাঠের দ্বারা অঞ্জলি প্রদান করতে হয়। এবং মাতামহী --- প্রমাতামহী --- বৃদ্ধ প্রমাতামহীকে একবার করে মন্ত্রপাঠের দ্বারা অঞ্জলি প্রদান করতে হয়। সকলকে জল দান করার পর যারা তখনো বাকি থেকে যান তাঁদের উদ্দেশ্যে লক্ষণ তর্পণ --- 'আব্রহ্মস্তম্বপর্যনতং জগৎ তৃপ্যন্তু' পাঠ করা অতি অবশ্য জরুরী। লক্ষণ তর্পণ না করলে তর্পণ কর্ম অসম্পূর্ণ থেকে যায় এবং ফল প্রাপ্তি হয় না।

এই ঘটনার দ্বারা দুটো জিনিষ পরিলক্ষিত হয় --- প্রথমতঃ হিন্দু ধর্মাবলম্বীদের দৈনন্দিন জীবনে যাবতীয় আচার-অনুষ্ঠান ও বিধি-নিষেদ সবকিছুর উৎসই রামায়ণ বা মহাভারত অথবা শ্রীকৃষ্ণের দ্বারা প্রবর্তিত অনুষ্ঠান যেমন সরস্বতী পূজো, কালীপুজোর দিন লক্ষ্মীপুজো করা, কার্তিকি স্নান ও গোবর্দন পূজো ইত্যাদি। আমরা আধুনিকতার আস্তরণে যতই মর্ডান হওয়ার চেষ্টা করি না কেন আমাদের বৈদিক মন্ত্রে এখনো অগাধ বিশ্বাস। এখনো লোকে সকল সকর্মতার মাঝে গায়েত্রী মন্ত্র পাঠ করতে ভোলেন না। সুতরাং প্রচলিত আচার-অনুষ্ঠান ও বিধি-নিষেদের প্রতি আস্থাশীল না হওয়ার অর্থ মনুষ্যত্বের অবমাননা। যুগ যুগান্তর ব্যাপী পুরুষানুক্রিক ভাবে যে ক্রিয়াকর্ম পালিত হয়ে আসছে তা উলঙ্ঘন করা মোটেই যুক্তিযুক্ত নয়। দ্বিতীয়তঃ আমাদের হিন্দুধর্মে পূর্বপুরুষগণের প্রাধান্য চিরদিনের। আমাদের জীবনে তাঁদের অপার করুণা অনেকটা বটবৃক্ষের সুশীতল ছায়ার মতো। আজীবন বর্ষিত হতে থাকে তাঁদের নিঃস্বার্থ স্নেহ-ভালোবাসা, মরণের পরেও। তাঁদের কি অবহেলা করা যায় কখনো ? এই প্রসঙ্গে শ্রীকৃষ্ণের বলা বাণী স্মরণ করা যেতে পারে।

শ্রেয়ানস্বধর্মো বিগুণঃ পরধর্মাৎ স্বনুষ্ঠিতাৎ

স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ (৩/৩৫, গীতা)

অর্থাৎ, 'সুচারুরূপে অনুষ্ঠিত পরধর্ম হইতে অসম্পূর্ণভাবে অনুষ্ঠিত নিজধর্ম শ্রেয়ান স্বধর্মে নিধনও শ্রেয়ঃ, পরধর্ম ভয়ের হেতু'। (১৮২৪)





সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

## বেশ কয়েকটি ট্রেন বাতিল কলকাতা ও হাওড়া স্টেশন থেকে

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : শুক্রবার বেশ কয়েকটি ট্রেন বাতিল হল কলকাতা ও হাওড়া স্টেশন থেকে। বন্দে ভারত ট্রেনের সময় বদল হবে বলে আগেই জানানো হয়েছিল, এবার পঞ্জাবে চলা বিক্ষোভের কারণে বাতিল হয়ে গেল একাধিক দূরপাল্লার ট্রেন। বেশ কিছু ট্রেনের রুটও পরিবর্তন করা হয়েছে।

বৃহস্পতিবার থেকে রেল রোকো কর্মসূচি শুরু করেছেন পঞ্জাবের কৃষকদের একাংশ। তার জেরে বন্ধ রয়েছে ফিরোজপুর ও অম্বালা ডিভিশনের লাইন। অমৃতসরে এই আন্দোলনে যোগ দিয়েছে ১৯টি কৃষক সংগঠন। তার জেরে বন্ধ করে দেওয়া হয়েছে অমৃতসর-দিল্লি রেল লাইন। অন্তত ৯১টি ট্রেনের পরিষেবায় প্রভাব পড়েছে বলে রেল সূত্রে খবর। কিছু ট্রেন বাতিল করা হয়েছে, বেশ কয়েকটি ট্রেনের রুট বদলে দেওয়া হয়েছে। তারই প্রভাব পড়েছে কার্যত গোটা দেশ জুড়ে। ওই সব লাইনের ওপর দিয়ে যায়, এমন বেশ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে।

কলকাতা স্টেশন থেকে বাতিল হয়েছে জম্মু তাওয়াই এক্সপ্রেস ১৩১৫১। শিয়ালদহ স্টেশন থেকে বাতিল হয়েছে অমৃতসর এক্সপ্রেস ১২৩৭৯ এছাড়া হাওড়া স্টেশন থেকে অমৃতসর এক্সপ্রেস ১৩০০৫ ও হাওড়া কালকা নেতাজি এক্সপ্রেস ১২১৩১১ বাতিল করা হয়েছে। জানা গিয়েছে, রেল রোকো আন্দোলনের কারণে জাখাল জংশন, ধুরি জংশন, লুধিয়ানা জংশন, রাজপুরা জংশন, ভাতিন্ডা জংশনে ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। অমৃতসর জংশন থেকে কোনও ট্রেন ছাড়ছে বা কোনও ট্রেন ওই জংশনে যাচ্ছেও না। ফলে সমস্যায় পড়েছেন বহু সাধারণ যাত্রী।

সম্প্রতি বন্যায় কৃষিকাজের যে ক্ষতি হয়েছে, তার জন্য আর্থিক প্যাকেজের দাবি জানিয়ে চলছে আন্দোলন। এছাড়া এমএসপি ও ঋণ মকুবের দাবিও রয়েছে সংগঠনগুলির।

## দিন বেছে বেছে অভিষেককে সমন, ভিন্নমত বিরোধী নেতৃত্ব

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি,. স.) : ইডির তলবে যাচ্ছেন না, থাকবেন দিল্লিতে, চ্যালেঞ্জ করেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিকে, বেছে বেছে তাঁকে তৃণমূলের গুরুত্বপূর্ণ সমাবেশে কেন্দ্রীয় গোয়েন্দাদের সমনের ব্যাপারে দেখা দিয়েছে ভিন্নমত। 'দুশ্চিন্তাগ্রস্ত' বিজেপি নেতারা প্রকাশ্যে অন্য কথা বললেও দলের অন্দরে আলোচনায় মেনে নিচ্ছেন, এই ভাবে অভিষেককে আরও বেশি করে প্রচারে নিয়ে আসছে ইডি-সিবিআই। প্রতি বারই অভিষেকের জন্য প্রচারের 'মঞ্চ' তৈরি করে দেওয়া হচ্ছে। অনেকের মতে, তলবের দিন বাছাই নিয়ে সাধারণ মানুষের মনে যে প্রশ্নের জন্ম হচ্ছে, সেই প্রশ্নটি কি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা বা কেন্দ্রীয় বিজেপির নেতারা বুঝতে পারছেন না?

বিজেপির রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, "একই দৃশ্য বার বার দেখতে দেখতে আমরা ক্লান্ত। আমাদের অভিধানে এই মুহূর্তে কোনও ভাষা নেই। সবই হচ্ছে আদালতের কথায়।" তবে পাশাপাশিই বিষয়টিকে খানিক 'লঘু' করার চেষ্টায় শমীক বলেছেন, "জিজ্ঞাসাবাদের শেষে আবার দেড় ঘণ্টার সাংবাদিক বৈঠক হবে। আমরা চিন্তিত সাংবাদিকদের নিয়ে। অত রাতে অত লম্বা সাংবাদিক বৈঠক শেষে অল্পবয়সিদের অনেকেরই বাড়ি ফেরার অসুবিধা হয়।"

প্রত্যাশিত ভাবেই সিপিএম সাংসদ তথা আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য অভিষেকের বিরুদ্ধে গিয়েছেন। তাঁর কথায়, "ইডি তো তদন্তকারী সংস্থা! তারা কি জেনে বসে থাকবে যে কবে তৃণমূলের কর্মসূচি রয়েছে? অভিষেককে ওই দিন যাতে জিজ্ঞাসাবাদের মুখোমুখি হতে হয়, তা ইডিকে নিশ্চিত করতে হবে। তৃণমূলের আর কি নেতা নেই, যে অভিষেককে ছাড়া কর্মসূচি হবে না?"

## নিশিগঞ্জে দু'দিন নিখোঁজ থাকার পর নদী থেকে ব্যবসায়ীর দেহ উদ্ধার

নিশিগঞ্জ, ২৯ সেপ্টেম্বর (হি.স.) : দু'দিন নিখোঁজ থাকার পর কোচবিহার ১—এর চান্দামারিতে কলাভাঙ্গা নদী থেকে ব্যবসায়ীর দেহ উদ্ধার হল। শুক্রবার সকালে দেহ উদ্ধার হয়। মৃতের নাম—সঞ্জিত দত্ত (৪৭)। চান্দামারি বাজারে দোকান করতেন তিনি। বৃহস্পতিবার বিকেলে নদীতে বাঁশের সাঁকোর নীচে ওই ব্যবসায়ীর সাইকেল উদ্ধার হয়। এদিন সকালে পরিবারের লোকজন ও স্থানীয়রা নদীতে নেমে কচুরিপানার নীচ থেকে তাঁর দেহ উদ্ধার করে। স্থানীয়দের অনুমান, বুধবার রাতে দোকান করে বাড়ি ফেরার পথে ওই ব্যবসায়ী সম্ভবত সাঁকো থেকে নদীতে পড়ে যান। কয়েক বছর আগে গ্রামের কলাভাঙা সেতুটি ভেঙে যাওয়ার পর নতুন পাকা সেতু আর হয়নি। এনিয়ে ক্ষোভ প্রকাশ করেন স্থানীয়রা। খবর পেয়ে কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ঘটনার তদন্ত করছে পুলিশ।

## পাকিস্তানের বালুচিস্তানে মসজিদের কাছে বিস্ফোরণে মৃত ১০, আহত কমপক্ষে ৪০ জন

ইসলামাবাদ, ২৯ সেপ্টেম্বর (হি.স.): ঈদ-মিলাদ-উন নবীর পবিত্র দিনে সন্ত্রাসী হামলায় রক্তাক্ত হল পাকিস্তান। শুক্রবার পাকিস্তানের বালুচিস্তান প্রদেশের মাস্তুঙ জেলায় একটি মসজিদের কাছে বিস্ফোরণে প্রাণ হারিয়েছেন ১০ জন।

মৃতদের মধ্যে একজন পুলিশ অফিসারও রয়েছেন। এই বিস্ফোরণে আহত হয়েছেন ৪০ জনের বেশি মানুষ।

মাস্তুঙ অ্যাসিস্ট্যান্ট কমিশনার আট্টা উল মুনিম বলেছেন, ঈদ-মিলাদ-উন নবী উপলক্ষ্যে একটি মসজিদের বাইরে জড়ো হয়েছিলেন বিপুল সংখ্যক মানুষ। সেই সময় বিস্ফোরণ হয়। পুলিশ জানিয়েছে, মদিনা মসজিদের কাছে বিস্ফোরণ হয়। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, আত্মঘাতী বিস্ফোরণ ঘটানো হয়েছে। স্টেশন হাউস অফিসার জাভেদ লেহরি বলেছেন, বিস্ফোরণ কমপক্ষে ৪০ জন আহত হয়েছেন, তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## রেললাইনে বসে মুঠোফোনে খেলতে গিয়ে ট্রেনের ধাক্কায় মৃত্যু ২ যুবকের

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : রেললাইনে বসে মুঠোফোনে খেলতে গিয়ে ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে ২ যুবকের। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে বজবজ শিয়ালদহ শাখার আকড়া স্টেশন পশ্চিম কেবিনের সামনে। কান্নায় ভেঙে পড়েছে পরিবার।

জানা গিয়েছে, বৃহতিবার রাতে ১০ টা বেজে ৪০ মিনিট নাগাদ বজবজ-শিয়ালদহ শাখার আকড়া স্টেশন সংলগ্ন পশ্চিম কেবিনের সামনে রেললাইনে বসে গেম খেলছিলেন ২ যুবক। তাঁদের মধ্যে একজনের নাম চাঁদ শেখ। বয়স ২০ বছর। আর এক যুবকের বয়স ১৮। সেই সময় একলাইনে শিয়ালদহগামী একটি পন্যবাহী ট্রেন আসে। অন্য লাইনে চলে আসে বজবজগামী একটি ট্রেন। কিন্তু গেমে দুই যুবক এতটাই মত্ত ছিলেন যে ট্রেন আসছে তা বুঝতেই পারেননি তাঁরা।

তখনই ঘটে যায় দুর্ঘটনা। ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু হয় ২ জনের। ঘটনার খবর চাউর হতেই স্থানীয়রা ভিড় জমাতে থাকে এলাকায়। খবর দেওয়া হয় রেল পুলিশে।

মৃত এক যুবক ওই এলাকারই বাসিন্দা বলে জানা গিয়েছে। আরেকজন আকড়া ফটকের বাসিন্দা। দেহ দুটি ইতিমধ্যেই উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। কান্নায় ভেঙে পড়েছে পরিবারের সদস্যরা।

## মুম্বইয়ের জুহু সৈকতে আয়োজিত স্বচ্ছতা অভিযান, রাজকুমার বললেন এটি গুরুত্বপূর্ণ প্রয়াস

মুম্বই, ২৯ সেপ্টেম্বর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে মুম্বইয়ের জুহু সমুদ্র সৈকতে আয়োজিত হল স্বচ্ছতা অভিযান। বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন (বিএমসি) কমিশনার ইকবাল সিং চাহাল, মুম্বই পুলিশ কমিশনার বিবেক ফাঁসালকার এবং বলিউড অভিনেতা রাজ কুমার রাও এবং মানুশি চিল্লার মুম্বইয়ের জুহু সৈকত পরিষ্কার অভিযানে অংশ নেন। শুক্রবার সকালে মুম্বইয়ের জুহু বিচে "ক্লিনথন ২.০" ২০২৩ ওশান ওয়েস্ট ম্যানেজমেন্ট ইভেন্টে অংশ নেন স্থানীয়রাও।

এই স্বচ্ছতা অভিযানে অংশ নিয়ে অভিনেতা রাজকুমার রাও বলেছেন, 'এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রয়াস। আমাদের সকলকে মোদীজির "স্বচ্ছতা হি সেবা"-তে অংশ নেওয়া উচিত, কারণ আমাদের শহর এবং দেশকে পরিষ্কার রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রী মোদীজি "স্বচ্ছ ভারত" অভিযান শুরু করেছিলেন। আমি চাই সবাই এতে সক্রিয় অংশগ্রহণ করুক।'

বিএমসি কমিশনার ইকবাল সিং চাহাল বলেছেন, '১ অক্টোবর আমরা মুম্বইতে ১৬৮টি স্থানে স্বচ্ছতা অভিযান পরিচালনা করতে চলেছি। আমরা মুম্বইয়ে ২৫ হাজার কোটি টাকা ব্যয়ে সাতটি পয়ঃ নিষ্কাশন প্রক্রিয়াকরণ প্লান্ট স্থাপন করছি। এইভাবে আমরা সমুদ্রে শুধুমাত্র শোধিত এবং রাসায়নিকমুক্ত জল ছেড়ে দিতে সক্ষম হব।'

সমাজকর্মী ও গায়িকা অমৃতা ফড়নবীশ বলেছেন, 'সেলিব্রিটি এবং সিটি পুলিশ কমিশনার-সহ অনেক মানুষ এই সৈকত পরিচ্ছন্নতার কাজে যোগ দিয়েছেন।

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি পরিচ্ছন্ন ধরিত্রী রেখে যাওয়া আমাদের দায়িত্ব। প্রতিটি ব্যক্তির অবদানের মাধ্যমেই মুম্বইয়ের জীব-বৈচিত্র্যময় উপকূলরেখা রক্ষা করা যেতে পারে।' অভিনেতা সাইয়ামি খের বলেছেন, 'আমি অনেক মানুষকে দেখে খুশি, যারা সৈকত পরিষ্কার করার জন্য এসেছে এবং এটি খুব ভাল উদ্যোগ।'

## দিল্লিতে দুঃসাহসিক ডাকাতির ঘটনায় ধৃত দুই, বিলাসপুর থেকে পাকড়াও অভিযুক্তরা

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স.): দিল্লির ভোগাল এলাকায় সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতির ঘটনায় দুই অভিযুক্তকে আটক করেছে দিল্লি পুলিশ। ছত্তিশগড়ের বিলাসপুর থেকে দুই অভিযুক্তকে পাকড়াও করা হয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। কিছু দিন আগে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে দক্ষিণ-পূর্ব দিল্লির ভোগাল এলাকার একটি সোনার দোকানে। প্রায় ২০ কোটি টাকার এই ডাকাতি দিল্লিবাসীকে একেবারে নাড়িয়ে দেয়।

ডাকাতির বিষয়টি সামনে আসে গত ২৬ সেপ্টেম্বর, ওই দিন সোনার দোকানের মালিক সঞ্জীব জৈন জানান, 'আমরা রবিবার দোকান বন্ধ করেছিলাম এবং সোমবার ছুটির পর মঙ্গলবার যখন দোকান খোলা হয়, আমরা দেখি গোটা দোকানে ধুলো জমে আছে এবং স্ট্রংরুমের দেওয়ালে একটি গর্ত রয়েছে... আমরা মনে করছি দুষ্কৃতীরা সবকিছু লুট করে নিয়েছে।' সেই ঘটনার তদন্তে নেমে ছত্তিশগড়ের বিলাসপুর থেকে দুই অভিযুক্তকে পাকড়াও করা হয়েছে। এখনও এক অভিযুক্ত অধরা।

## বিশ্বরেকর্ড গড়ে ৫০ মিটার প্রোনে সোনা আনলেন স্বপ্নিল-ঐশ্বর্য্য-অখিল

হানঝাউ, ২৯ সেপ্টেম্বর (হি.স.): শুক্রবার সকাল সকাল এশিয়ান গেমসের শুটিং রেঞ্জ থেকে ভারতের জন্য সুখবর এল। বিশ্ব রেকর্ড গড়ে ভারতকে সোনা উপহার দিলেন ভারতের তিন ছেলে। ৫০ মিটার প্রোনে সোনা জিতলেন ঐশ্বর্য্য প্রতাপ সিং টোমার, স্বপ্নিল কুসালে, অখিল সেওরান। এবারের এশিয়াডে ভালো পারফর্ম করছেন ভারতের শুটাররা। এশিয়ান গেমস থেকে এটি ভারতের সপ্তম সোনা। ঐশ্বর্য্য-স্বপ্নিল-অখিল ১৭৬৯ পয়েন্ট তুলে বিশ্বরেকর্ড করেছেন। চিন আর দক্ষিণ কোরিয়ার শুটাররা শেষ করেছেন রুপো ও ব্রোঞ্জে। শুটিং থেকে সব মিলিয়ে এল ৫টা সোনা।

এদিকে শুটিংয়ে ৫০ মিটার রাইফেল থ্রি-পি-র ব্যক্তিগত ইভেন্টের ফাইনালে উঠেছেন স্বপ্নিল কুসালে এবং ঐশ্বর্য্য প্রতাপ সিং টোমার। তারা গড়েছেন এশিয়ান গেমস এবং এশিয়ান রেকর্ড। আজ ৫০ মিটার থ্রি-পি-র ব্যক্তিগত বিভাগের ফাইনালে নামবেন এই দুই শুটার। তাদের আজ পদক পাওয়ার প্রবল সম্ভবনা রয়েছে।

## এশিয় গেমসে ভারতের সাফল্য, বার্তা প্রধানমন্ত্রী মোদীর

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : এশিয় গেমসে ভারতের সাফল্যে শুক্রবার এক্স হ্যাণ্ডেলে বার্তা শুভেচ্ছা জানালেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

তিনি লিখেছেন, "এশিয় গেমসে শুটিংয়ে আরেকটি পদক! ১০ মিটার এয়ার পিস্তল মহিলা দলের ইভেন্টে রৌপ্য পদক জেতার জন্য দিব্যা থাদিগোল, এশা সিং এবং পলককে অভিনন্দন। তাঁদের ভবিষ্যত প্রচেষ্টা এবং জন্য তাঁদের জন্য শুভ কামনা। তাঁদের সাফল্য অনুপ্রাণিত করবে ভবিষ্যতের অনেক ক্রীড়াবিদকে।

একটি দুর্দান্ত জয়, মর্যাদাপূর্ণ স্বর্ণ এবং একটি বিশ্ব রেকর্ড! এশিয়ান গেমসে পুরুষদের ৫০ মিটার রাইফেল থ্রিপিএস টিম ইভেন্টে বিজয়ী হওয়ার জন্য কৌশালি স্বপ্নিল, ঐশ্বরী প্রতাপ সিং তোমর এবং অখিল শিওরানকে অভিনন্দন। তাঁরা ব্যতিক্রমী সংকল্প এবং দলগত কাজ দেখিয়েছে।"

## ডেঙ্গুর বলি মধ্য কলকাতা এক কিশোর

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : এবার খাস কলকাতায় ডেঙ্গুর বলি বছর ১৭-এর এক কিশোর। বৃহস্পতিবার সন্ধ্যায় তার মৃত্যু হয়। পুজোর মুখে রাজ্যজুড়ে ক্রমশ বাড়ছে ডেঙ্গুর দাপট। প্রতিদিন আক্রান্ত হচ্ছেন বহু মানুষ। মৃত্যুর ঘটনাও ঘটছে। কান্নায় ভেঙে পড়েছে পরিবার।

জানা গিয়েছে, কলকাতার বি বি গাঙ্গুলি স্ট্রিটের বাসিন্দা ওই কিশোর। কয়েকদিন ধরেই জ্বরে ভুগিছল সে। গত ২০ সেপ্টেম্বর একটি বেসরকারি হাসপাতালে ভরতি করা হয় তাকে। সেই সময় ডেঙ্গু পরীক্ষা করা হলে রিপোর্ট আসে পজিটিভ। এছাড়াও বেশ কিছু সমস্যা ছিল ওই কিশোরের। চলছিল চিকিৎসা। বৃহস্পতিবার বিকেল ৫ টায় মৃত্যু হয় তার। ডেথ সার্টিফিকেটে একাধিক সমস্যার পাশাপাশি ডেঙ্গুরও উল্লেখ রয়েছে। প্রসঙ্গত, গতকালই ডেঙ্গুতে মৃত্যু হয়েছে সল্টলেকের দত্তবাদের বাসিন্দা প্রতিমা মণ্ডলের। গত কয়েকদিন ধরে জ্বরে ভুগছিলেন প্রতিমাদেবী। চিকিৎসকের পরামর্শও নেন তিনি। ডেঙ্গু পরীক্ষা করা হয়। রিপোর্ট আসে পজিটিভ। তার পরও মোটের উপর ঠিকই ছিলেন প্রৌঢ়া। মঙ্গলবার বিকেলের পর থেকে ক্রমশ অসুস্থতা বাড়তে থাকে। পরবর্তীতে রাতে তাঁকে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। বৃহস্পতিবার সকালে মৃত্যু হয়েছে প্রৌঢ়ার।

## শপথ নিতে কলকাতায় ধূপগুড়ি উপনির্বাচনে জয়ী সদস্য নির্মলচন্দ্র রায়

ধূপগুড়ি, ২৯ সেপ্টেম্বর (হি.স.): শপথ নিতে কলকাতায় গেলেন ধূপগুড়ি উপনির্বাচনে জয়ী সদস্য নির্মলচন্দ্র রায়। রাজভবন ও পরিষদীয় মন্ত্রীর ডাকে কলকাতা গিয়েছেন তিনি। শনিবার বিকেল সাড়ে ৪টায় রাজভবনেই শপথগ্রহণ অনুষ্ঠান হবে।

এর আগেও নির্মলবাবুর শপথ নিয়ে একাধিক জলঘোলা হয়েছিল। চিঠি পেলেও তা দেরি করে এসেছে বলেও দাবি করেছিলেন তিনি। তবে বৃহস্পতিবার দুপুরে রাজভবন থেকে চিঠি এসেছে। একইভাবে পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায়ও তাঁকে ডেকেছেন। শুক্রবার সকালে নির্মলবাবু সপরিবারে বাগডোগরা বিমানবন্দরে যান। সেখান থেকে বিমানে কলকাতায় পৌঁছোন। দলীয় নেতৃত্বের সঙ্গে এদিন কথাও বলবেন বলে জানা গিয়েছে। পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় বলেন, '৩০ সেপ্টেম্বর বিকেল সাড়ে ৪টের সময় রাজভবনেই শপথগ্রহণ অনুষ্ঠান হবে। রাজ্যপালও চিঠি দিয়েছেন। সেই অনুযায়ী দলের সুপ্রিমোর থেকে শুনে তাঁকেও জানিয়ে দেওয়া হয়েছে।'

## কুণাল ঘোষকে আমেরিকা যাওয়ার অনুমতি দিল কলকাতা হাই কোর্ট

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি স)। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে স্পেন সফর সেরে সদ্য দেশে ফিরেছেন কুণাল ঘোষ। এবার আমেরিকা যাওয়ার আর্জি তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদকের। কলকাতা হাইকোর্ট তাঁর সেই আবেদন মঞ্জুর করেছে অর্থাৎ আমেরিকা সফরে যেতে পারবেন কুণাল ঘোষ। সূত্রের খবর, তৃণমূলের এই নেতার ছেলে আমেরিকায় পড়াশোনা করছে। তাকে দেখতেই যেতে চান কুণাল। ২০১৬ সালে সারদা মামলায় শর্ত সাপেক্ষে জামিন পান কুণাল ঘোষ। প্রাথমিকভাবে তাঁর রাজ্যের বাইরে যাওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা ছিল। তাই বাইরে যেতে চাইলে আদালতের অনুমতি নিতে হবে তাঁকে। সে কারণেই স্পেন সফরে যাওয়ার আগেও অনুমতি চাইতে হয়েছিল হাইকোর্টে। শুক্রবার অনুমতি দিলেন বিচারপতি জয়মাল্য বাগচি।

প্রসঙ্গত, গত ১২ সেপ্টেম্বর স্পেনের বাণিজ্য সম্মেলনে গিয়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর সঙ্গীদের মধ্যে ছিলেন রাজ্যের শাসকদলের মুখপাত্র কুণাল। কিন্তু যে হেতু তিনি রাজ্যের একটি তদন্তাধীন মামলায় অভিযুক্ত, সে জন্য তাঁর স্পেন যাত্রায় আপত্তি করেছিল সংশ্লিষ্ট মামলার তদন্তকারী সংস্থা সিবিআই। কিন্তু গত ৫ সেপ্টেম্বর কলকাতা হাই কোর্টের বিচারপতি বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চ সিবিআইয়ের আপত্তি খারিজ করে জানিয়েছিল, "কুণাল অভিযুক্ত হলেও তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ এখনও প্রমাণিত হয়নি। তাই বিদেশযাত্রা আটকানো যায় না। তা ছাড়া কুণাল বিদেশ গেলে তদন্ত কী ভাবে ক্ষতিগ্রস্ত হবে তা জানাতে পারেনি সিবিআই। এ ব্যাপারে তাদের দাবির স্বপক্ষে কোনও প্রমাণও দাখিল করতে পারেনি কেন্দ্রীয় সংস্থাটি।"

## বিগত ৭৫ বছরে গণতন্ত্রের শিকড় গভীর করতে সফল হয়েছে ভারত : অমিত শাহ

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স.): বিগত ৭৫ বছরে গণতন্ত্রের শিকড় গভীর করতে সফল হয়েছে ভারত। বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুক্রবার দিল্লিতে এইচডি চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ১১৮-তম বার্ষিক অধিবেশনে অংশ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, 'আমাদের স্বাধীনতার ১০০-তম বছরে, আমরা এমন একটি দেশ চাই যেটি সব ক্ষেত্রে এগিয়ে থাকবে।' অমিত শাহ বলেছেন, 'আমাদের দেশে গণতন্ত্র অনেক গভীরে প্রোথিত এবং গত ৭৫ বছরে এটাই আমাদের সবচেয়ে বড় অর্জন। জি-২০, চন্দ্রযান-৩-এর সাফল্য, মিশন আদিত্য এল-১ এবং মহিলা সংরক্ষণ বিল পাশ, এই সমস্ত ঘটনা দেশকে নতুন শক্তিতে ভরিয়ে দিয়েছে, দেশ ৭৫ বছরের যাত্রা শেষ করেছে এবং গত ৭৫ বছরে আমরা প্রতিটি সেক্টরে বেশ কিছু অর্জন করেছি... আমরা আন্তর্জাতিক ফোরামে নিজেদের প্রমাণ করেছি।'

ভারতের পৌরহিত্যে জি-২০ শিখর সম্মেলন প্রসঙ্গে অমিত শাহ বলেছেন, 'জি-২০ শিখর সম্মেলনের পরে, প্রতিটি সেক্টরে একটি নতুন শক্তির আবির্ভাব ঘটেছে। জি-২০ সম্মেলনে যাদের সঙ্গে আমার দেখা হয়েছিল, তাঁরা সবাই আমাকে ভারতে ডিজিটাল পেমেন্ট সম্পর্কে জিজ্ঞাসা করেছিল।'

অমিত শাহ জোর দিয়ে বলেছেন, 'গত ৯ বছরে ভারত অনেক পরিবর্তন দেখেছে; এই ৯ বছর রাজনৈতিক স্থিতিশীলতা, সিদ্ধান্তমূলক নীতির বছর হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে নীতি প্রণয়নের বিষয়ে স্বচ্ছতার পাশাপাশি গণতন্ত্র এবং দলগত কাজ (দেশে) হয়েছে।' অমিত শাহ আরও বলেছেন, 'নীতির দ্বারা আসা পরিবর্তনের কারণে, "ভারতের মুহূর্ত" সর্বত্র আলোচিত হচ্ছে।' অমিত শাহের কথায়, 'মেক ইন ইন্ডিয়া প্রোগ্রাম নিয়ে আগে উপহাস করা হয়েছিল, এখন আমরা উৎপাদন ক্ষেত্রে স্বপ্নের গন্তব্য... আগামী ১০ বছরে ভারত সারা বিশ্বের শিক্ষার্থীদের জন্য সেরা গন্তব্য হবে।'

## বিষাদের সুর মহারাষ্ট্রে, মুম্বইয়ে ৮৩ হাজার ছোট-বড় গণেশ মূর্তির বিসর্জন

মুম্বই, ২৯ সেপ্টেম্বর (হি.স) : মুম্বই সহ সমগ্র মহারাষ্ট্রে ভগবান গণেশকে জাঁকজমকভাবে বিদায় জানানো হচ্ছে। শুক্রবার সকাল ৯টা নাগাদ লালবাগের গণেশ মূর্তির বিসর্জন অত্যন্ত ভক্তির সহকারে করা হয়েছে। ভক্তরা তাদের প্রিয় গণেশকে গণপতি বাপ্পা মোরিয়া, আসছে বছর আবার হবে, বলে বিসর্জন দেয়। শুক্রবার মুম্বইয়ে ব্যাপক উৎসাহ উদ্দীপনার সঙ্গে ৮৩ হাজার ছোট-বড় গণেশ মূর্তির বিসর্জন সম্পন্ন হয়েছে। পুণে শহরে ভক্তরা উৎসাহের সঙ্গে বাদ্যযন্ত্র বাজিয়ে ভগবান গণেশের বিসর্জন করে। বৃহস্পতিবার সকাল থেকেই মুম্বইয়ে গণেশ বিসর্জন শুরু হয়।

বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ লালবাগের গণপতির বিসর্জনের যাত্রা শুরু হলেও কয়েক কিলোমিটারের রাস্তা অতিক্রম করতে ২৩ ঘন্টা সময় পেরিয়ে যায়।

বহু স্থানে লালবাগের গণেশ মূর্তির দর্শনে ভিড় জমায় জনগণ। শুক্রবার সকাল ৮টা নাগাদ লালবাগের রাজা যখন গিরগাঁও চৌপাটিতে পৌঁছন, তখন লক্ষ লক্ষ মানুষ হাত তুলে গণেশকে দর্শন করেন। সকাল ৯টা ১৫ মিনিট নাগাদ লালবাগের রাজাকে সমুদ্রে বিসর্জন দেওয়া হয়। ওয়ারলি, গিরগাঁও চৌপাট্টি, জুহু চৌপাট্টি, মার্ভ সহ মুম্বইয়ের সর্বত্র ঘাটে গণেশ ভক্তদের ভিড় ছিল চোখে পড়ার মতো।

সমস্ত গণেশ ভক্তরা ঢোল তাশার তালে ভগবান গণেশকে নাচিয়ে বিসর্জনের স্থানের দিকে এগিয়ে যান। বিসর্জন উপলক্ষ্যে মুম্বই শহরের প্রতিটি কোণায় প্রায় ২০ হাজার পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছিল। সেজন্য কোথাও কোনও অপ্রীতিকর ঘটনা ঘটতে পারেনি।

## ইডি-র তলবে যাচ্ছেন না অভিষেক, এক্স-এ জানালেন ২ ও ৩ অক্টোবর দিল্লিতেই থাকব

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি.স.): আগামী ৩ অক্টোবর প্রবর্তন নির্দেশালয় (ইডি)-র তলবে তাঁদের দফতরে যেতে পারবেন না তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। কারণ, তখন তিনি দিল্লিতে থাকবেন। শুক্রবার নিজেই এ কথা জানালেন অভিষেক। তাঁর দাবি, ঘোষিত কর্মসূচির ধরে ধরে তাঁকে ডেকে পাঠাচ্ছে কেন্দ্রীয় সংস্থা। শুক্রবার এ নিয়ে সমাজমাধ্যমে একটি বিস্তারিত বিবৃতি দিয়েছেন অভিষেক।

শুক্রবার সকালে অভিষেক এক্স মাধ্যমে জানিয়েছেন, "বাংলাকে বঞ্চনা এবং বাংলার ন্যায্য পাওনার বিরুদ্ধে লড়াই সমস্ত বাধা উপেক্ষা করে অব্যাহত থাকবে। বাংলার মানুষের মৌলিক অধিকারের জন্য আমার এই লড়াই পৃথিবীর কোনও শক্তিই দমাতে পারবে না।" এর পর অভিষেক লেখেন, "আমি আগামী ২ এবং ৩ অক্টোবর দিল্লিতে থাকব বিক্ষোভে যোগ দেওয়ার জন্য। পারলে আমায় আটকান।"

উল্লেখ্য, লিপ্স অ্যান্ড বাউন্ডস মামলায় জিজ্ঞাসাবাদের জন্য অভিষেককে আগামী ৩ অক্টোবর সকাল সাড়ে ১০টার সময়ে সিজিও কমপ্লেক্সে হাজির হতে বলেছে ইডি। ঘটনাচক্রে, আগামী ২ এবং ৩ অক্টোবর পশ্চিমবঙ্গের বকেয়া পাওনা চেয়ে দিল্লিতে ঘেরাও কর্মসূচি ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস।

কর্মসূচি চলাকালীন অভিষেকের দিল্লিতে থাকার কথা। সেই সময়েই ইডি-র তলব ঘিরে বিতর্ক তৈরি হয়। পাশাপাশি ওই একই মামলায় অভিষেকের বাবা-মাকেও তলব করা হয়েছে। অভিষেকের বাবা অমিত বন্দ্যোপাধ্যায় এবং মা লতা বন্দ্যোপাধ্যায়কে তাঁদের সম্পত্তির নথি নিয়ে সিজিও কমপ্লেক্সে যেতে বলেছে ইডি।

## ভারতে কোভিড-সংক্রমণ নিয়ন্ত্রণেই; ২৪ ঘন্টায় দেশে সুস্থ ৫০ জন, কোনও প্রাণহানি হয়নি

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স.) : ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৪০ জন, যা আগের দিনের তুলনায় কম। বৃহস্পতিবার সারাদিনে কোনও প্রাণহানি হয়নি। এই সময়ে সুস্থ হয়েছেন ৫০ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৪৬৬ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩২,০৩১।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৬,২৪৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৮ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ১৫,৭৫১ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৭১,৪৮৭-তে পৌঁছেছে।

## মুসৌরিতে খাদে পড়ে মৃত এক যুবকের, প্রাণে বাঁচলেন একজন

দেহরাদূন, ২৯ সেপ্টেম্বর (হি.স) : মুসৌরির ওল্ড রোডে খাদে পড়ে এক যুবকের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও এক যুবক। শুক্রবার সকালে মুসৌরির ওল্ড মার্গ রাজপুরে খাদে পড়ে যায় দুই যুবক। তাদের মধ্যে একজনের প্রাণ হারান। অপরজন গুরুতর আহত হয়। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত ব্যক্তির চিকিৎসা চলছে। দুজনেরই বাড়ি উত্তরপ্রদেশের সামলিতে।

পুলিশ জানিয়েছে, মৃত ব্যক্তির নাম বিনীত চৌধুরী (৩৫)। আহত যুবকের নাম কপিল চৌধুরি (৩০)। দুজনকেই খাদ থেকে এসডিআরএফের কর্মীরা উদ্ধার করার পর [illegible] একজনের মৃত্যু হয়েছে।

# স্বচ্ছ ও পরিচ্ছন্ন ভারত একটি যৌথ দায়িত্ব : প্রধানমন্ত্রী মোদী



নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর (হি.স.): আগামী ১ অক্টোবর সকাল দশটা নাগাদ সমস্ত দেশবাসীকে দেশজুড়ে স্বচ্ছতা অভিযানে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর মতে, স্বচ্ছ ও পরিচ্ছন্ন ভারত একটি যৌথ দায়িত্ব। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার সকালে সামাজিক মাধ্যম এক্স-এ জানিয়েছেন, ১ অক্টোবর সকাল দশটায়, আসুন আমরা একটি গুরুত্বপূর্ণ স্বচ্ছতার উদ্যোগের জন্য একত্রিত হই। স্বচ্ছ ভারত একটি যৌথ দায়িত্ব, এবং প্রতিটি প্রচেষ্টা গণনা করা হয়। একটি পরিচ্ছন্ন ভবিষ্যতের সূচনা করার এই মহৎ প্রচেষ্টায় যোগ দিন। প্রসঙ্গত, জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকীর প্রাক্কালে এই স্বচ্ছ ভারত অভিযান চালানো হবে। গান্ধীজি সারা জীবন স্বচ্ছতার ওপর অগাধ গুরুত্ব দিয়েছিলেন। বাপুর সেই ভাবনাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী মোদী। দেশজুড়ে এই মুহূর্তে চলছে স্বচ্ছতার অভিযান।

## ব্রোঞ্জ জিতল ভারতের মহিলা স্কোয়াশ দল

হানঝাউ, ২৯ সেপ্টেম্বর (হি.স.): শুক্রবার এশিয়ান গেমসের সেমিফাইনালে হংকংয়ের বিরুদ্ধে ১-২ হেরে জোৎস্না চিনপ্পা, তানভি খান্না এবং অনাহত সিং নিয়ে গঠিত ভারতীয় মহিলা স্কোয়াশ দল ব্রোঞ্জ জিতেছে। তানভি এবং আহনাত উভয়ই তাদের নিজ নিজ ম্যাচে হারলেও অভিজ্ঞ জোৎস্না চিনপ্পা তাঁর প্রতিপক্ষকে ৩-২ ব্যবধানে পরাজিত করেন। তবুও ব্রোঞ্জ পদক ঘরে তুলতে সফল হয়েছে ভারতীয় মহিলা দল।

জোৎস্না চিনপ্পা, আনাহাত সিং, তানভি খান্না দলকে সকলেই কুর্নিশ জানাচ্ছেন। কারণ ২০১০ সালে ব্রোঞ্জ, ২০১৪ সালে রুপো, ২০১৮ সালে ব্রোঞ্জ। ২০১০ সাল থেকে টিম ইভেন্টের প্রবর্তনের পর থেকে এশিয়ান গেমসের প্রতিটি সংস্করণে মহিলা স্কোয়াশ দল একটি করে পদক জিতে আসছে।

## পুষ্টিকর খাদ্য একটি স্বাস্থ্যকর জীবনধারা ও স্বাস্থ্য সুরক্ষার প্রথম পদক্ষেপ : সুখবিন্দর সিং সুখু

শিমলা, ২৯ সেপ্টেম্বর (হি.স) : হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু শুক্রবার পুষ্টি বিষয়ক একটি বই প্রকাশ করলেন। বইটি ললিত গুপ্তের লেখা- 'জীবনের ভিত্তি-আপনার পুষ্টিকর খাদ্য'। মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু মানুষের জীবনে পুষ্টিকর খাদ্যের গুরুত্ব কতটা সেসম্পর্কে বক্তব্য রাখেন। তিনি লেখক ললিত গুপ্তের প্রভূত প্রশংসা করে বলেন, পুষ্টিকর খাদ্য একটি স্বাস্থ্যকর জীবনধারা ও স্বাস্থ্য সুরক্ষার প্রথম পদক্ষেপ। এই পুস্তিকাটির মাধ্যমে সুস্থ জীবনের জন্য প্রয়োজনীয় পুষ্টি উপাদান সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যাবে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন। সার্বিক শারীরিক বিকাশে সুষম খাদ্যের গুরুত্বের ওপর জোর দিয়ে সুখবিন্দর সিং সুখু বলেন, সুস্বাস্থ্যের ভিত্তি হল পুষ্টি। এই পুস্তিকটির উদ্দেশ্য হল, মানুষকে তাদের খাদ্য সম্পর্কে সঠিক ও প্রয়োজনীয় জ্ঞান প্রদান করা।

## বিশ্বকাপকে সামনে রেখে হুমকি খালিস্তানি জঙ্গিদের

আহমেদাবাদ, ২৯ সেপ্টেম্বর (হি.স.): বিশ্বকাপকে সামনে রেখে হুমকি দিতে শুরু করল খালিস্থানি জঙ্গিরা। তারা বলছে, ক্রিকেট বিশ্বকাপ নয়, শুরু হতে চলেছে "টেরর কাপ"! সরাসরি এই ধরনের হুমকি খালিস্তানি জঙ্গিদের। তাদের লক্ষ্য ১৪ অক্টোবর। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে ভারত বনাম পাকিস্তান আইসিসি বিশ্বকাপ ম্যাচে হামলার হুমকি দেওয়া হয়েছে।

নিষিদ্ধ সংগঠন শিখস ফর জাস্টিসের প্রতিষ্ঠাতা গুরপতবন্ত সিং পান্নুন সরাসরি এই হুমকি দিয়েছেন।

## ছত্তিশগড়ের চলচ্চিত্র জগতে শোকের আবহ, সড়ক দুর্ঘটনায় মৃত্যু অনুপম ভার্গবের

রায়পুর, ২৯ সেপ্টেম্বর (হি.স) : ছত্তিশগড়ের চলচ্চিত্র জগতে শোকের আবহ, এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালেন ছত্তিশগড়ের চলচ্চিত্র শিল্পী অনুপম ভার্গব। বৃহস্পতিবার গভীর রাতে শিল্পী তাঁর স্ত্রী নিকিতা জয়সওয়ালকে নিয়ে বিলাসপুর থেকে রায়পুরের উদ্দেশে আসছিলেন। নিজেই গাড়ি চালিয়ে আসছিলেন শিল্পী। সারগাঁওয়ের কির্ণার সামনে থেকে একটি ট্রেলার এসে তাঁর গাড়িকে ধাক্কা মারলে ঘটনাস্থলেই শিল্পী অনুপমের মৃত্যু হয়। সারগাঁও থানা সূত্রে এই তথ্য জানা গিয়েছে।

শিল্পীর স্ত্রী নিকিতা জয়সওয়ালের অবস্থা আশঙ্কাজনক। তাঁকে বিলাসপুরের অ্যাপোলো হাসপাতালে ভর্তি করা হয়েছে। চলচ্চিত্রে আসার আগে অনুপম একজন রেডিও জকি ছিলেন। অনুপমের আদি বাড়ি বিলাসপুরের সরকান্দায়। যদিও বর্তমানে তিনি গত ২ বছর ধরে রায়পুরের কবির নগরে থাকছিলেন। বাবা-মায়ের একমাত্র ছেলে ছিলেন অনুপম। অনুপম ভার্গব ছড়িশগড়ি সিনেমায় তাঁর অভিনয় ও পরিচালনার কেরিয়ার শুরু করেছিলেন।

## খড়্গপুরে গয়নার দোকানে দিনেদুপুরে ডাকাতির চেষ্টা, আহত ২

পশ্চিম মেদিনীপুর, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : খড়্গপুর শহরের গোলবাজার এলাকায় একটি গয়নার দোকানে ডাকাতির চেষ্টা হল শুক্রবার। ডাকাতিতে বাধা দেওয়ায় চলল গুলিও। আশিসকুমার দত্ত নামে ওই স্বর্ণ বিপণীর মালিক গুলিবিদ্ধ হয়েছেন বলে খবর। আশঙ্কাজনক অবস্থায় ওই ব্যক্তিকে মেদিনীপুর মেডিক্যাল কলেজে ভর্তি করানো হয়েছে।

ওই দোকানের এক কর্মীও আহত হয়ে খড়্গপুর মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এই ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে এলাকায়। ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ।

খড়গপুর শহরের সবথেকে বড় বাজার গোলবাজার এলাকা। সেখানেই একটি সোনার দোকানে আজ ডাকাতির উদ্দেশ্যে জড়ো হয় চার দুষ্কৃতী। সোনার দোকান খোলার পরেই তারা ভেতরে ঢুকে পড়ে। এরপর সোনার জিনিসপত্র দেখতে চায়। সোনার জিনিসপত্র বাছার পরে টাকা চাওয়া হয় তাদের কাছে। সেই সময় ব্যাগ থেকে টাকা বের করার ছলে আগ্নেয়াস্ত্র বের করে সোনার দোকানের মালিককে গুলি চালিয়ে দেয় দুষ্কৃতী। অন্য দুষ্কৃতীদের মধ্যে একজন দোকানের এক কর্মীর হাতে ছুরি চালায়। ঘটনায় দুই জনই আহত হন। এরপরই দুষ্কৃতীরা দোকান থেকে বেরিয়ে চলে আসে।

সোনার দোকানের মালিক জানিয়েছেন, দুষ্কৃতীরা কী জিনিস নিয়ে গেছে এখনই তা বলতে পারছেন না। আহতদের খড়গপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ আসে। সিসি টিভির ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে।

## কুলগামে পাকড়াও পঞ্জাবের দুই মাদক পাচারকারী, বিপুল পরিমাণ নিষিদ্ধ পদার্থ উদ্ধার

শ্রীনগর, ২৯ সেপ্টেম্বর (হি.স): পঞ্জাবের দুই মাদক চোরাকারবারীকে গ্রেফতার করল জম্মু কাশ্মীরের কুলগাম জেলার পুলিশ। কুলগাম জেলার পুলিশ শুক্রবার ওই দুই মাদক চোরাকারবারীকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে প্রচুর পরিমাণে নিষিদ্ধ পদার্থও উদ্ধার করেছে পুলিশ। রোজকার মতো রুটিন মাফিক টহল দেওয়ার সময় দু"জনকে ব্যাগ নিয়ে ঘুরে বেড়াতে দেখে পুলিশ, পুলিশের সন্দেহ হওয়ায় তাদের থামতে বলা হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে দুজন ব্যক্তি ঘটনাস্থল থেকে পালানোর চেষ্টা করলে পুলিশ তাদের ধরে ফেলে।

তল্লাশি চালিয়ে পুলিশ ১৯ কেজি নিষিদ্ধ পদার্থ উদ্ধার করে। ধৃতদের নাম বলবিন্দর সিং ও হরবিন্দর সিং। দু"জনেই পঞ্জাবের বাসিন্দা। পুলিশ জানিয়েছে, কাজিগুন্দ থানায় মাদকদ্রব্য ও এনডিপিএস আইনের অধীনে মামলা দায়ের করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## গিরিডিতে ডাকাতির সময় গুলি ট্রাক চালককে

গিরিডি, ২৯ সেপ্টেম্বর (হি.স.) : ঝাড়খণ্ডের নিমিয়াঘাট থানা এলাকার ইসরি তুরিটোলার কাছে বাইপাস জিটি রোডে ডাকাতির সময় ট্রাক চালককে লক্ষ্য করে গুলি চালায় দুষ্কৃতীরা। বৃহস্পতিবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে। গুলিতে ট্রাক চালক আহত হয়েছেন।

ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহত ট্রাক চালককে চিকিৎসার জন্য রেফারেল হাসপাতালে ভর্তি করে, যেখানে প্রাথমিক চিকিৎসার পর ট্রাক চালককে উন্নত চিকিৎসার জন্য ধানবাদে রেফার করা হয়। ঘটনার পর পুলিশ তদন্ত শুরু করেছে। জানা গেছে, ট্রাকটি কলকাতা থেকে দিল্লির দিকে যাচ্ছিল। ডাকাতির সময় বাধা দেওয়ায়ই ট্রাক চালককে গুলি করে দুষ্কৃতীরা।

## অ্যান্টনি ব্লিঙ্কেনের সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের

ওয়াশিংটন, ২৯ সেপ্টেম্বর (হি.স.): আমেরিকার ওয়াশিংটন ডিসি-তে সে দেশের বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেনের সাক্ষাৎ করেছেন ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। ভারতীয় সময় অনুযায়ী, শুক্রবার ভোররাতে এক্স মাধ্যমে এই সাক্ষাতের বিষয়ে জানিয়েছেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। তিনি জানিয়েছেন, আমার বন্ধু মার্কিন বিদেশ সচিবের সঙ্গে দেখা করে দারুণ লাগছে। বিস্তৃত আলোচনা হয়েছে, এছাড়াও বৈশ্বিক উন্নয়নের ওপর মতবিনিময় হয়েছে বলে জানিয়েছেন জয়শঙ্কর।'

মার্কিন বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেনও এই সাক্ষাতের বিষয়ে এক্স মাধ্যমে জানিয়েছেন। তিনি জানান, এ মাসের শুরুতে মার্কিন রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানানোর জন্য ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে ধন্যবাদ। ভারতের সফল জি-২০ সভাপতিত্ব, ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর তৈরি এবং নতুন দিল্লিতে আসন্ন আমেরিকা-ভারত টু প্লাস টু সংলাপ নিয়ে আমরা আলোচনা করেছি।'

## এবার একশো পার, সেই লক্ষ্যে এক ধাপে পৌঁছল ভারত

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি.স.): এবার একশো পদক পাওয়ার লক্ষ্য নিয়ে এশিয়ান গেমসে গেছে ভারত। সেই লক্ষ্যে বৃহস্পতিবার এক ধাপে পৌঁছল ভারত। যদিও বৃহস্পতিবার কিছুটা হতাশার মধ্যে কাটল ভারতের বলা যায়। সারা দিনে প্রাপ্তি হয়েছে মাত্র তিনটি পদক। পুরুষদের ১০মিটার এয়ার পিস্তল ইভেন্টে সোনা, উসুতে রোশিবিনা দেবীর রুপো এবং ইকুয়েস্ট্রিয়ানে ব্যক্তিগত ইভেন্টে ব্রোঞ্জ অনুষ আগরওয়াল্লার। এদিন সবচেয়ে হতাশার ছিল এশিয়ান গেমস থেকে ভারতীয় ফুটবলের বিদায়। সব মিলিয়ে এখন ভারতের ঝুলিতে ২৮টি পদক। অর্থাৎ বৃহস্পতিবার একশোর লক্ষ্যে 'কোয়ার্টার'-এ পৌঁছেছে ভারত। এর ফলে পদক তালিকা পঞ্চম থেকে উঠে এল চতুর্থ স্থানে।

এবার এসিয়াডে ৬৫৫ সদস্যের টিম গেছে। ফলে একশোর প্রত্যাশা করা যেতেই পারে। আজ শুরু হচ্ছে অ্যাথলেটিক্স ইভেন্ট। প্রথম দিনই মনপ্রীত কৌর, প্রিয়াঙ্কা গোস্বামীর মতো দুই অ্যাথলিট নামছেন। এখনও বাকি রয়েছেন নীরজ চোপড়া। শুক্রবার শুটিংয়ে আরও পদকের প্রত্যাশা রয়েছে।

## এশিয়ান গেমসে রামকুমার-সাকেতের হাত ধরে এল টেনিসের প্রথম পদক

হানঝাউ, ২৯ সেপ্টেম্বর (হি.স.): এবারের এশিয়ান গেমসে শুক্রবার টেনিস থেকে এল প্রথম পদক। দশম রুপো ভারত পেল এশিয়াড থেকে। রামকুমার প্রথম এশিয়ান গেমস পদক পেলেন। আর সাকেতের তৃতীয় এশিয়ান গেমস পদক। সেমিফাইনালে দক্ষিণ কোরিয়ান জুটিকে হারিয়ে ফাইনালে উঠেছিলেন রামকুমার-সাকেত। কিন্তু শেষ পর্যন্ত সোনা অধরাই থেকে গেল। ভারতীয় এই জুটি সোনার লক্ষ্যে নামলেও শুরু থেকে ভালো ছন্দে ছিলেন না। চিনা তাইপের জেসন অভিজ্ঞ টেনিস প্লেয়ার। তিনিই হুসুকে সোনা জেতার পথ দেখালেন।৪-৬, ৪-৬ হেরে গেলেন তাঁরা। টেনিসে ভারতের সোনা জয়ের স্বপ্ন এখনও টিকে রয়েছে। রোহন বোপান্না ও ঋতুজা ভোঁসলে মিক্সড ডাবলসের সেমিফাইনালে উঠেছেন। ব্রোঞ্জ নিশ্চিত করে নিয়েছেন। আর দুটো ম্যাচ যদি তারা জিততে পারেন, তা হলে তাদের কাছ থেকে ভারত সোনা পেতে পারে।

## হাওড়া সেতুতে বন্ধ সমস্ত যান চলাচল

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি.স.): আদিবাসী সংগঠনের মিছিলের জেরে অবরুদ্ধ হয়ে পড়ল অত্যন্ত ব্যস্ততম হাওড়া সেতু। সেতুর দুই দিকে দাঁড়িয়ে রইল সারি সারি যাত্রীবাহী বাস, গাড়ি, ট্যাক্সি। আদিবাসী সংগঠনের মিছিলের জেরে শুক্রবার সকালে ব্যস্ত সময়ে ভোগান্তির শিকার হলেন নিত্যযাত্রীরা। অফিস পৌঁছতে অনেকটাই দেরি হয়েছে যাত্রীদের। শনিবার সকাল ৯টা নাগাদ আচমকাই হাওড়া সেতুতে শুরু হয় অবরোধ। রাস্তার উপর পতাকা নিয়ে দাঁড়িয়ে থাকতে দেখা যায় আদিবাসী সমাজের প্রতিনিধিদের। কতক্ষণ ধরে এই মিছিল চলবে, তা এখনও স্পষ্ট নয়। তবে আন্দোলনকারীরা জানাচ্ছেন, ধর্মতলার উদ্দেশে যাবে এই মিছিল। হাওড়া সেতু থেকে ব্রেবোর্ন রোড ধরে এগোবে মিছিল। ইতিমধ্যেই হাওড়া সেতুর দুই প্রান্ত ধরে মিছিল এগোচ্ছে কলকাতার ব্রেবোর্ন রোডের দিকে। জায়গায় জায়গায় ট্র্যাফিক মোতায়েন থাকলেও তাঁদের খুব একটা সক্রিয় ভূমিকায় দেখা যায়নি বলে ক্ষোভ যাত্রীদের একাংশের। স্ট্র্যান্ড রোডমুখী রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় বিকল্প উপায়েও গন্তব্যে পৌঁছোতে পারছেন না অফিসযাত্রীরা।

## সুখবর দিলেন কেরলের স্বাস্থ্যমন্ত্রী

তিরুবনন্তপুরম, ২৯ সেপ্টেম্বর (হি.স.): নিপা ভাইরাস নিয়ে আতঙ্কের মধ্যেই সুখবর দিলেন কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীনা জর্জ। শুক্রবার সকালে তিনি জানিয়েছেন, কেরলে নিপা ভাইরাসে আক্রান্ত ৪ জন রোগীই সুস্থ হয়ে উঠেছেন। কেরলের স্বাস্থ্যমন্ত্রী বলেছেন, 'নিপা ভাইরাসে সংক্রমিত হওয়ায় ৯ বছর বয়সী বালক-সহ যে ৪ জন কোঝিকোড়ে চিকিৎসাধীন ছিলেন, তাঁরা সুস্থ হয়ে উঠেছেন। ডাবল নেগেটিভ রিপোর্ট এসেছে (ব্যবধানে দুটি নমুনা পরীক্ষা করা হয়েছে)।' কেরলের কোঝিকোড়ে জেলায় জেলায় মোট ৬ জন নিপা ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন এবং তাঁদের মধ্যে দু"জন মারা গিয়েছেন। ৯ বছর বয়সী বালক-সহ ৪ জনের চিকিৎসা চলছিল, অবশেষে তাঁরাও সুস্থ হয়ে উঠেছেন। দু"বার তাঁদের টেস্ট রিপোর্ট নেগেটিভ এসেছেন বলে জানিয়েছেন কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীনা জর্জ।

## গাজিয়াবাদের রাসায়নিক কারখানায় ভয়াবহ আগুন, আয়ত্তে আনার চেষ্টায় দমকল বাহিনী

গাজিয়াবাদ, ২৯ সেপ্টেম্বর (হি.স): উত্তর প্রদেশের গাজিয়াবাদের এক রাসায়নিক কারখানায় ভয়াবহ আগুন লাগার খবর পাওয়া গিয়েছে। মেরঠ-হাপুর-নয়ডার দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা শুরু করেছে। শুক্রবার ভোররাতে গাজিয়াবাদের দক্ষিণ পাশের শিল্পাঞ্চল এলাকার একটি রাসায়নিক কারখানায় ভয়াবহ আগুন লাগে। আগুন লাগার কিছুক্ষণের মধ্যেই তা ভয়াবহভাবে ছড়িয়ে পড়ে। আগুন লাগার খবর পেয়ে দমকল বিভাগের কর্মীরা এসে আগুন নেভানোর কাজ শুরু করেছে। আগুন লাগার পর পরিস্থিতি এতটাই ভয়াবহ হয়ে উঠে যে গাজিয়াবাদের দমকল কর্মীরা শুধু তা নেভাতে না পারায় পরিস্থিতি হাতে বাইরে যাওয়ার আগে মেরঠ-হাপুর ও নয়ডার দমকল কর্মীদের খবর দেওয়া হয়। সকলে মিলে আগুন নেভানোর কাজ করে।

গাজিয়াবাদের দক্ষিণ পাশের শিল্পাঞ্চল এলাকার প্রেম ইন্ডাস্ট্রিজ নামে একটি রাসায়নিক কারখানায় এই আগুন লাগে। জেলা দমকল অফিসার জানান, ভোররাত সাড়ে ৩টে নাগাদ তিনি রাসায়নিক কারখানায় অগ্নিকাণ্ডের খবর পান। খবর পেয়ে দমকলের কর্মীদের গাড়ি ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করলেও তা ব্যর্থ হয়। তারপর আগুনকে নিয়ন্ত্রণ করতে সাহিবাদ ও লনি থেকে দমকলের ইঞ্জিন চাওয়া হলেও আগুন নিয়ন্ত্রণে আনা যায়নি। এরপরে মেরঠ, হাপুর এবং নয়ডা থেকেও দমকলের ইঞ্জিন চাওয়া হয়েছিল। কারখানায় ঢোকার পথ খুব সরু ছিল। সেজন্য দেওয়াল ভাঙতে জেসিবি ডেকে আগুন নেভানোর কাজ করা হয়।

## ঝড়ের আশঙ্কা নেই; গাঙ্গেয় বঙ্গে শুধুই বৃষ্টির পূর্বাভাস, বর্ষণের আভাস ওড়িশাতেও

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি.স.): বঙ্গোপসাগরের নিম্নচাপ যে আশঙ্কা বাড়িয়েছিল, সেই আশঙ্কা থেকে স্বস্তির আভাস দিলেন আবহাওয়াবিদরা। শুক্রবার (২৯ সেপ্টেম্বর) মায়ানমার সংলগ্ন বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্ত দানা বাঁধবে। রাত পেরোনোর আগেই সেটি নিম্নচাপে পরিণত হতে পারে। তার পরে সেটি সামান্য শক্তি বাড়িয়ে স্পষ্ট নিম্নচাপে পরিণত হয়ে ওড়িশা-পশ্চিমবঙ্গ উপকূলে হাজির হবে। এর ফলে গাঙ্গেয় বঙ্গে বৃষ্টি হলেও ঝড়ের আশঙ্কার কথা জানানো হয়নি। তবে সেপ্টেম্বরের শেষ লগ্নে এই নিম্নচাপের আবির্ভাব বঙ্গে বর্ষায় বিদায় বিলম্বিত করবে কি না, তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, নিম্নচাপের ফলে আগামী দিন কয়েক গাঙ্গেয় বঙ্গে মাঝারি বৃষ্টি হতে পারে। আগামী মঙ্গলবার থেকে উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টি বাড়বে। কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে। আবহবিদরা জানিয়েছেন, ওড়িশাতেও ভারী বৃষ্টি হতে পারে। আগামী কয়েক দিন ঝাড়খণ্ড এবং বিহারেও বৃষ্টি হতে পারে।

আবহবিদদের পূর্বাভাস মতো শুক্রবার সকাল থেকেই আবহাওয়া বদলে গিয়েছে কলকাতা ও লাগোয়া জেলাগুলিতে। রোদের দাপট উধাও হয়ে গিয়েছে ছিঁটেফোঁটা বৃষ্টি নেমেছে। ভ্যাপসা গরমও চম্পট দিয়েছে। তবে, এদিন সকালেও কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা থাকল স্বাভাবিকের ওপরেই। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি।

## ভারতের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ কানাডা : জাস্টিন ট্রুডো

অটোয়া, ২৯ সেপ্টেম্বর (হি.স.): 'ভারতের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে চায় কানাডা।' খালিস্তানি জঙ্গি খুন ইস্যু নিয়ে যখন ভারত এবং কানাডার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের টানাপোড়েন চলছে, সেই সময় ফের বিষয়টি নিয়ে মুখ খোলেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। কানাডার প্রধানমন্ত্রী বলেন, ভারত ক্রমবর্ধমান অর্থনৈতিক শক্তির আধার। বিশ্ব রাজনীতির ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ খেলোয়াড়। ফলে ভারতের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার বিষয়ে কানাডা খুব আগ্রহী সব সময়। মন্ট্রিলে এক সাংবাদিক সম্মেলনে এমনই জানান জাস্টিন ট্রুডো।

এ সবের পাশাপাশি হরদীপ সিং নিজ্জর খুনের তদন্তে ভারত যাতে সবদিক থেকে কানাডাকে সাহায্য করে, সে বিষয়ে মন্তব্য করতে শোনা যায় জাস্টিন ট্রুডোকে। ভারতের সঙ্গে যেভাবে কানাডা এবং তাদের বন্ধু দেশগুলি গঠনমূলক যোগদান চালিয়ে যাচ্ছে, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অর্থাৎ হরদীপ সিং নিজ্জরকে নিয়ে যতই দ্বিপাক্ষিক সম্পর্কের টানাপোড়েন চলুক না কেন, ভারতের সঙ্গে কানাডা সুসম্পর্ক বজায় রাখতে আগ্রহী বলে স্পষ্ট জানান সে দেশের প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো।

## কাবেরীর জলবন্টনের প্রতিবাদে কর্ণাটক বনধ; বিপর্যস্ত স্বাভাবিক জনজীবন, পুলিশও তৎপর

বেঙ্গালুরু, ২৯ সেপ্টেম্বর (হি.স.): প্রতিবেশী রাজ্য তামিলনাড়ুতে কাবেরী নদীর জল ছাড়া নিয়ে ক্রমেই উত্তপ্ত হয়ে উঠছে কর্ণাটক। কাবেরীর জল ছাড়ার প্রতিবাদে শুক্রবার কর্ণাটকজুড়ে পালিত হচ্ছে ১২ ঘন্টার বনধ। এই বনধের ডাক দিয়েছে কন্নড়পন্থী সংগঠন এবং কৃষক সংগঠনগুলি। শুক্রবার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত অচল থাকবে দক্ষিণের এই রাজ্য। সকাল থেকেই বনধের ছবি ধরা পড়েছে বেঙ্গালুরু-সহ কর্নাটকের বিভিন্ন প্রান্তে। বেঙ্গালুরুতে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে শহরের বিভিন্ন প্রান্তে ১৪৪ ধারা জারি করেছে পুলিশ। মান্ড্য জেলাতেও জারি করা হয়েছে ১৪৪ ধারা। বনধের ভালো প্রভাবই লক্ষ্য করা গিয়েছে বেঙ্গালুরুতে, বিপর্যস্ত স্বাভাবিক জনজীবন। পুলিশ-প্রশাসনও তৎপর রয়েছে। নানা স্থানে আটক করা হয়েছে ধর্মঘটীদের।

কাবেরীর জল নিয়ে কর্ণাটক এবং তামিলনাড়ুর মধ্যে বিবাদ দীর্ঘদিনের। সম্প্রতি তামিলনাড়ুকে ১৫ দিনের জন্য পাঁচ হাজার কিউসেক জল ছাড়তে কর্ণাটককে নির্দেশ দিয়েছে কাবেরী জল বণ্টন পর্ষদ বা কাবেরী ওয়াটার ম্যানেজমেন্ট অথরিটি (সিডব্লিউএমএ)। এই সিদ্ধান্তে হস্তক্ষেপ করতে চায়নি সুপ্রিম কোর্ট। তার পরই কর্ণাটকে বন্ধ ডাকা হল। শুক্রবার ১২ ঘণ্টার বনধের ডাক দিয়েছে কন্নড়পন্থী সংগঠন 'কন্নড় ওকুট্টা' এবং বিভিন্ন কৃষক সংগঠন। বন্ধকে সমর্থন জানিয়েছে কর্ণাটকের অটো রিকশা এবং হেল রাইডার্স অ্যাসোসিয়েশন। ফলে শুক্রবার সকাল থেকেই কর্ণাটকের রাস্তায় দেখা মেলেনি ওলা, উবেরের মতো ক্যাব পরিষেবার।

শপিং মল, সিনেমা হলও বন্ধ ছিল। সকালের দিকে মেট্রো ছিল একেবারে খালি।

বেঙ্গালুরু গ্রামীণ জেলার অতিরিক্ত এসপি মল্লিকার্জুন বালাদান্ডি জানিয়েছেন, 'বেশ কয়েকটি কন্নড়পন্থী সংগঠনের দ্বারা বনধ ডাকা হয়েছে, আমরা যথাযথ ব্যবস্থা নিয়েছি। সংগঠনের ৫০ জনেরও বেশি লোককে হেফাজতে নেওয়া হয়েছে... আমাদের পর্যাপ্ত কর্মী রয়েছে।' বেঙ্গালুরু সিটির ডিসিপি (অপরাধ) শেখর এইচ টেকান্নাভার বলেছেন, 'আমরা ফোর্স এর পর্যাপ্ত ব্যবস্থা করেছি। আমরা দেখব যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে।'

## ১০ মিটার এয়ার পিস্তল : সোনা জিতলেন পলক, পাকিস্তানকে হারিয়ে রুপো ভারতের এষার

হানঝাউ, ২৯ সেপ্টেম্বর (হি.স.): এশিয়ান গেমসে শুক্রবার সকাল থেকেই একটার পর একটা সোনা এসে পড়ছে ভারতের ঝুলিতে। সকালে সোনা এনে দিয়েছেন ভারতীয় শুটাররা। ছেলেদের ৫০ মিটার থ্রি-পজিশন প্রোনের টিম ইভেন্ট থেকে এসেছে সোনা। এল স্বপ্নিল, ঐশ্বর্য, অখিলদের হাত ধরে। এবার চমকে দিয়ে সোনা জিতলেন পলক গুলিয়া। এতেই শেষ নয়। ১০ মিটার এয়ার পিস্তল থেকে রুপো জিতলেন ভারতের এষা সিং। মেয়েদের এই ইভেন্টে ব্রোঞ্জ পাকিস্তানের কিসমালা তলতের।

ফাইনালে ১৭ বছরের ফরিদাবাদের মেয়ে পলক গেমস রেকর্ড করে জিতলেন সোনা। ২৪২.১ পয়েন্ট স্কোর করেছেন তিনি। মেয়েদের ব্যক্তিগত ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে টোকিও অলিম্পিকে সোনাজয়ী ব্যান্সিং জিয়াংকে তিনি হারালেন। আর হায়দরাবাদের এষা এই রুপোর সঙ্গে জিতে ফেললেন এ বারের এশিয়ান গেমসে মোট চারটে পদক। গগন নারাংয়ের ছাত্রীর মূলত লড়াই ছিল পাকিস্তানের তলতের সঙ্গে। ১০ শটের পর তলতকে ছাপিয়ে গেছেন এষা। প্রতিটা শট নিখুঁত করেছেন। তা শেষ চারটে শট ছিল ১০, ১০.১, ১০.২, ১০.৫। বোঝাই যাচ্ছে পাকিস্তানের তলতকে হারাতে মরিয়া হয়ে উঠেছিলেন এষা।

## হাবড়ায় বিজেপির মধ্যেই দ্বন্দ্ব!

হাবড়া, ২৯ সেপ্টেম্বর (হি.স.): বিজেপিতে ফের সাংগঠনিক-দ্বন্দ্ব, এবার ঘটনাস্থল উত্তর ২৪ পরগনার হাবড়া। বিজেপির দলীয় কার্যালয়ে ভাঙচুর চালিয়ে তালা লাগিয়ে দিলেন বিক্ষুব্ধ বিজেপি কর্মীরাই। বিজেপি জেলা সভাপতির বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন দলীয় কর্মীদের একাংশ। টাকার বিনিময়ে মণ্ডল সভাপতি করার অভিযোগ উঠেছে জেলা বিজেপি সভাপতির বিরুদ্ধে। যদিও, নিজের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন জেলা বিজেপি সভাপতি। বিজেপির রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার না আসা পর্যন্ত তালাবন্ধই থাকাবে কার্য্যালয়, এমনটাই হুঁশিয়ারি দিয়েছেন বিক্ষুব্ধ দলীয় কর্মীরা। দলীয় কার্যালয়ে তালা দেওয়ার পর বৃহস্পতিবার রাতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি কর্মী সুখদেব দাস বলেছেন, যাঁরা আমাদের ওপর হামলা চালিয়েছিল, সে এখন মণ্ডল সভাপতি পদে বসে রয়েছে।

# জুয়েল এন্টারপ্রাইজেস উৎসব উপহার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** শারদীয়া ও দীপাবলি উপলক্ষে ইন্দ্রনগর স্থিত জুয়েল এন্টারপ্রাইজ কেনাকাটার উপর বিশেষ আকর্ষণীয় উপহার রেখেছে ক্রেতাদের জন্য। আজ সাংবাদিক সম্মেলনের প্রতিষ্ঠানের কর্ণধার খালিদ মিয়া জানান পাঁচ হাজার টাকা কেনাকাটার উপর থাকছে একটি লাকি ড্রপ কুপন। তাছাড়া থাকছে যে কোন প্রকার কেনাকাটার উপর ২৫শতাংশ ছাড়। লাকি ড্রপ কুপনে প্রথম পুরস্কার হিসেবে থাকছে একটি ফ্রিজ। দ্বিতীয় পুরস্কার হিসেবে থাকছে ওয়াশিং মেশিন তৃতীয় পুরস্কার হিসেবে থাকছে এলইডি টিভি। আগামী পয়লা অক্টোবর থেকে ১৪ ই নভেম্বর পর্যন্ত এই বিশেষ উৎসব সমাহর হোক থাকছে জুয়েল এন্টারপ্রাইজে। একই ছাদের তলায় আসবাবপত্র সহ বিভিন্ন প্রয়োজনীয় সামগ্রী যা আপনার স্বপ্নের ঘর সাজাতে সাহায্য করে।

## লুটপাট

● **প্রথম পাতার পর**

পুলিশের সামনেই নাকি বেশ কিছু বার্মিজ সিগারেট গাড়ি থেকে লুটতরাজ চালায় প্যারাডাইস ক্লাবের সদস্যরা। গতকালের এই ঘটনায় পানিসাগর থানার পুলিশ দুইজনকে এখন পর্যন্ত গ্রেফতার করেছে এরা হলো বাবুল নাথ এবং শিরজিত মল্লিক। দুর্গাপূজার এখনো ২০ দিনের উপর বাকি রয়েছে আরও কত কি ঘটবে তার জন্য সাধারণ মানুষ তটস্থ হয়ে আছে বিভিন্ন ক্লাব কর্তৃপক্ষের সদস্যদের কাণ্ডকারখানার উপর। এসডিপিও সৌম্য দেববর্মা জানিয়েছেন পানিসাগর থানায় ১১/২৩ নম্বরে একটি মামলা নেওয়া হয়েছে, যা ভারতীয় দণ্ডবিধির ৩৭৯/ ৩৮৭/ ৩২৫/ ৫০৬ এবং ৩৪ নং ধারায় গৃহীত হয়েছে।

## আহ্বান মন্ত্রীর

● **প্রথম পাতার পর**

বিদ্যুৎ সংযোগের তথ্য যেন সঠিক ভাবে দেওয়া হয়, যাতে বিদ্যুৎ সরবরাহ ত্রুটি মুক্ত করা যায়,। বড় বাজেটের পূজো উদ্যোক্তারা যেন বিকল্প ব্যবস্থা হিসাবে জেনারেটরের বন্দোবস্ত রাখেন সেই অনুরোধও করেন তিনি। প্রতিমা নিরঞ্জনের জন্য কোন রাস্তা ব্যবহার করা হবে তা যেন আগাম জানানো হয় সেই অনুরোধ করেন। বিদ্যুতমন্ত্রী জানান পঞ্চমী তিথি থেকে বিজয়া দশমীর পরদিন পর্যন্ত সকল শ্রেণীর বিদ্যুৎ কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে।এদিকে, দূর্গাপুজোর সময় হুক লাইনের মাধ্যমে বিদ্যুৎ চুরি করবেন না। কারণ, পূজোর সময় হুক লাইন ব্যবহার করা হলে ট্রান্সফরমারের ক্ষতি হওয়ার সম্ভাবনা প্রবল। আজ সাংবাদিক সম্মেলনে বিভিন্ন ক্লাবগুলোকে হুক লাইনের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহারে বিরত থাকার আবেদন জানিয়ে সতর্ক করলেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ।এদিন তিনি বলেন, হুক লাইনের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার করা হলে বিদ্যুতের তার ছিঁড়ে যাওয়ার সম্ভবনা প্রবল। তাতে যে কোনো দূর্ঘটনা ঘটতে পারে। তাই দূর্গাপুজোর সময় দূর্ঘটনা এড়াতে বৈধ ভাবে বিদ্যুৎ ব্যবহার করার জন্য আবেদন জানিয়েছেন মন্ত্রী।

## ১ অক্টোবর করিমগঞ্জ স্বাস্থ্য বিভাগের সাফাই অভিযানে শ্রম দান

করিমগঞ্জ (অসম) ২৯ সেপ্টেম্বর (হি.স.) : প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে সমগ্র দেশের সঙ্গে ১ অক্টোবর করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগ থেকেও সাফাই অভিযানে শ্রম দান করা হবে। ১ অক্টোবর, রবিবার সকাল ১০ টা থেকে ১ ঘন্টা সব স্বাস্থ্য প্রতিষ্ঠানের সর্বস্তরের সব স্বাস্থ্য কর্মীরা সাফাই অভিযানে শ্রম দান করবেন। এতে ডাক্তার, প্যারামেডিকস, জেলা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, কমিউনিটি হেলথ সেন্টার এবং সাবসেন্টারের প্রোগ্রাম ম্যানেজমেন্ট কর্মকর্তারা জনগণের সহায়তায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করবেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# সেবা প্রকল্প ও পোষণ মাস উপলক্ষ্যে দুদিনের প্রদর্শনী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** 'সেবা সুশাসন, গরীব কল্যাণ' এর ৯ বছর পুর্তি, পিএম বিশ্বকর্মা প্রকল্প এবং পোষণ মাহ উপলক্ষে ভারত সরকারের তথ্য এবং সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, আগরতলা শাখার উদ্যোগে শুক্রবার থেকে আগরতলা আড়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় মাঠে শুরু হয়েছে দুদিনব্যাপী এক প্রদর্শনী।

এদিন এই প্রদর্শনীর উদ্বোধন করেছেন আগরতলা পুর নিগমের ২৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সুভাষ ভৌমিক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নেহেরু যুব কেন্দ্রের অধিকর্তা জবা চক্রবর্তী, এলাকার বিশিষ্ট সমাজসেবী চিত্তরঞ্জন দেব, পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শিল্প কেন্দ্রের জেনারেল ম্যানেজার রাজেশ দেববর্মা এবং চিকিৎসক কনক চৌধুরী।

প্রদর্শনীর উদ্বোধক সুভাষ ভৌমিক বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীর কল্যাণে নানা প্রকল্প চালু করেছেন। বিশেষত পিএম বিশ্বকর্মা প্রকল্পের উপর গুরুত্বারোপ করেন। এই প্রকল্পের সাহায্য নিয়ে আত্মনির্ভর হতে আহ্বান রাখেন। অনুষ্ঠানে পোষণ মাহ উপলক্ষে মা ও শিশুর স্বাস্থ্য নিয়ে আলোচনা করেন চিকিৎসক কনক চৌধুরী। তিনি, অপুষ্টি থেকে রক্ষা পেতে স্থানীয় ফলমূল ও শাকসব্জীর গুরুত্ব তুলে ধরেন। জেলা শিল্প কেন্দ্রের জেনারেল ম্যানেজার রাজেশ দেববর্মা, পিএম বিশ্বকর্মা প্রকল্পের বিস্তারিত সুবিধা আলোচনা করেন। বিশিষ্ট সমাজসেবী চিত্তরঞ্জন দেব অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্পগুলির সুবিধা নিতে আহ্বান রাখেন। অনুষ্ঠানের স্বাগত ভাষনে সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, আগরতলা শাখার ফিল্ড অফিসার সুদীপ্ত কর বলেন, কেন্দ্র সরকার জনসাধারণের কল্যাণে বিভিন্ন প্রকল্প চালু করে। এইসব প্রকল্পগুলির সুবিধা নিতে মানুষকে সচেতন করতে তথ্য এবং সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন এই ধরনের প্রদর্শনীর আয়োজন করে থাকে। প্রদর্শনীর দ্বিতীয় দিন শনিবার বিদ্যালয় ছাত্রছাত্রীদের বসে আঁকা প্রতিযোগিতা এবং কুইজ অনুষ্ঠিত হবে। এদিন অনুষ্ঠান থেকে এলাকাবাসীরা অমৃত বাটিকার জন্য মাটি সংগ্রহ করে নেহেরু যুব কেন্দ্রের অধিকর্তা জবা চক্রবর্তীর হাতে তুলে দেন।

## সিপিএম'র

● **প্রথম পাতার পর**

এডিসি বনধ। এই বনধকে সফল করার জন্য তিপ্রাসাদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান করেছেন প্রদ্যুত কিশোর দেববর্মণ। শুক্রবার তিনি নিজ সামাজিক মাধ্যমে জনজাতিদের উদ্দেশ্যে ঐক্যবদ্ধ হওয়ার বার্তা দিয়েছেন। তিনি বলেন তিপ্রা মথা দলের নেতৃত্বরা শুধুমাত্র দিল্লিতে কথা বললে হবে না। দিল্লি পর্যন্ত আওয়াজ পৌঁছাতে হবে যে জনজাতিদের দাবী পূর্ণ করার। তিনি বলেন, শনিবারের বনধের মাধ্যমে গোটা দেশকে বার্তা দিতে হবে যে তিপ্রাসারা তাদের দাবী নিয়ে ঐক্যবদ্ধ। এদিন প্রদ্যোত কিশোর তিপ্রাসাদের উদ্দেশ্যে বলেছেন, নিজেদের বাচ্চাদের জন্য যদি সুন্দর একটি ভবিষ্যৎ দিতে চান তবে আজ এক হয়ে লড়াই করতে হবে,নতুবা জনজাতিরা নিজ ভূমিতেই অবহেলিত হবে। তিনি তিপ্রা মথা দলের নেতৃত্বদের উদ্দেশ্যে বলেন, শনিবারের বনধকে কেন্দ্র করে শুক্রবার রাতেই নেতৃত্বরা যেন নিজ নিজ এলাকায় গিয়ে তিপ্রাসাদের সঙ্গে মিলিত হয়ে বনধকে সফল করার জন্য সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেন। তবে কেউ যেন কোনো ধরনের হিংসার ঘটনা সংঘটিত না করে সেই দিকেও নজর দিতে বলেছেন প্রদ্যোত কিশোর। জরুরীকালীন পরিষেবায় যারা থাকবেন তাদের যেন হেনস্থা না করা হয় সেই বিষয়েও অবগত করেছেন প্রদ্যোত কিশোর। তিনি বলেন, কোনো প্রকার হিংসা ছাড়ায় গোটা দেশকে দেখিয়ে দিতে হবে তিপ্রাসাদের ঐক্য।

## প্রদেশ সভাপতি

● **প্রথম পাতার পর**

জনতা যুব মোর্চা-এর সহ-সভাপতি। আরো জানা গেছে, সবচেয়ে বড় পরিবর্তন আসতে পারে জনজাতি মোর্চার সভাপতি হিসেবে।

দলীয় সূত্রে জানা গেছে, জনজাতি মোর্চার সভাপতি হিসেবে বিকাশ দেববর্মা নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারছেন না। "রাজকীয় বংশোদ্ভূত প্রদ্যোত কিশোর মাণিক্য দেববর্মনের নেতৃত্বে তিপ্রা মথার শক্তিশালী সংগঠনের সামনে,জনজাতি মোর্চার সভাপতি বিকাশ দেববর্মার নেতৃত্বে কোনো শক্তিশালী চ্যালেঞ্জ নিতে ব্যর্থ হয়েছে। বিকাশ দেববর্মা উপজাতী শাখার সভাপতি হওয়ার পরে পরিস্থিতি আরও খারাপ হয়েছে", এমনটাই সূত্র জানিয়েছে। তাই দলীয় ক্ষেত্রে আরো রদ বদল করে দলকে শক্তিশালী করতে নতুন মুখ আনতে চলেছে বিজেপি। এই কারনেই দলীয় হাই কমান্ডের সঙ্গে রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য দেখা করেছেন বলে জানা গেছে।

## করিমগঞ্জ স্বাস্থ্য বিভাগ অসংক্রামক রোগের সেরা বাস্তবায়নের জন্য পুরস্কৃত

করিমগঞ্জ (অসম) ২৯ সেপ্টেম্বর (হি.স.) : করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগ অসংক্রামক রোগের সেরা বাস্তবায়নকারী জেলা হিসাবে পুরস্কৃত হয়েছে। শুক্রবার গুয়াহাটিতে অনুষ্ঠিত 'স্বাস্থ্য মন্থন' অনুষ্ঠানে রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশন বা এনএইচএম এর মিশন ডিরেক্টর ডা. এম.এস. লক্ষ্মীপ্রিয়া করিমগঞ্জের স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক ডা. রাজীব বরুয়া, এনএইচএমের ডিপিএম হানিফ মোহাম্মদ কৌশর আলম এবং এনএইচএমের ডিএমই সুমন চৌধুরীকে রাজ্য স্তরের বিভিন্ন আধিকারিকদের উপস্থিতিতে পুরস্কার প্রদান করেন। মুখ্যত অসংক্রামক রোগ ক্যান্সার, ডায়াবেটিস, কার্ডিওভাসকুলার ডিজিজ এবং স্ট্রোক প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য ২০১০ সালে জাতীয় কর্মসূচি (এনপিসিডিসিএস) চালু করা হয়েছিল। এর মূল উদ্দেশ্য হচ্ছে পরিকাঠামো শক্তিশালীকরণ, মানবসম্পদ উন্নয়ন, স্বাস্থ্য প্রচার, প্রাথমিক রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা।কর্মসূচিটি জেলার বিভিন্ন স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্রের মাধ্যমে পরিচালিত হচ্ছে। এতে এল. প্রকাশ সিংহ হলেন জেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর, যিনি প্রোগ্রামটি দেখাশোনা করেন।

## হাইলাকান্দিতে বাগানের বোনাস ১০ অক্টোবরের মধ্যে দেবার নির্দেশ

হাইলাকান্দি (অসম) ২৯ সেপ্টেম্বর (হি.স.) : হাইলাকান্দি জেলার ১৯ টি চা-বাগানে আগামী ১০ অক্টোবরের মধ্যে বোনাস বন্টন শেষ করতে প্রশাসন থেকে জানিয়ে দেওয়া হয়েছে। হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে হাইলাকান্দি জেলা আয়ুক্তের সভাকক্ষে বাগান কর্তৃপক্ষ এবং চা শ্রমিক ইউনিয়ন গুলির সঙ্গে সম্প্রতি অনুষ্ঠিত এক বৈঠকে প্রশাসন থেকে একথা জানিয়ে দেওয়া হয়েছে। জেলা আয়ুক্ত নিসর্গ হিভারের পৌরোহিত্যে অনুষ্ঠিত সভায় ডিডিসি অ্যালডার্ড ফারহীন জানান ১০ অক্টোবরের পর বোনাস ঘোষণা বা বন্টন করা হলে যদি কোন প্রতিকুল অবস্থার সৃষ্টি হয় তবে সেজন্য বাগান কর্তৃপক্ষ দায়ী থাকবেন। সভায় প্রশাসন থেকে ব্যাংক কর্তৃপক্ষকে কম মূল্যের টাকার নোট এর পর্যাপ্ত ব্যবস্থা করতে বলা হয়। পুলিশ প্রশাসন থেকে জানিয়ে দেওয়া হয় বোনাসের টাকা ব্যাংক থেকে নিয়ে যাবার সময় পুলিশের সঙ্গে যোগাযোগ করা হলে নিরাপত্তার বন্দোবস্ত করা হবে। আবগারি বিভাগকে বোনাস বন্টনের পর থেকে দূর্গা পূজার প্রতিমা নিরঞ্জন পর্যন্ত ঘনঘন বেআইনি মদ উদ্ধার অভিযান জোরদার করতে বলা হয় সভায়। শ্রম বিভাগকে বোনাস প্রদানের গোটা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহযোগিতা করার নির্দেশ দেওয়া হয় সভায়।

# 'স্বচ্ছতা হি সেবা অভিযান' 'জন-আন্দোলন'-এর রূপ নিয়েছে

**নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর।।** 'বর্জ্যমুক্ত ভারত' নামে 'স্বচ্ছতা হি সেবা অভিযান' দেশজুড়ে গত ১৫ দিন ধরে উদযাপিত হচ্ছে। পরিচ্ছন্নতা গড়ে তোলাই হল এর মূল প্রতিপাদ্য বিষয়। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর স্বচ্ছতা অভিযানের ডাকে সাড়া দিয়ে এ পর্যন্ত প্রায় ৩২ কোটি মানুষ দেশব্যাপী এই অভিযানে যোগ দিয়েছেন। প্রতিদিন গড়ে ২ কোটি ৩০ লক্ষ মানুষ এতে অংশ নেন। এর মধ্য দিয়ে দেশের ঐক্য ও সঙ্কল্পবোধ প্রতিভাত হচ্ছে। এই জন-আন্দোলন নানাভাবে ফলদায়ক হয়েছে। দেশের ৭৫ শতাংশ গ্রাম উন্মুক্ত স্থানে শৌচমুক্ত গ্রাম হিসেবে চিহ্নিত হয়েছে বলে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত জানিয়েছেন। তার পাশাপাশি কঠিন ও তরল বর্জ্য নিষ্কাষণের ব্যবস্থা করা হয়েছে। এর মাধ্যমে পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধির প্রতি সরকারের অবিচল সঙ্কল্প ফুটে ওঠে।যে ৩২ কোটি মানুষ গত ১৪ দিনে এই অভিযানে অংশ নিয়েছেন তাঁদের মধ্যে প্রায় ১৫ কোটি মানুষ শ্রমদানে অংশ নেন। ৫,৩০০ সমুদ্র সৈকত, ৪,৩০০ নদীর পাড় এবং জলখাতের পুনরুন্নয়ন ইত্যাদি এই কর্মসূচির আওতায় আনা হয়। এই প্রচুর সংখ্যক মানুষের অংশগ্রহণের মধ্য দিয়ে জন-আন্দোলনের যে শক্তি তা প্রকাশ পাচ্ছে এবং দ্রুত সামাজিক রূপান্তর ঘটাচ্ছে।১৫ দিনব্যাপী এই পরিচ্ছন্নতা অভিযানের চূড়ান্ত রূপ প্রকাশ পাবে পয়লা অক্টোবর। 'এক তারিখ, এক ঘন্টা, এক সাথ' অর্থাৎ, সকাল ১০টার সময় ১ ঘন্টার জন্য পরিচ্ছন্নতার উদ্দেশ্যে স্বেচ্ছা শ্রমদান দেশজুড়ে বিভিন্ন স্থানে উদযাপিত হবে। সমাজের সমস্ত স্তরে পরিচ্ছন্নতার গুরুত্বকে তুলে ধরতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 'মন কি বাত'-এর ১০৫তম অধ্যায়ে সমস্ত নাগরিকের কাছে পয়লা অক্টোবর সকাল ১০টার সময় ১ ঘন্টা স্বেচ্ছা শ্রমদানের আহ্বান জানিয়েছেন। গান্ধী জয়ন্তীর প্রাক্কালে 'বাপু'র প্রতি 'স্বচ্ছাঞ্জলি' প্রদর্শনে নাগরিকদের যৌথভাবে সামিল হতে বলেন তিনি।সরকারের বিভিন্ন দপ্তর স্বচ্ছ ভারত অভিযানে অংশ নিচ্ছে। পর্যটন মন্ত্রক ১০৮টি স্থানে পরিচ্ছন্নতা অভিযানের অঙ্গ হিসেবে পরিচ্ছন্নতার জন্য জীবনশৈলী (LiFE) সংক্রান্ত ভ্রমণ কর্মসূচি গ্রহণ করেছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক দেশজুড়ে সমস্ত সিনেমা হল-এ পরিচ্ছন্নতার ওপর ভিডিও প্রদর্শন সুনিশ্চিত করেছে।এই পরিচ্ছন্নতা অভিযানের আরও একটি উল্লেখযোগ্য দিক হল সাফাই কর্মীদের জন্য কল্যাণমূলক কাজের উদ্যোগ। তাঁদের জন্য স্বাস্থ্য পরীক্ষা শিবির, যোগ শিবির ইত্যাদির আয়োজন করা হয়। বহু সংখ্যক মহিলা একটি গ্রামকে বেছে নিয়ে সেখানে স্বেচ্ছায় শ্রমদান করছেন। স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের মধ্যেও এই অভিযান ব্যাপক সাড়া ফেলেছে।জন-কর্মসূচির অঙ্গ হিসেবে স্বচ্ছতা শপথ, স্বচ্ছতা দৌড়, মানবশৃঙ্খল, অফিস ও সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা অভিযান, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জন এবং বর্জ্যকে শূন্যে নামিয়ে নিয়ে আসার জন্য শপথ নেওয়া যার মধ্য দিয়ে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলা সম্ভব হয়।'স্বচ্ছতা হি সেবা, ২০২৩' অভিযানে স্বেচ্ছা শ্রমদান এবং জনসাধারণের অংশগ্রহণের মধ্য দিয়ে দেশের একতা ফুটে উঠেছে। ব্যক্তি, সম্প্রদায় এবং সরকারি সংস্থার এক যৌথ অংশগ্রহণের মধ্য দিয়ে 'স্বচ্ছ ভারত মিশন' এক সফল এবং কার্যকরী ব্যবস্থা হিসেবে প্রকাশ পেয়েছে।

# দুর্গাপুরে নিখোঁজ ছাত্রের রেল লাইনের পাশ থেকে রহস্যজনক মৃতদেহ উদ্ধার

দুর্গাপুর, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : নিখোঁজ ছাত্রের রেললাইনের পাশে রহস্যজনক মৃতদেহ উদ্ধার হল। শুক্রবার ঘটনাকে ঘিরে বিস্তর চাঞ্চল্য ছড়িয়েছে শিল্পশহরজুড়ে। পুলিশ সুত্রে জানা গেছে, মৃত ছাত্রের নাম বিতান ঘোষ (১৭)। দুর্গাপুরের অমরাবতী সিআরপিএফ গ্রুপ সেন্টারের বাসিন্দা। দুর্গাপুরের ডিএসপি টাউনশিপের একটি বেসরকারি ইংরাজি মাধ্যম স্কুলের একাদশ শ্রেণীর ছাত্র। সিটিসেন্টারে একটি কোচিং সেন্টারেও পড়ত। জানা গেছে, সম্প্রতি সেখানে পরীক্ষা ছিল। সেই পরীক্ষায় বিতানের ফল আশানুরূপ হয়নি। বাড়ি ফিরে মায়ের কাছে বকুনি খায়। বৃহস্পতিবার দুপুরে বিতান সিটি সেন্টারের ওই কোচিং সেন্টারে গিয়েছিল। বিকালে শরীর অসুস্থ থাকায় কোচিং সেন্টার থেকে বেরিয়ে যায় সে। তারপর রাতে আর বাড়ি ফেরেনি। পরিবার সুত্রে জানা গেছে, চারিদিকে খোঁজখবর করেও খোঁজ পাওয়া যায়নি। শুক্রবার সকালে গ্যামন ব্রিজ এলাকায় রেল লাইনের পাশ থেকে তার ক্ষত বিক্ষত দেহ উদ্ধার হয়। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌছায় রেল পুলিশ। বিতানের পরনে ছিল কোচিং সেন্টারের ড্রেস। রেল পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আসানসোল জেলা হাসপাতালে নিয়ে যায়। জানা গিয়েছে, বুধবার মায়ের কাছে বকুনি খাওয়ার পর থেকে চুপচাপ ছিল বিতান। প্রশ্ন, কোচিং সেন্টারে গিয়ে নিখোঁজ হয়ে যাওয়ার পিছনে অভিমানের জেরেই আত্মহত্যা, না কি তার মৃত্যুর পিছনে অন্য কোন কারন রয়েছে?উল্লেখ্য গত ২৭ জানুয়ারী মোবাইল গেম খেলায় আসক্ত। তিনদিন নিখোঁজের পর জলাশয় থেকে পচাগলা মৃতদেহ উদ্ধার হল স্কুলছাত্রের। বৃহস্পতিবার চাঞ্চলদুর্গাপুর পলাশডিহায় জলাশয় থেকে কৌশল সাউ(১৭)। নামে এক নিখোঁজ ছাত্রে মৃতদেহ উদ্ধার হয়েছিল। দুর্গাপুরের পলাশডিহার বাসিন্দা কৌশল একাদশ শ্রেনীর ছাত্র। তার আগে ২৪ জানুয়ারী দুর্গাপুর স্টেশন সংলগ্ন রেল লাইন থেকে প্রীতম পোড়েল নামে নিখোঁজ স্কুল ছাত্রের মৃতদেহ উদ্ধার হয়। তারপর এদিনের ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে শিল্পশহর জুড়ে। যদিও পুলিশ জানিয়েছে, 'ঘটনার তদন্ত শুরু হয়েছে।'

# খড়্গাপুরে সোনার দোকানে লুটের চেষ্টার কিনারা কয়েক ঘণ্টায়

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : খড়্গাপুর শহরের গোলবাজারে গয়নার দোকানে ডাকাতির চেষ্টার ঘটনায় গ্রেফতার হল মোট পাঁচ জন। শুক্রবার দুপুরে ডাকাতির চেষ্টা এবং গুলি চালানোর কয়েক ঘণ্টার মধ্যে বড় সাফল্য পেল রাজ্য পুলিশ।ভিন্‌রাজ্যে পালানোর সময় ড্রোন উড়িয়ে ওই ডাকাতদলকে পাকড়াও করা হয়। রানাঘাট এবং পুরুলিয়ায় ডাকাতির মতো এই ডাকাতির চেষ্টার পিছনেও বিহার-যোগ পাচ্ছেন তদন্তকারীরা। জানা গিয়েছে, ধৃতেরা প্রত্যেকেই বৈশালী জেলার বাসিন্দা।শুক্রবার সকালে সাড়ে ১১টা নাগাদ ডাকাতির চেষ্টা হয় গোলবাজার এলাকায় একটি গয়নার দোকানে। কিন্তু সুবিধা করতে না পেরে গুলি চালিয়ে পালিয়ে যায় ডাকাতদল। গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন গয়নার দোকানের মালিক আশিসকুমার দত্ত। খবর পেয়ে সঙ্গে সঙ্গে ডাকাতদলের খোঁজ শুরু করে পুলিশ। তন্ন তন্ন করে খোঁজ শুরু হয়।কিছু ক্ষণের চেষ্টায় দুষ্কৃতীদের ধরাছোঁয়ার মধ্যেও পেয়ে যান তদন্তকারীরা। পুলিশ সূত্রে খবর, ওই ডাকাত দলটি খড়্গপুর শহর থেকে কলকাতা-মুম্বই ৬ নম্বর জাতীয় সড়ক ধরে লোধাশুলির দিকে রওনা দিয়েছিল। তাদের ধাওয়া করে খড়্গাপুর টাউন থানার পুলিশ। অন্য দিকে, পুলিশ পিছু নিয়েছে দেখে ফেকো মোড়ের কাছে জাতীয় সড়ক থেকে বাঁদিকে ঢুকে পড়ে ডাকাত দলের গাড়ি। তার পর গোপীবল্লভপুর হয়ে ওড়িষার দিকে রওনা দেয় তারা।সঙ্গে সঙ্গে শুরু হয় ঝাড়গ্রাম জেলা পুলিশের সঙ্গে যোগাযোগ। পুলিশের উচ্চপদস্থ আধিকারিক-সহ বেলিয়াবেড়া থানার রান্টুয়া এলাকায় একটি পুলিশ বাহিনী পৌঁছে যায়। তারা সেখানে ব্যারিকেড তৈরি করে। একটি সাদা রঙের গাড়িকে সন্দেহ হয় তাদের। এত পুলিশ দেখে গাড়ি থেকে নেমে পাঁচ জন দৌড় শুরু করে। সঙ্গে সঙ্গে তাদের ধাওয়া করে পুলিশ।বেলিয়াবেড়া থানা, গোপীবল্লভপুর থানা-সহ ঝাড়গ্রাম জেলার বিভিন্ন থানা থেকে বিশাল সংখ্যক পুলিশ দিয়ে এই তল্লাশি অভিযান চলে। বেলিয়াবেড়া থানার বালিয়া এলাকায় ড্রোন ওড়ানো হয়। তার পরেই ধান জমি থেকে ডাকাতদলের ৫ সদস্যকে পাকড়াও করে পুলিশ।

# তৃণমূলের দিল্লি অভিযানের বিশেষ ট্রেন মিলছে না

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : বকেয়া আদায়ে তৃণমূলের 'দিল্লি চলো' কর্মসূচিতে বাধা পড়ল। শনিবার দলের কর্মীদের দিল্লি যাওয়ার জন্য ট্রেনে বিশেষ ট্রেনের আবেদন করেছিল তৃণমূল। কিন্তু শুক্রবার পূর্ব রেলের তরফে জানানো হয়েছে, কোচের অভাবে বিশেষ ট্রেনের ব্যবস্থা করা যাচ্ছে না।এক্স হ্যান্ডেলে এই খবর জানানো হয়েছে তৃণমূলের তরফে। তবে শাসকদলের স্পষ্ট হুঁশিয়ারি, যতই আটকানোর চেষ্টা হোক, মাথা নত করবে না তৃণমূল। আন্দোলন জারি থাকবেই।যদিও এ বিষয়ে পূর্ব রেলের দাবি, তাদের কাছে দলের তরফে কোনও আবেদন করা হয়নি। মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, ''আমাদের কাছে আবেদন আসেনি। আইআরসিটিসি গ্রুপ জেনারেল ম্যানেজারের কাছে আবেদন জানিয়ে ছিল তৃণমূল। তারা আমাদের কাছে ট্রেন চায়। রেক না থাকায় দিতে পারিনি।''উল্লেখ্য, কেন্দ্রের কাছে বকেয়া আদায়ের দাবিতে দিল্লিতে তিনদিনের কর্মসূচি রয়েছে তৃণমূলের। শনিবার সকাল ৮ টায় বিশেষ ট্রেনে তাঁদের দিল্লি রওনা হওয়ার কথা ছিল। রবিবার দিল্লি পৌঁছে ২ ও ৩ অক্টোবর টানা ধরনা, প্রতিবাদ কর্মসূচি রয়েছে। অভিযানে যোগ দিতে বিভিন্ন জেলা থেকে তৃণমূল কর্মীরা ইতিমধ্যেই পৌঁছে গিয়েছেন কলকাতায়। নেতাজি ইনডোর স্টেডিয়ামে তাঁরা রয়েছেন। শুক্রবার বিকেলেই রেলের তরফে দুঃসংবাদ এল তাঁদের কাছে। বিশেষ ট্রেন দেওয়া যাচ্ছে না।

# অভিষেকের নাম না করে তরা-র তদন্ত নিয়ে কড়া নির্দেশ বিচারপতির

কলকাতা, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : দলের পূর্ব ঘোষিত কর্মসূচিতে ৩ অক্টোবর দিল্লিতে থাকবেন বলে জানিয়েছেন তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আবার ওই দিনই তদন্তের জন্য তাঁকে ডেকেছে ইডি। এই ডাক মানবেন না বলে চ্যালেঞ্জ নিয়েছেন অভিষেক। সোমবার অভিষেকের নাম না-নিয়েও ইডিকে ৩ অক্টোবরের তদন্ত বা অনুসন্ধান নিয়ে কড়া নির্দেশ দিলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিংহ।ইডিকে বিচারপতির নির্দেশ, ৩ অক্টোবরের তদন্ত বা অনুসন্ধান যেন কোনও ভাবেই ক্ষতিগ্রস্ত না হয়। তার জন্য যে কোনও পদক্ষেপ করা যাবে। এই নির্দেশে প্রকারান্তরে মঙ্গলবার অভিষেক যাতে হাজিরা দেন তা নিশ্চিত করতেই বললেন ইডিকে।ওই তদন্তে যুক্ত ইডির সহকারী ডিরেক্টর মিথিলেশকুমার মিশ্রকে সরিয়ে দেওয়ার নির্দেশও দিয়েছেন বিচারপতি সিংহ। তিনি ইডিকে জানিয়ে দেন, আত্মবিশ্বাসের অভাব থাকায় মিথিলেশকুমারকে সরিয়ে ৩ অক্টোবরের তদন্তে উপযুক্ত অফিসারকে পদক্ষেপ করতে হবে।


## মুখ্যমন্ত্রী

● **প্রথম পাতার পর**

হচ্ছে। যাতে করে তারা আত্মনির্ভর হয়ে রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে পারেন। অনুষ্ঠানে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক বলেন, যুবক যুবতীরা যাতে আত্মনির্ভর হয়ে উঠতে পারে সেজন্যই এই কর্মসূচি নেওয়া হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে প্রতিটি জেলা থেকে ১০০ জন করে যুবক যুবতী নিয়ে স্বউদ্যোগে শিল্প স্থাপনের জন্য শিবির করা হবে। এই কর্মসূচিতে আজ গোমতী জেলার যুবক যুবতীরা অংশগ্রহণ করেছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রধান সচিব কে এস শেঠি। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি। উপস্থিত ছিলেন ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং। অনুষ্ঠানে 'স্বনির্ভরতা ও স্ব-সমৃদ্ধি' নামক একটি পুস্তিকার আবরণ উন্মোচন করেন অতিথিগণ। এই পুস্তিকার মাধ্যমে বেকার যুবক যুবতীরা কিভাবে সরকারি প্রকল্পগুলি থেকে সাহায্য নিয়ে শিল্প স্থাপন করতে পারে তার উল্লেখ রয়েছে।

## বীরপাড়ায় বোর্ড গড়ল বিজেপি

বীরপাড়া, ২৯ সেপ্টেম্বর (হি. স.) : শুক্রবার আলিপুরদুয়ার জেলার বীরপাড়া ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের বোর্ড গড়ল বিজেপি। পঞ্চায়েত প্রধান পদে সুচিত্রা মল্লিক ও উপপ্রধান পদে আশকুমার তামাং মনোনীত হয়েছেন। এর পরই উল্লাসে ফেটে পড়েন বিজেপি নেতা-কর্মীরা।বিজেপির জেলা সভাপতি তথা মাদারিহাটের বিধায়ক মনোজ টিগ্গার আশ্বাস, বীরপাড়াকে দুর্নীতি মুক্ত পঞ্চায়েত উপহার দেবে বিজেপি। পঞ্চায়েতের বোর্ডকে সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন তৃণমূলের মাদারিহাট বীরপাড়া ব্লক কমিটির সভাপতি জয়প্রকাশ টোপ্পো। মাদারিহাট বীরপাড়া ব্লকের ১০টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৮টির বোর্ড গঠন হয়েছে আগেই। ওই ৮টিতে পঞ্চায়েত সদস্যর সংখ্যার নিরিখে এগিয়ে ছিল তৃণমূল। রাঙ্গালিবাজনা ও বীরপাড়ায়(১ নম্বর) তৃণমূল ও বিজেপির পঞ্চায়েত সদস্যের সংখ্যা ছিল সমান সমান। ওই দু'টি বোর্ড গঠনের দিনক্ষণ ঠিক করেও পিছিয়ে যায় প্রশাসন।প্রশাসনের তরফে নোটিশ জারি করে জানানো হয়, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কার খবর পেয়েই বোর্ড গঠনের প্রক্রিয়া পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।



# মাস্টার ক্রিকেটার্স-এর উদ্যোগে বিশ্বকাপ ক্রিকেট নিয়ে ক্যুইজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর ।। ত্রিপুরা মাস্টার ক্রিকেটার্সের উদ্যোগে বিশ্বকাপ ক্রিকেট নিয়ে ক্যুইজ এগিয়ে চলেছে। বৃহস্পতিবার প্রগতি কোচিং সেন্টারে হয় ক্যুইজ। বিভিন্ন বয়সের ক্রিকেটার মধ্যে এই ক্যুইজ হলেও সেখানে উপস্থিত অভিবাবকরাও উৎসাহের সাথে অংশ নেন। ক্যুইজের শুরুতেই মাস্টার ক্রিকেটারদের পক্ষে বক্তব্য রাখেন আহ্বায়ক হাবুল ভট্টাচার্য, পার্থ সারথি মজুমদার, রাজীব দত্ত ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত জাতীয় রেফারি বাদল চক্রবর্তী এই ধরনের অনুষ্ঠানের গুরুত্ব ব্যাপকভাবে ব্যাখ্যা করেন। উপস্থিত ছিলেন প্রখ্যাত ক্রিকেটার অঙ্কুর দেববর্মা, কমলেশ ভট্টাচার্য, উদয় দেববর্মা, পার্থ দাস ও অরূপ দেববর্মা। পরে ক্যুইজ শুরু হয় ।বিভিন্ন বয়সের ক্রিকেটার সাথে অভিভাবকরা দুর্দান্ত উত্তর দিয়ে জমিয়ে দেন এই ক্যুইজ। সমস্ত অনুষ্ঠানটি সফল করতে সক্রিয় সহযোগিতা করে গেছেন প্রগতি কোচিং সেন্টারের ক্রিকেট কোচ নয়ন দেববর্মা। সমস্ত অনুষ্ঠান সফল করার জন্য সকলকে ধন্যবাদ জানান প্রখ্যাত ক্রিকেটার অরূপ দেববর্মা।

**CORRIGENDUM**

DATE:-19/ 09/2023

**(AGAINST PNIeT No. 11/EE/DWS/DIVN/SBM/2023-24)**

Due to un-avoRdaeie circumstances the PNIeT No. 11/EE/DWS/DI VN/SBM/2023-24 circulated vide this office Memo. No. F.7(0S)/EE /DWS/DIVN/SBM/1948-2002, Dt.: 11.09.2023 published in the website www.tripuratenders.gov.in on 14.09.2023 is hereby cancelled.

FOR & ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA.

(Er.R. D. Barana)
Executive Engineer
DWS Division, Sabroom
South Tripura District

ICA/C-2486/23

**NOTICE INVITING TENDER (NIT) NO: 07/EE/Divn.III/PWD(R&B)/2023-24**

The Executive Engineer, Agartala Division No.III, PWD(R&B), Agartala, West Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:
1. Name of work: Mtc. of ACP Sheets of the cantilever portion of the Gymnasium _ building at NSRCC Agartala.
2. Estimated Cost: Rs/- 41,62,935.00
3. Bid Fee: Rs/-1,000.00
4. Last date & time for online Bidding: on 09.10.2023 upto 3:00 PM
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

Executive Engineer
Agartala Division No.III, PWD(R&B),
Agartala, West Tripura

ICA/C-2477/23

**NIT NO: e-PT-31 (EE/RDAD/2023-24 Dt. 27/09/2023**

The Executive Engineer, R D Agartala Division, R D Department, Agartala, West Tripura invites percentage rate e-tender (two bid) in Tripura PWD Form No. 7 from eligible bidders up to 3.00 P.M. of 11/10/2023 for 3 (Three) nos works. For details, visit website https://tripuratenders.gov.in and contact at 0381 2325988. Any subsequent corrigendum will be available in the website only.

RD Agartala Division
Gurkhabasti, Agartala

ICA/C-2456/23

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 11/EE/SNM/PWD/2023-24, Dt: 26/09/2023.**

The Executive Engineer, Sonamura Division, PWD(R&B), Sonamura, Sepahijala, Tripura inviteson behalf of the 'Governor of Tripura' 'percentage rate e-tender' up to **3.00 P.M. on 10/10/2023** for the following works:

| Sl No | Name of work | Estimated Cost | Earnest Money | Time for completion |
|---|---|---|---|---|
| 1 | DNIT No.51/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24. | Rs. 40,77,562.50 | Rs. 81,551.25 | 120 days |
| 2 | DNIT No.53/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 27,18,241.03 | Rs. 54,364.82 | 120 days |
| 3 | DNIT No.56/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 33,51,747.64 | Rs. 67,034.95 | 180 days |
| 4 | DNIT No.57/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 29,60,807.05 | Rs. 59,216.14 | 120 days |
| 5 | DNIT No.58/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 30,93,549.32 | Rs. 61,870.99 | 120 days |
| 6 | DNIT No.59/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 29,12,377.85 | Rs. 58,247.56 | 120 days |
| 7 | DNIT No.60/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 38,83,482.15 | Rs. 77,669.64 | 120 days |
| 8 | DNIT No.61/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 46,43,817.54 | Rs. 92,876.35 | 180 days |
| 9 | DNIT No.62/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 43,53,401.26 | Rs. 87,068.03 | 180 days |
| 10 | DNIT No.65/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 33,97,431.13 | Rs. 67,948.62 | 180 days |
| 11 | DNIT No.70/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 32,99,010.09 | Rs. 65,980.20 | 180 days |
| 12 | DNIT No.81/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 38,48,945.41 | Rs. 76,978.91 | 120 days |
| 13 | DNIT No.82/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24 | Rs. 48,14,232.89 | Rs. 96,284.66 | 120 days |

*For more tender details please visit the websites: https://tripuratenders.gov.in*

DNIT No.82/R/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24.

16.09.2023
*(Er. S. Paul)*
*Executive Engineer*
*Sonamura Division, PWD(R&B)*
*Sonamura, Sepahijala, Tripura*

ICA/C-2463/23

The **Executive Engineer**, WRD-I, Kunjaban, Agartala on behalf of the 'Governor of Tripura', re-invites **online percentage rate e-tender** from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate **Class** registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Gov't Organization of other State & Central of appropriate class with experience in similar nature of works on 16/**10/2023** upto 3:00 PM & Tender may likely to be opened on 17 -10-2023 at 4:00 PM, if **possible** for the following work:-

| Sl. No. | DNIT No. | Estimated Cost | Earnest Money | Time for completion |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No.113/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.3,93,192.00. | Rs.7,864.00 | 1(One)month. |
| 2 | DNIeT No. 114/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.4,98,735.00, | Rs. 9,975.00 | 6(Six)months. |
| 3 | DNIeT No.115/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.4,83,617.00 | Rs..9,672.00. | 3(Three)months. |
| 4 | DNIeT No.116/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.7,40,253.00. | Rs.14,805.00. | 3(Three)months. |
| 5 | DNIeT No.117/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs. 6,72,222.00 | Rs.13,444.00 | 3(Three)months |
| 6 | DNIeT No. 118/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs. 4,73,587.00 | Rs. 9,472.00 | 1(One)month. |
| 7 | DNIeT No.119/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.4,34,465.00 | Rs. 8,689.00 | 1(One)month. |
| 8 | DNIeT No. 120/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.4,67,520.00 | Rs.9,350.00 | 6(Six)months. |
| 9 | DNIeT No. 121/EE/WRD-1/DNIeT/2023-24 | Rs.4,98,731.00 | Rs.9,975.00 | 2(Two)months. |

1. **Last date & time for online Bidding:- 16/10/2023 upto 3:00 PM.**
2. TIME AND DATE OF OPENING OF BID:- 17 /10/2023 at 4:00 PM (if possible)

The bid forms and other details including **online activities should be done** in the e-procurement portal **https://tripuratenders.gov.in**

**Note:-** For all details, clauses, terms and condition, etc. may be seen in the DNIeT.

FOR & ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA
**Executive Engineer**
**W.R. Division No. I,**
**Kunjaban, Agartala**

ICA/C-2471/23

## উদয়পুরে প্রাইজমানি মান্থলি দাবার আসর ৮ই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর ।। 'মাসিক' দাবা প্রতিযোগিতা ৮ অক্টোবর। উদয়পুর মহকুমা দাবা সংস্থার উদ্যোগে। সহযোগিতায় মেট্রিক্স চেস আকাদেমি। মহকুমার গিরিধারী পল্লির ফ্লাওয়ার্স ক্লাবে হবে আসর। অনূর্ধ-১৪ বিভাগে। ওই দিন সকাল সাড়ে ৯ টায় শুরু হবে প্রথম রাউন্ডের খেলা। মোট ৫ রাউন্ডের আসর হবে। তাতে অংশ নিতে ইচ্ছুক দাবাড়ুদের ৩০০ টাকা এন্টি ফি সহ ৭ অক্টোবরের মধ্যে নাম জমা দিতে হবে। নাম জমা দিতে হবে মনোরাজ সরকার (৮২৫৯৮০৪৮৩২) বা মেট্রিক্স চেস আকাদেমির কোচ কিরীটী দত্ত-র (৭০০৫২৯১৯৭৬) কাছে। আসরের প্রথম ৫ স্থানাধিকারী দাবাড়ুকে প্রাইজমানি দেওয়া হবে। প্রথম স্থানাধিকারী দাবাড়ু পাবে ১ হাজার টাকা। ওই টাকা স্পনসর করবেন মহকুমা দাবা সংস্থার প্রথম সভাপতি বীরেন্দ্র কুমার চক্রবর্তী। এছাড়া অনূর্ধ-৮,১০ ও ১২ বিভাগের প্রথম ৫ স্থানাধিকারী দাবাড়ুকে পুরস্কৃত করা হবে। মহকুমা দাবা সংস্থার সভাপতি জয়পদ সাহা জানান,'মহকুমার দাবাড়ুদের উন্নতির কথা মাথায় রেখেই তৃতীয় ওই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আসর শুরু করায় লাভবান হচ্ছে মহকুমার দাবাড়ুরা'। খেলা পরিচালনা করবেন আন্তর্জাতিক আরবিটর প্রদীপ কুমার রায়।

## ফুটবল রেফারিদের জাতীয় মানের পরীক্ষার কর্মসূচি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।। ফুটবল রেফারিদের জাতীয় মানের পরীক্ষার সময়সূচী ঘোষিত হয়েছে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন থেকে প্রেরিত বার্তায় রেফারিদের জাতীয় পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কিছুটা পরিবর্তন হয়েছে বলেও জানানো হয়েছে। রেফারিদের জন্য লেভেল পাঁচ পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের হিসেবে যাঁদের বয়স অনূর্ধ ৩৫ বছর তাঁরা এই পরীক্ষার জন্য উপযুক্ত। তবে শুধুমাত্র একবারের জন্য ৩৫ থেকে ৪০ বছরের ২০২৪ এর এই জাতীয় রেফারি পরীক্ষায় বসতে পারবেন। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের নির্দেশিকা অনুযায়ী আগামী বছরের এপ্রিল/মে মাসে এই পরীক্ষা নেওয়া হতে পারে বলে জানানো হয়েছে। জাতীয় পরীক্ষা দেওয়ার জন্য মনোনীত প্রার্থীদের চলতি এক বছরে অন্ততপক্ষে কুড়িটি ম্যাচ পরিচালনায় রেফারি অথবা অ্যাসিস্ট্যান্ট রেফারির ভূমিকায় থাকতে হবে। জাতীয় স্তরের এই রেফারি পরীক্ষার জন্য প্রত্যেককে ফেরত যোগ্য ২০০০ টাকা করে এগজাম ফি প্রদান করতে হবে। উল্লেখ্য অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন প্রযোজ্য দুটো পরীক্ষা অর্থাৎ ফিটনেস টেস্ট এবং থিউরিটিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ হলেই লেভেল ফাইভ জাতীয় মানের স্বীকৃতি পাবেন।

# অপরাজেয় থেকে লীগ অভিযান সম্পন্ন এগিয়ে চলো সংঘের

## এগিয়ে চলো সংঘ: ২ ফ্রেন্ডস ইউনিয়ন: ১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর ।। সুপার লিগে খেলা আগেই নিশ্চিত হয়েছিল। এখন শুধু জয়ের ধারা অব্যাহত রেখে মনোবল উঁচুতে রাখার ইচ্ছা। সেটাই আজ লীগের শেষ ম্যাচে করে নিয়েছে এগিয়ে চলো সংঘ। প্রথমার্ধে গোল হজম করে নিজেদেরকে ব্যাক ফুটে টেনে ফ্রেন্ডস ইউনিয়নকে আত্মতৃপ্তি এনে দিয়েছিল। দ্বিতীয়ার্ধে ঠিক কাম-ব্যাক করার আত্মবিশ্বাসও ছিল তাদের মধ্যে। মাঠের ফলাফল তাই হয়েছে। প্রথমার্ধে এক গোলে পিছিয়ে থেকে দ্বিতীয়ার্ধে পরপর দুই গোল করে দলকে জিতিয়ে খেলোয়াড়, কোচ মূলতঃ যথেষ্ট বুদ্ধিমত্তারও পরিচয় দিয়েছেন। লীগের লড়াই শেষ। যেহেতু লীগের পয়েন্ট সুপার লিগে আসবেনা, সেহেতু এগিয়ে চলো আজ তেমন ঝুঁকি নেয় নি। কার্ড যেহেতু প্রবহমান, তাই এগিয়ে চলো-র খেলোয়াড়রা আজ এতটাই সচেতনতার পরিচয় দিয়েছে, রেফারিকে কার্ড দেখানোর মতো বিব্রত হতে হয়নি। ফ্রেন্ডস ইউনিয়ন কিন্তু চেষ্টার কোনও রকম ত্রুটি রাখেনি।

প্রথমার্ধে এক গোলে লিড নিয়ে একবার ভেবেছিল রক্ষণভাগে চীনের প্রাচীর গড়ে শতভাগ প্রতিরোধ গড়ে তুলবে। কিন্তু দ্বিতীয়ার্ধে এগিয়ে চলো-র আক্রমণাত্মক খেলা ফ্রেন্ডস ইউনিয়নের রক্ষণভাগ ভেঙ্গে পরপর দুই গোল করে জয় ছিনিয়ে নেয়।

স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত টেকনো ইন্ডিয়া চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন লিগ ফুটবল আসরের অন্তিম ম্যাচে এগিয়ে চলো সংঘ দুই-এক গোলের ব্যবধানে ফ্রেন্ডস ইউনিয়ন কে পরাজিত করেছে। এই জয়ের মধ্য দিয়ে এগিয়ে চলো সংঘ এক দিকে অপরাজেয়র ধারা অক্ষুন্ন রাখতে পেরেছে। খেলার ২১ মিনিটের মাথায় ফ্রেন্ডস ইউনিয়নের দেবরাজ জমাতিয়ার গোলে ফ্রেন্ডস ইউনিয়ন ১-০ তে লিড নিলে এগিয়ে চলো সংঘ প্রথমার্ধে গোলটি শোধ করার তেমন সুযোগ পায়নি। দ্বিতীয়ার্ধের ২৫ মিনিটের মাথায় জাবেদিয়া ডার্লং গোলটি শোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনে। খেলার শেষ সময় পর্যন্ত এক-এক গোলে ম্যাচটি অনিমাংসিত হওয়ার পথে এগুলেও ইনজুরি টাইমে কঙ্কন রাভা আরও একটি গোল করলে এগিয়ে চলো দুই-একে জয় পায়। খেলায় অসদাচরনের দায়ে ফ্রেন্ডস ইউনিয়নের অনন্তহরি জমাতিয়া ও জনি জমাতিয়া কে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি পল্লব চক্রবর্তী, অরিন্দম মজুমদার, সুকান্ত দত্ত ও শিবজ্যোতি চক্রবর্তী। উল্লেখ্য, আজ লীগের অন্তিম ম্যাচের শেষে সুপার লিগে উন্নীত চারটি দল ক্রমান্বয়ে হলো ফরওয়ার্ড ক্লাব, এগিয়ে চলো সংঘ, রামকৃষ্ণ ক্লাব ও লাল বাহাদুর ব্যায়ামাগার। এদিকে পয়েন্ট ও গোল ব্যবধানের নিরিখে বীরেন্দ্র ক্লাবকে অবনমন হতে হলো। যার পরিণতিতে আগামী বছর বীরেন্দ্র ক্লাব বি-ডিভিশনে খেলবে।

***এ-ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট***

| দল | ম্যা: | জ: | ড্র: | প: | গোল | প: |
|---|---|---|---|---|---|---|
| ফরোয়ার্ড | ৮ | ৫ | ৩ | ০ | ২০-৬ | ১৮ |
| এগিয়ে চলো | ৮ | ৫ | ৩ | ০ | ১৬-৩ | ১৮ |
| রামকৃষ্ণ | ৮ | ৪ | ৩ | ১ | ১৭-৬ | ১৫ |
| লালবাহাদুর | ৮ | ৪ | ১ | ৩ | ১৯-১২ | ১৩ |
| জুয়েলস | ৮ | ৩ | ১ | ৪ | ১৬-১৬ | ১০ |
| ত্রিবেণী সংঘ | ৮ | ২ | ২ | ৪ | ৭-১২ | ৮ |
| টাউন ক্লাব | ৮ | ২ | ১ | ৫ | ৯-১৮ | ৭ |
| ফ্রেন্ডস ইউ: | ৮ | ২ | ০ | ৬ | ১২-২২ | ৬ |
| বীরেন্দ্র ক্লাব | ৮ | ২ | ০ | ৬ | ৬-২৭ | ৬ |

# অনূর্ধ ১৬ ক্রিকেটারদের ট্রায়াল ক্যাম্প শুরু ৫ই

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর ।। বাছাইকৃত ৩০ জন ক্রিকেটারকে ক্যাম্পে ডাকা হয়েছে তবে ১০ জনকে আরও ১০ জনকে রাখা হয়েছে স্ট্যান্ডবাই হিসেবে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে অনূর্ধ ১৬ বালকদের সিলেকশন ট্রায়াল ক্যাম্প শুরু হচ্ছে আগামী পাঁচ অক্টোবর থেকে। সিয়ের সেক্রেটারি ইনচার্জ জয়ন্ত দে এক প্রেস বিবৃতিতে বাছাইকৃত ক্রিকেটারদের নাম ঘোষণা করেছেন। শিবিরের জন্য বাচাকৃত ক্রিকেটাররা হল: অর্কজিৎ সাহা, আফতাব চৌধুরী, অভ্রজিত দাস, জয় চক্রবর্তী, জয়দীপ দত্ত, অতনু রায়, মহিন চৌধুরী, নীল দেববর্মা, অয়ন রায়, অংশুমান নন্দী, ময়ূখ চক্রবর্তী, আকাশ সরকার, শঙ্খনীল সেনগুপ্ত, সাগর দেবনাথ, সোমরাজ দে, দীপ দেব, সুজিত ঋষি দাস, যথার্থ সিংহ, আয়ুষ মানিক দেবনাথ, নবজিৎ কর, উজ্জয়ন বর্মন, সোম্রাংশু পাল, রিয়াদ হোসেন, সুব্রত চক্রবর্তী, কিষাণ সরকার, নীতিশ কুমার সাহানি, সুরজিৎ দেববর্মা, দেবজ্যোতি পাল, তোজিম দেওয়ান, আরিপ মিয়া। সঙ্গে বাছাইকৃত সাপোর্ট স্টাফরা হলেন: হেড কোচ রাজর্ষি রায় চৌধুরী, কোচ ড় পল্লব দাসগুপ্ত, সুবল চৌধুরী, ফিজিও সোহাগ চন্দ্র সাহা, ট্রেনার বাপী বিশ্বাস। স্ট্যান্ড বাই ক্রিকেটাররা হলো: ঈশ্বরজিত নাগ, শাহিন জামান চৌধুরী, গৌরব রাজ সাহা, সুপ্রতিম দেবনাথ, পিনাক দেব, রাহুল দেবনাথ, শুভম দেবনাথ, রুবেল আহমেদ, রনি রুদ্র পাল, রিয়ান আহমেদ আরমান। স্ট্যান্ড বাই ক্রিকেটারদের কোচ বিশ্বজিৎ দে এবং ট্রেইনার অজয় পাল এর কাছে রিপোর্ট করতে বলা হয়েছে। সকল ক্রিকেটার-রাই পাঁচ অক্টোবর বেলা ৩ টায় এমবিবি স্টেডিয়ামে রিপোর্ট করতে বলা হয়েছে।

# ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বহি:রাজ্যে হাসপাতালে ভর্তি ত্রিপুরার কোচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর ।। ডেঙ্গুতে আক্রান্ত ত্রিপুরার ফুটবল কোচ রাজেশ রায় চৌধুরি। বর্তমানে ভর্তি রয়েছেন হাসপাতালে। মধ্য প্রদেশের জব্বলপুরে। জাতীয় জুনিয়র ফুটবলে ত্রিপুরার কোচ হয়ে জব্বলপুরে গিয়েছিলেন ত্রিপুরা স্পোর্টস স্কুলের কোচ তথা প্রাক্তন ফুটবলার রাজেশ। ওই রাজ্যে পৌঁছার কয়েকদিন পরই জ্বরে আক্রান্ত হয়েছেন তিনি। শরীর খুব খারাপ করায় ভর্তি করানো হয় স্থানীয় হাসপাতালে। শুক্রবার টেলিফোনে রাজেশ বলেন, 'এখন অনেকটা ভালো। দ্রুত সুস্থ হয়ে ওঠার চেষ্টা করছি'।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com



ভাদ্র পূর্ণিমা উপলক্ষ্যে আগরতলা ইসকন মন্দিরে বিশেষ যজ্ঞের আয়োজন করা হয়। ছবি নিজস্ব।

# ভূ-চাষে কৃষকদের উৎসাহিত করা হবে ঃ প্রতিমা ভৌমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** বিলোনীয়ার সার্কিট হাউসে আজ ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট এণ্ড মনিটরিং কমিটির (দিশা) এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। সভায় গ্রামোন্নয়ন, স্বাস্থ্য, বন, পূর্ত, বিদ্যুৎ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, মৎস্য, ক'ষি, উদ্যান, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের এবং সাংসদ এলাকা উন্নয়ন প্রকল্পের কর্মসূচি নিয়ে পর্যালোচনা করা হয়। সভায় কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, দক্ষিণ ত্রিপুরা জেলায় ক'ষকদের ভূ-া চাষে উৎসাহিত করতে হবে। ভূ-া চাষে ক'ষকদের লাভবান হওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়াও গ্রামীণ অর্থনীতির বিকাশে প্রাণীপালন ও মৎস্যচাষে গুরুত্ব দিতে হবে। জেলা দিশা কমিটির সভার পর কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জানান, দক্ষিণ ত্রিপুরা জেলায় সেচ ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সেচের উৎস নির্মাণে জেলায় দু'টি স্প্লইচ গেইট নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে ২০ লক্ষ টাকা। তিনি জানান, সাংসদ এলাকা উন্নয়ন প্রকল্পে জেলায় এখন পর্যন্ত ৭০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। জেলার রাজনগর ও শান্তিরবাজারে দু'টি আদর্শ অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরী করা হবে। সভায় উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত, সহকারি সভাধিপতি বিভীষণ চন্দ্র দাস, বিধায়ক স্বপা মজমদার, বিধায়ক মাইলাফ্রু মগ, বিধায়ক দীপঙ্কর সেন, বিধায়ক অশোক মিত্র, জেলাশাসক সাজবাহিদ এ প্রমুখ। তাছাড়াও জেলার প'ায়েত সমিতির চেয়ারম্যানগণ, পুর পরিষদ ও নগর প'ায়েতের চেয়ারপার্সনগণ, মহকুমা শাসক, বিডিও ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

## আরও একটি বোমা হামলা পাকিস্তানে নিহত ৫

ইসলামাবাদ, ২৯ সেপ্টেম্বর (হি.স.) : পাকিস্তানের খাইবার পাখতুনখোয়ারের হাঙ্গুর দোয়াব থানার এলাকার একটি মসজিদে দুটি আত্মঘাতী বিস্ফোরণে অন্তত পাঁচজন নিহত ও ১২ জন আহত হয়েছেন। শুক্রবার এ বোমা হামলার ঘটনা ঘটে বলে জানিয়েছেন খাইবার পাখতুনখোয়ারের তথ্যমন্ত্রী ফিরোজ জামাল। ধ্বংসস্তূপের নিচে আটকে ৩০ থেকে ৪০ জন এক বিবৃতিতে তথ্যমন্ত্রী ফিরোজ জামাল বলেন, দুই আত্মঘাতী বোমা হামলাকারী একটি গাড়িতে এসে মসজিদের প্রবেশদ্বারে পুলিশ অফিসারদের প্রতিরোধের সম্মুখীন হয়। একজন হামলাকারী মসজিদের বাইরে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হয়, অন্যজন মসজিদের ভেতরে প্রবেশ করে বোমার বিস্ফোরণ ঘটিয়ে নিহত হন।জামাল আরও বলেন, হামলার সময় পুলিশের দুই কর্মকর্তাও আহত হয়েছেন। পুলিশ তাৎক্ষণিক মসজিদের ভেতর থেকে মুসল্লিদের সরিয়ে নিয়ে যায়। পুলিশ কঠোর প্রতিরোধ গড়ে না তুললে পরিস্থিতি আরও খারাপ হতে পারত।এদিকে, হাঙ্গু জেলা পুলিশ কর্মকর্তা (ডিপিও) নিসার আহমেদ হতাহতের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, প্রথম বিস্ফোরণটি থানার প্রবেশপথে ঘটে এবং পরে ঘটনাস্থলে বেশ কিছু লোক জড়ো হয়। কয়েক মিনিট পরে, থানার চত্বরে অবস্থিত একটি মসজিদের ভেতরে আরেকটি বিস্ফোরণ ঘটে।ডিপিও আহমেদ বলেন, জুমার খুতবা চলাকালে দ্বিতীয় বিস্ফোরণটি ঘটে। বিস্ফোরণের মসজিদের ছাদ ধসে পড়ে। ৩০ থেকে ৪০ জন ধ্বংসস্তূপের নিচে আটকে থাকার খবর পাওয়া গেছে।

## রাশিয়ার বিদ্যুৎ সাবস্টেশনে ইউক্রেনের ড্রোন হামলা

কিয়েভ, ২৯ সেপ্টেম্বর (হি.স.) : রাশিয়ার একটি গ্রামের বিদ্যুৎ সাবস্টেশন ইউক্রেনের ড্রোন হামলা। ইউক্রেনের ড্রোন যে গ্রামের বিদ্যুৎ সাবস্টেশনে আঘাত করেছে, সেটির নাম বেলায়া। সীমান্ত থেকে এটি ২৫ কিলোমিটারেরও কম দূরত্বে অবস্থান করছে।রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় তাদের বেলগোরোদ, কুরস্ক ও কুলাগা অঞ্চলে এক ডজনেরও বেশি ড্রোন ভূপাতিত করার খবর জানিয়েছে। কুরস্কের আঞ্চলিক গভর্নর রোমান স্তারোভোয়ত শুক্রবার ভোরে মেসেজিং অ্যাপ টেলিগ্রামে বলেন, ইউক্রেনের একটি ড্রোন বিদ্যুৎ সাবস্টেশন দুটি বিস্ফোরক ফেলেছিল।তিনি বলেন, একটি ট্রান্সফরমারে আগুন ধরে গিয়েছিল।পাঁচটি বসতি ও একটি হাসপাতালের বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। দমকলকর্মীরা ঘটনাস্থলে ছুটে গিয়েছেন। এটি নিরাপদ করার সঙ্গে সঙ্গে পুনরায় বিদ্যুৎ সরবরাহ চালু হবে।রাশিয়ান কর্তৃপক্ষ এর আগে বলেছিল যে, প্রতিবেশী বেলগোরোদ অঞ্চলে দুটি ইউক্রেনীয় ড্রোন ধ্বংস করা হয়েছে। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় বলছে, বৃহস্পতিবার স্থানীয় সময় বিকেল ৫টার দিকে প্রথম ড্রোনটি ভূপাতিত করা হয়। এর চার ঘণ্টা পর দ্বিতীয়টি ভূপাতিত করা হয়।রাশিয়ার রাষ্ট্রীয় বার্তাসংস্থা তাস প্রতিরক্ষা মন্ত্রণালয়কে উদ্ধৃত করে বেলছে, কুরস্ক অঞ্চলে রাতে ১০টি ইউক্রেনীয় ড্রোন ভূপাতিত করা হয়। কালুগা অঞ্চলে একটি ড্রোন ভূপাতিত করেছে রাশিয়া।গত কয়েক সপ্তাহ ধরে রাশিয়ান অঞ্চলে ইউক্রেন হামলা বাড়িয়েছে। রাশিয়ার বিভিন্ন অঞ্চল প্রায়ই ইউক্রেনীয় ড্রোনের হামলার শিকারে পরিণত হচ্ছে। এসব হামলায় বিক্ষিপ্তভাবে ভবন ক্ষতিগ্রস্ত হওয়ার ঘটনা ঘটেছে। এমনকি মস্কোতেও হামলা হয়েছে।

## শান্তিরবাজার বারের মালিক সহ আটক তিন

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৯ সেপ্টেম্বর।।** শান্তির বাজার শহরের প্রানকেন্দ্রে বিশ্বজিৎ বনিক নামে এক যুবক রেষ্টুডেন্টকে অঘোষিত মিনিবারে পরিনত করছে। এই রেষ্টুডেন্টে প্রতিনিয়ত মদের রমরমা আসর চলছে দেখেও কোনোএক অজ্ঞাতকারনে শান্তির বাজারে ব্যাবসায়ীমহল নিবর দর্শকের ভূমিকা পালন করছে। রাজ্যসরকার চাইছে নেশামুক্ত ত্রিপুরা গঠনকরতে এরইমধ্যে শান্তির বাজার শহরের প্রানকেন্দ্রে বগাফারোড স্থিত এলাকায় রাস্তার পাশে রেষ্টুডেন্টে অঘোষিত বারে নেশাকারবারীদের আনাগোনাদেখেও সকলে নিরব দর্শকের ভূমিকা পালনকরছে। বিগতদিনেও পুলিশ অভিযান চালিয়ে বিশ্বজিৎ বনিককে থানায় নিয়েগেলেও কোনোপ্রকারের পরিবর্তন দেখাযায়নি। বিশ্বজিৎ বনিক জামাই আদরে পুলিশের গাড়ীতে থানায় গিয়ে জামিনে চলে এসে পুনরায় নেশার রমরমা ব্যাবসা চালিয়ে যাচ্ছে। অবশেষে শুক্রবার রাতে একইভাবে অভিযানের মাধ্যমে শান্তির বাজার থানার পুলিশ বিশ্বজিৎ বনিকের দোকানে গিয়ে দেশী মদ সহ তিনজনকে আটক করে। যারমধ্যে বিশ্বজিৎ বনিককে মদ বিক্রির অভিযোগে ও বাকি দুইজনকে মদ খাওয়ার জন্য আটককরে থানায় নিয়ে আসে। অভিযুক্ত তিনজনের বিরুদ্ধে হাতে একটি মামলা নিলো শান্তির বাজার থানার পুলিশ। এখন দেখার বিষয় বিশ্বজিৎ বনিকের অঘোষিত বার বন্ধে কি প্রকার পদক্ষেপ গ্রহনকরে ব্যাবসায়ী ও আরক্ষা প্রসাশন।

## মৎস্য চাষে রাজ্যকে স্বনির্ভর করার উদ্যোগ নেওয়া হয়েছে ঃ মৎস্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** মৎস্য চাষে রাজ্যকে স্বনির্ভর করার উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করছে। রাজ্যের সমস্ত জলাভূমিকে মৎস্য চাষের আওতায় আনা হচ্ছে। আজ কাকড়াবন ব্লকের ইচাছড়ায় মৎস্য 'ানার্জন কেন্দ্রের উদ্বোধন করে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী বলেন, উন্নত প্রথায় মৎস্য চাষিদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। মৎস্য চাষিদের আধুনিক প্রথায় মৎস্য চাষে অভ্যস্ত করে তুলতে মৎস্য 'ানার্জন কেন্দ্রের বিশেষ ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক অভিষেক দেবরায় ও বিধায়ক জীতেন্দ্র মজমদার। উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায় ও কাকড়াবন প'ায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা। স্বাগত বক্তব্য রাখেন জেলা মৎস্য কার্যালয়ের উপঅধিকর্তা সুজিত সরকার। সভাপতিত্ব করেন ইচাছড়া গ্রামপ'ায়েতের প্রধান তপন কুমার দেব। উল্লেখ্য, এই মৎস্য 'ানার্জন কেন্দ্রটি নির্মাণে ব্যয় হয়েছে ৪১ লক্ষ টাকা।

## পাঁচ লক্ষ টাকার নেশা সামগ্রী উদ্ধার, ধৃত ২

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** নেশার বিরুদ্ধে যুদ্ধ জারি রেখেছে ত্রিপুরা পুলিশ। তারপরও রাজ্যে নেশাসামগ্রী পাচার ও বিক্রয় পুরোপুরি বন্ধ করা সম্ভব হচ্ছে না। গতকাল রাতে গোপন সংবাদের ভিত্তিতে এক বাড়িতে অভিযান চালিয়ে ৬৫০ বোতল এসকফ এবং ফেন্সিডিল উদ্ধার করেছে সোনামুড়া থানার পুলিশ। সাথে দুইজনকে আটক করা হয়েছে। বাজেয়াপ্ত নেশা সামগ্রীর বাজারমূল্য আনুমানিক পাঁচ লক্ষাধিক টাকা হবে।
জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার গভীর রাতে সোনামুড়া থানায় খবর আসে বেজিমারা গ্রামের বাসিন্দা সবুজ রহমানের বাড়িতে নেশা সামগ্রী মজুত রয়েছে। সেই খবরের ভিত্তিতে পুলিশ, টি এস আর ও ডি আই বি বাহিনী যৌথ ভাবে বাড়িতে তল্লাশি চালিয়ে ৬৫০ বোতল এসকফ এবং ফেন্সিডিল উদ্ধার করেছে। সাথে বড়মুড়ার বাসিন্দা জলিল মিয়া (৪৫), এবং বাঁশ পুকুরের বাসিন্দা আলমগীর হোসেন(৩৬) কে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। তাদের জিজ্ঞাসাবাদ চালাচ্ছে পুলিশ।

## মেরা দেশ অভিযান কর্মসূচি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** আজাদীকা অমৃত মহোৎসব এর অঙ্গ হিসেবে, সময়ে সময়ে রাজ্যে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে,এবং তাযথাযথ ভাবে সফল হয়েছে। দেশের বিকাশের পাশাপাশি দেশাত্মবো ভাবনায়, দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্যই কাজ করে চলেছে সীমান্তরকি বাহিনী যাকে বিএসএফ বলা হয়। তারই অঙ্গ হিসাবে আজ সকাল ১০ ঘটিকার সময় আদমপুর সীমান্তে গ্রামগুলিতে আমার মাটি, আমার দেশ, কর্মসূচি পালন করা হয়।সোনামুড়া মহকুমা বক্সনগর সীমান্তবর্তী, উত্তর কলম চৌড়া গ্রাম পঞ্চায়েতের অধীনে কলম চৌড়া বি ও পির ১৫০ ব্যাটালিয়ন বিএসএফ বাহিনীর জোয়ান এবং কোম্পানি কমান্ডার কমলেশ মিনাজীর এর নেতৃত্বে আদমপুরের পাচ টি বাড়ি থেকে এক কলসি মাটি ভর্তি করে, দেবার জন্য অনুরোধ করেন এবং দেশ সেবার কাজে আত্মনিয়োগ করার দাবি করেন। বিএসএফ শুধু পাহারা দেয় না তারা সামাজিক কাজে নিয়োজিত, মূলত সীমান্ত বাসীদের, দেশাত্মবো ধ, রাষ্ট্র হিত, মানবতাবাদ, দেশাত্মবো জাগ্রত করে,মা মাটি মানুষের জন্য, কাজ করে,আত্মনিয়োগ করার পরামর্শ দেন। জাতীয় পতাকা হাতে নিয়ে মানুষকে সম্মান ভালোবাসা দেখার জন্য বিএসএফ জওয়ান বলেন। এই অনুষ্ঠানে আদমপুরবাসী সহযোগিতা করেছেন।অনুষ্ঠান ছোট পরিসরে করা হলে ও তাৎপর্য ছিল অনেক। এই কর্মসূচিতে রীর শহীদদের প্রতি শ্রদ্ধ জানানোর, জন্যই দেশের পঞ্চায়েত গুলি থেকে মাটি সংগ্রহ করে দিল্লির কর্তব্যপথে নিয়ে যাওয়া।

## জেআরবিটিতে টেকনিক্যাল শূন্যপদ নিয়োগের দাবি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** জে.আর.বি.টি -র মাধ্যমে মেধা তালিকা প্রকাশে ব্যাপক অনিয়মের অভিযোগ তুললো ত্রিপুরা আন এমপ্লয়িড আইটিআই পাম্প অপারেটর কাম মেকানিক পাস আউট স্টুডেন্ট অর্গানাইজেশন। আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে তারা জানান, ২০২১ সালে জেআরবিটি -র মাধ্যমে যখন নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে বিজ্ঞপ্তি প্রকাশ হয়, তখন জুনিয়র অপারেটর পাম্প ২৩৬ জন, জুনিয়র মাল্টি ট্যাস্কিং অপারেটর ২০৯ জন নিয়োগের জন্য যোগ্যতা হিসেবে জানানো হয় এলডিসি মাধ্যমিক সমতুল্য পাস ও কম্পিউটার টাইপিং -এর অভিজ্ঞতা থাকতে হবে। সে সময় টেকনিক্যাল শূন্যপদ পূরণের ক্ষেত্রে মাধ্যমিক সমতুল্য পাস ও যার যার ট্রেড অনুযায়ী এন সি টি/ এন সি ভি টি সার্টিফিকেট প্রয়োজন হয়। কিন্তু অনলাইনে ফর্ম পূরণের সময় কমন ফর্ম ফিলাপ করতে হয়েছে চাকুরী প্রত্যাশী যুবক-যুবতীদের। অর্থাৎ প্রফেশনাল কোয়ালিফিকেশন দাখিল করার কোন প্রকার বাছাই ছিল না এবং পরীক্ষার জন্য যে সিলেবাস ছিল সে ক্ষেত্রেও কমন সিলেবাস ছিল।
কিন্তু দেখা গেছে প্রশ্ন পত্রে এলডিসি কোয়ালিফিকেশন অনুযায়ী কম্পিউটার বিষয় নিয়ে ১৫ নম্বরের প্রশ্ন আসে। টেকনিক্যাল পোস্টগুলির জন্য প্রশ্ন করতে প্রফেশনাল কোয়ালিফিকেশন থেকে কোনরকম প্রশ্ন আসেনি। ১৭০ নম্বরের জন্য লিখিত পরীক্ষার বাছাইয়ে কোনো জায়গায় উল্লেখ করা হয়নি কম্পিউটার সম্পর্কিত প্রশ্ন করা হবে।
এক্ষেত্রে এলডিসি থেকে ১৫ নম্বর পিছিয়ে রয়েছে টেকনিক্যাল চাকুরী প্রত্যাশিত বেকাররা। তারপরও টেকনিক্যাল চাকরির জন্য প্রত্যাশী বেকার যুবকরা অধিকাংশক্ষেত্রেই পাশ মার্ক পেয়ে গেছে। বিজ্ঞপ্তিতে পাস মার্ক ছিল সাধারণ ক্যাটাগরির যুবক যুবতীদের জন্য ৩৫ শতাংশ, অপরদিকে অন্যান্য ক্যাটাগরির অর্থাৎ সংরক্ষিত ক্যাটাগরির জন্য পাশ মার্ক ছিল ৩০ শতাংশ। জেআরবিটি কর্তৃপক্ষ তাদের নির্ধারিত কাট অফ মার্ক থেকে টেকনিক্যাল পোস্ট পূরণ করেনি। সে ক্ষেত্রে পাস মার্ক প্রাপকদের থেকে শূন্যপদ পূরণ করলে ভালো হতো বলে জানিয়েছেন চাকুরী প্রত্যাশীরা। তাদের আরো অভিযোগ বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল ক্যাটাগরি অনুযায়ী ১:৩ অনুপাতে ইন্টারভিউ এর জন্য দেখা হবে। কিন্তু শূন্যপদে সংখ্যা ছিল ২৪১০ জন। তাই পোস্টের যোগ্যতা অনুযায়ী আলাদা করে মেরিট লিস্ট করলে ভালো হতো বলে দাবি করেছেন চাকুরী প্রত্যাশীরা।
অপর গুরুত্বপূর্ণ বিষয়টি হলো জুনিয়র পাম্প অপারেটর ২৩৬ জনের মধ্যে ৫৪ জনের নাম চূড়ান্ত মেধা তালিকায় প্রকাশ হয়েছে। বাকি ৩৩ জন এমন রয়েছে যাদের পাম্প অপারেটর কম মেকানিক এন সি ভি টি সার্টিফিকেট রয়েছে, বাকিরা ক্যাড সার্টিফিকেট প্রাপ্ত। যাদের জুনিয়র অপারেটর পাম্পের জন্য বাছাই করা হয়েছে। তাই তাদের দাবি জুনিয়র মাল্টি টাস্কিং অপারেটর ২০৯ জনের শূন্য পদের মধ্যে ২০১ জনের শূন্য পদ খালি রয়েছে। পাশাপাশি বাকি শূন্য পদগুলোর জন্য জুনিয়র মাল্টিটাস্টি

## সাফাই মিত্র সুরক্ষা শিবির



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** রোদ বৃষ্টি প্রাকৃতিক বিপর্যয় উপেক্ষা করে সাফাই কর্মীরা সারা বছর আগরতলা শহর ও শহরতলী সহ সর্বত্র পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে ব্যস্ত থাকে। তারা ঝুঁকিপূর্ণ কাজেই নিজেদের নিয়োজিত করে থাকেন। সেজন্যই তাদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে আগরতলা পুর নিগমের উদ্যোগে সাফাই মিত্র সুরক্ষা শিবির সংগঠিত করা হয়। শুক্রবার আগরতলা পুর নিগমের কার্যালয়ে আগরতলা পুর নিগমের উদ্যোগে সাফাই মিত্র সুরক্ষা শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ অন্যান্যরা।সাফাই মিত্র সুরক্ষা শিবিরে আগরতলা পুর নিগমের সাফাই কর্মীদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করা হয়। বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদানের পাশাপাশি পুর নিগমের সাফাই কর্মীদের এইদিন বিনামূল্যে ঔষধও প্রদান করা হয়েছে। নিগমের মেয়র দীপক মজুদার জানান এইদিন পুর নিগমের সাফাই কর্মীদের নিয়ে এইদিন স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। ১ অক্টোবর সমগ্র রাজ্যের পাশাপাশি আগরতলা পুর নিগমের প্রতিটি ওয়ার্ডে সাফাই অভিযান সংগঠিত করা হবে।

## মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা প্রকল্পে মাছের পোনা বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ সেপ্টেম্বর।।** মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা প্রকল্পে আগরতলা পুর নিগমের অন্তর্গত ১৪,১৫,১৬ ও ৩৫ নং ওয়ার্ডের বিভিন্ন সুবিধাভোগীদের মধ্যে মাছের চারাপোনা বিতরণ করা হয়েছে। এদিন সুবিধাভোগীদের হাতে মাছের চারাপোনা তুলে দিয়েছেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।
এদিন দীপক মজুমদার বলেন, বর্তমানে রাজ্যের মাছের চাহিদা অনুসারে মাছের প্রজননে বিস্তর ফারাক রয়েছে। তাই সুবিধাভোগীদের মধ্যে মাছের চারাপোনা বিতরণ করে মাছের চাহিদা বাড়ানোর প্রচেষ্টা করা। এদিন সুবিধাভোগীদের হাতে মেয়র মাছের পোনা তুলে দিয়েছেন। আগামী দিনে এর মাধ্যমে রাজ্যে মৎস্যের জোগান আরো কয়েকগুণ বৃদ্ধি পাবে বলে ধারনা করা যাচ্ছে এবং এর ফলে স্ব নির্ভর হবেন মৎস্য চাষিরাও।



সেবা সুশাসন গরিব কল্যাণ ৯ বছর পূর্তি, পিএম বিশ্বকর্মা প্রকল্প এবং পোষণ মাহ উপলক্ষ্যে দুদিন ব্যাপী প্রদর্শনী অনুষ্ঠিত

## মুহুরীপুরে যোগদানসভা



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৯ সেপ্টেম্বর।।** আসন্ন লোকসভা নির্বাচনকে কেন্দ্রকরে প্রতিনিয়ত নানান কর্মসূচী করেযাচ্ছে ৩৮ জোলাইবাড়ী মন্ডল বিজেপি। মন্ডলসভাপতি অজয় রিয়াং এর নেতৃত্বে সংগঠনকে শক্তিশালী করে গরে তুললতে ও আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি মনোনিত প্রার্থীকে বিপুল ভোটে জয়যুক্ত করারলক্ষ্যে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের ১২ নং বুথে মুহুরীপুর আর এফ এলাকায় এক আলোচনাসভা অনুষ্ঠীত করাহয়। আজকের এই আলোচনাসভার মাধ্যমে রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকার রাজ্যের ও কেন্দ্রের সার্বিক উন্নয়নে কি কি কর্মসূচী হাতেনিয়েছে এবং কি কি কর্মসূচী বাস্তবায়ীত হয়েছে তানিয়ে আলোচনা করাহয়। তারপাশাপাশি বক্তারা জানান বিগত বাম আমলে জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রে উন্নয়নমূলক কাজ করাহয়নি। বর্তমানসময়ে জোলাইবাড়ী বিধানসভার সার্বিক উন্নয়নে কাজকরেযাচ্ছেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডলসভাপতি অজয় রিয়াং। তাই জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের ব্যাপকহারে উন্নয়নের স্বার্থে ও রাজ্য, কেন্দ্রের সার্বিক উন্নয়নে আসন্ন লোকসভা নির্বাচনে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রথেকে বিজেপি মনোনিত প্রার্থীকে বিপুলভোটে জয়যুক্ত করারজন্য বিশেষ আহববান জানান বক্তারা। আজকের এই আলোচনাসভা শেষে অনুষ্ঠীত হয় যোগদানসভা। এই যোগদানসভায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ও মন্ডল সভাপতি অজয় রিয়াং এর আদর্শে অনুপ্রানীত হয়ে বিভিন্ন দল ত্যাগকরে ১৬ পরিবারের ৪৩ ভোটার বিজেপিতে যোগদানকরেন। দলত্যাগীদের হাতে দলীয় পতাকা দিয়ে বরন করেনেন মন্ডল সভাপতি অজয় রিয়াং ও যুব আইকন তথা যুব মোর্চার মন্ডল সভাপতি কেশব চেঁধুরী সহ বিজেপির অন্যান্য নেতৃত্ববৃন্দরা।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।